We may take an example of using the myth of 'Gandhi' in our literature. When Satinath Bhaduri portrays ganhi-baoua in relation to develop his main character Dhonrai in *Dhonrai-Charitmanas* (1955), he had actually tried to reflect a fragment of the image of that great national or a good leader who comes to rural common people as unquestionable as God. But when we read *Beej* (1953) of Amrit Rai in Hindi, *Malpalli* (1921) of Unnabha Lakshminarayan in Telugu or *Na Chutke* (1948) by Pannalal Patel in Gujrati, we see that the pasteurization comes with a sociopolitical stance of writers. In Chamanlal's four big novels on Gandhi, this facts become true. In the post independence period, Indian literature may be called as 'Indian National Literature'. All the languages with their diversified socio-cultural background and reality are relentlessly engaged in expressing themselves through literature of their own. With the progress of literacy and urbanization, the middle class despair finds its respite in Indian fiction or poetry, actually in literature as a whole. The diversified Indian literature equates us with national identity because of composite cultural identity. Umasankar Joshi said in 4<sup>th</sup> Samvatsar Lecture of Sahitya Academy : "*Even when we talk of*

*Indian National Literature it will be never in any chauvinistic sense. And we shall always be viewing the composite identity of Indian Literature within the parameters of the composite culture of India.*"<sup>7</sup> The notion of Indian psyche that has been mentioned by Prof. Das, is actually the result of this composite culture of India. The languages of every geographical part of India could be taken care of by the state, and it is possible only through bilingual or trilingual primary education system. If we do not have any mechanism to expand primary education with our MT based multilingual education system with English or Hindi as L2, it will squeeze the readership of the literature; that has been produced in these languages as well. Multilingual state needs an organized MT based multilingual education system. In earlier days we had only MT based education, but then due to many socio-economic turns of colonial administration, we engaged ourselves in learning English though it sometimes resulted in neglecting MT based education. English has always been a language for communication, for inter-social mobility and for bridging ethnic cultures of the country.

### Mother Tongue Education(MTE) and readership of Indian Literature :

"The choice of language is a recurrent challenge in the development of quality education... Speakers of mother tongues, which are not the same as the national... language are often at a considerable disadvantage in the educational system"<sup>8</sup> (UNESCO,2003)

From this disadvantageous position mother tongue education has to start with. As we all know that the basic literary





sense comes to a learner from his/her readings/writings/speaking of L1 in his/her formative primary stage. In some sections of middle class strata of our country, the usage of L1 in primary level education is highly neglected. Geographically the southern and North-Eastern part of our country accept English as L1 in primary level and the pupil are accustomed to it too. In some parts of North-East India, English is a state language and people are used to learn it quite satisfactorily. Though it is a known fact that the educated middle class constitutes the readership of Indian Literature, Indian English Literature in particular. But heterogeneity of ethnic and social component loses its virtue to some extent in this type of non-MT based education system. Expansion of readership of mother tongue literature faces challenges in such system.

All India School Education Survey, seventh in the series of AIES was conducted in 2002 showed us some important findings. It covered 10.31lakh schools, 55.3lakhs teachers and 20 crore pupils of our country. The survey 9 shows:

- 1) 91.95% school teaches two or more language at primary level.
- 2) At Secondary level 86.84% school follow three language formula while at upper-primary Level; it is 90.61% school who follows the formula.
- 3) English used as medium of instruction in Primary level: 12.98%, Secondary level : 25.84%, Higher Secondary level: 33.59% schools.
- 4) 92.07% school at primary level and 91.34% in upper primary school teach through Mother tongue.

Multilingualism of culture and ethnic

diversity of India always needs to be bridged by MT based education, English might act as nascent reagent to that. With this MT based education, one can actually interact and reciprocate his/her living reality to others. In literature we used to see the reflection of this living reality in various ways. These MT based multilingual literary sharing formulate the readership market. So these considerable volume of readers/consumers must be taken into account when we commodify the whole literary corpus of our country. Furthermore, bilingualism is also quite a normal phenomenon in India. One speaks L2 and even L3 for his daily purpose of life. For example, an Indian railway passenger regularly speaks at least a handful of words of L2/L3 to cover up his/her trivial necessities. In cities like Delhi, Kolkata, Mumbai, Pune, Ahmedabad, Chennai, Bangalore, Hyderabad there are huge number of un-organized workers who work for big business concerns, vindicate this multilingual urbanity. Sometimes in school, one can be given two/three languages to learn. But when a learner comes out in reality or enters into the struggle for bread and butter he/she cannot help taking to English as a language for communication. One sometimes does not find appropriate expressions in L1 because of the lack of development of his L1 upto the level of communication in reality. So the development of Indian Bhasha in all respect, should also be taken into account at the time of arguing for MT based (L1) education. Mother Tongue Education (MTE) is the backbone of constituting readership in Bhasha Literature. Indian publishing experience tells us that,



wherever the urban middle class have evolved their own MTE system historically, which is no doubt very rich in literary content, i.e in Bengali, Kannada, Tamil, Malayalam or in Marathi, they have their own market of literature written in their respective languages. Not only that, the translations from other Indian Languages are also taking place side by side. But where MTE had not gained proper impetus or nourishment(due to many pertinent socio-political reason), i.e. in case of Sindhi, Kashmiri, Maithili, Hindustani and some NE languages as well, it is found to fail creating literary market of its own. If widely spoken mother tongue language (L1) is neglected by the 'State', as it is happening nowadays frequently, it actually affects mother-tongue literature or provincial literature. The readership of Bhasha literature is getting narrowed day by day. Publishing houses are increasingly getting interest in Indian English writings because of larger Indian readership. The usage of English language for communication set aside all the cross connection of Bhasha Literature of our country; and often therefore the diversity of Indianness is not going to create any new narrative. The texts written in Bhasha and translated in English mostly give us quite different experience than those written in Indian English. It is not only because of different Indian languages, but for the generalization of differences in narrative. So, translated *Bhasha* literatures, though mainly in English, have been expanding the salient features of commonality of Indianness. Sahitya Academy, National Book Trust, CIIL(Central Institute of Indian Languages) and some other state funded institutes are

tirelessly engaged in this regard. Indian National Literature pleads for unification of Indian ideas of 'Bharatbarsha'. But this idea of unified literature would not work if we don't accept those almost separate entity of *Bhasha* Literature of 'many' Indian Languages.

#### Translation, book market & readership:

In India 'many-language' space is constantly being crossed by each other and people are engaged in mixing their languages for communication in daily life. Translation happens in every sphere of modern life in our country spontaneously, with a creative acumen. As G N Devy has pointed out that India is a country of "translating consciousness"(1993:135). But this natural translation of varieties of dialects and local or communicative code languages, have been over-shaded in the literary translation of Indian Literature. Book market or readership of Indian Literature is not monolithic. It has two specific layers; one is the bhasha literature readership and other the English readership; which I propose as L2. It is also apt to say that a large quantum of capital flow in Indian publishing house of India, who publish English books is making much more profit than other Indian languages. Translation of other Indian language books into English must be a part of that. The steady development of Indian English writing proves the fact. No doubt Indian English writings that emerges with some unique characteristic in the contemporary world, has established a canon of specific literary genre. These writers have also expressed and defined Indianness in their own way in the last two hundred years. In his famous novel



Kanthapura Raja Rao pointed out that : "We are instinctively bilingual, many of us are writing in our own language and in English. We cannot write like the English. We should not. The tempo of Indian life must be infused into our English expression."<sup>10</sup> At the time of translation this tempo should be taken into account. Chief characteristic of translation of Indian bhasha literature lies in its Indian-ness. It works mainly through the mediation of English language. The notion of Indian English writings, hence takes a flight while getting absorbed in Indian Languages and at the same time act enriched by assimilating them in turn. However Sahitya Academy declared names of several literary translators in different Indian Languages who translated original texts from one to another language. But it might not be sufficient to take off because of limitations of literary market of their own circle. The demand of English translations of *bhasha* text is expanding continuously; and translation from one original bhasha literature text to another, largely depends upon the respective regional markets. In Bengali some important bhasha texts had been translated in last few decades; it also happened in Hindi, Tamil, Kannada, Malayalam etc. National Book Trust and Sahitya Academy have done a very good job on that, though there are many limitations. Where readership is ready to accept other Indian language texts translation has to do a little more. Geographically adjacent location and co-existence of neighboring languages have some kind of literary similarity and affinity between themselves e.g. Bengali-Assamese, Tamil-Kannada, Kannada-Malayalam, Urdu-Hindi etc. Translation among these

Indian Languages also forms a kind of social and literary mobility.

In India, we have almost 19 thousand publishers (who have already been registered with ISBN) publishing more or less 90,000 titles every year with a growth rate of 30% approximately.<sup>11</sup> The book market in India is a unique one. 500 million people below the age of 30 and a huge number of middle class people constitute a bulk portion of that market. (Publishing Perspective; 6<sup>th</sup> July 2011) If we add regional language publication to that (many of them have not registered themselves or does not publish their title with ISBN), it will amuse any big business house. In spite of many problems and complexities of fractured infrastructure and legacy of family business, publishing market invites new players to play with. Some big English publishing houses have already brought agency-chain to flourish business. In marketing level, we already have some retail internet based agency. All these are happening in today's changing paradigm of neo-liberal economy. In this context, translation took an important role to expand readership of Indian Literature.

In western market, Indian writings of different regional languages are not getting space, no matter how efficiently it is translated and vended. On the other hand, local market too sometimes does not incorporate the writings of other regional languages; therefore *bhasha to bhasha* translation is also very minimal in quantity. We have received translated text of recently published world literature, mostly from English. If we take in totality, English language segment comprises mainly of 20% of the whole book market



of India. Not only that, 7% of Indian population, those who are English literate in India, actually constitutes almost 65 million of gross readership; and that is a very good number in count just after USA.<sup>12</sup> So the book market of India, even only in English language writing, is a battlefield of finance capital or company capital. I would just like to point out one such comment of David Davidar, the former chief of Penguin India, who was convinced enough to describe this as : "The fastest growing English language market in the world today".

### Conclusion

Translation of *bhasha* literature (in English and in other MT in good number) does not constitute a literary market of its own. MT based education is capable of increasing the literacy rate vis-à-vis the readership of literature market of our country. Other languages like English or Hindi as L2 also create a reader mobility within the framework of literary exchanges. Many literature, many readers, but one country. Accepting the nationality of present Indian state, collective effort should be there to work for MT, for *bhashas*, for our diversified literature. In our globalised world, as finance capital continues its many folded aggression of getting more of the fleshy profit, study of humanities becomes more complicated. The variety and complexities of language and literature, which are one of the main characteristics of Indianness, loses its essence from within. Indian literature through English/Hindi(L2) might be the way to expand its horizon of market, but surely not all of its content. Literature

produced in Indian *bhashas* have some kind of unique expression of its own and imparts diversified nature of Indianness as well. Parallel to Indian *Bhashas*, Indian English should incorporate new ideas of multi-shaded India which is already shaping its narrative. As we have seen in the Caribbean, African, Canadian, Australian English, now Indian English takes the focus, and that is happening because of sharing of multicultural and multilingual contents in innumerable ways. At the same time *bhasha* literature would also have sufficient scope to exchange texts and narratives among themselves. Translation of the texts among Indian *Bhashas* and through English would bridge this space for larger readership of Indian Literature. The expansion of MT based multilingual education system will surely enhance the horizon of this Indian readership and thus of Indian literature.

### Notes and References :

1. Sisir Kumar Das : *History of Indian Literature*, 2000, Sahitya Akademy New Delhi, p5
2. *Bhasha Literature* includes all the literatures of India other than Indian English writings. Many scholars have already use this term in their writings; UR Ananthamurty is one of them.
3. *Abstracts of speakers strength of languages and mother tongue*, Census of India 2001 report.
4. V K Gokak : *Literatures in Modern Indian Languages*, 1957, New Delhi, p10
5. U R Ananthamurty : *Omnibus*, 2008, Ed. Arvind Kumar, New Delhi, p252



Manan Kumar Mandal

6. Sisir Kumar Das : op. cit p10
7. Umasankar Joshi : *The Idea of Indian Literature*, Sahitya Academy, 1990, New Delhi, p42
8. Malone Susan : (*SIL International*), 2007, Kathmandu; Quoted in paper multilingual education in South Asia.
9. Seventh All Indian School Education Survey Report, [www.7thsurvey.ncert.nic.in](http://www.7thsurvey.ncert.nic.in)
10. R Rao, 1937 : *Kanthapura*, Foreward, pV-VI, Oxford University Press (New Delhi) edition, 1963
11. [www.fpbai.org](http://www.fpbai.org) (This is non-govt. survey based statistics. It excludes internet based online trading; mentioned only to have an idea as applicable)
12. Tapan Basu : *Contemporary Indian Literature in English and the Indian Market*; Open University UK, <http://www.open.ac.uk/Arts/ferguson-centre/indian-lit/workshops/london-workshop2007-tapan-basu.htm> cited on 18/09/2013



ঐতিহ্য  
The Heritage

বাংলা বিভাগ

Vol-VI, Issue-1, 2015





## সৌর বনাম চান্দ্র সংস্কৃতির সংঘাত : প্রথম পর্ব — বৈদিক যুগ

অমলেন্দু চক্রবর্তী

বাংলা বিভাগ, গৌহাটী বিশ্ববিদ্যালয়, গুয়াহাটী-৭৮১ ০১৪

### THE CONFLICT OF SOLAR AND LUNAR CULTS : PART - I, VEDIC ERA

Amalendu Chakraborty

Department of Bengali, Gauhati University, Guwahati-781 014

- সৌর বনাম চান্দ্র সংস্কৃতির সংঘাত : প্রথম পর্ব — বৈদিক যুগ  
অমলেন্দু চক্রবর্তী 59-73
- বাংলা সাহিত্যের আদিযুগ : সত্যের অনুসন্ধান  
অলিভা দাফী 74-80
- উনিশ শতকের অসমে অবাঙালিদের বাংলাচর্চা : প্রথম পর্ব  
প্রসূন বর্মণ 81-96

**ABSTRACT :** The sectarian division in terms of two cults during the Vedic age, namely the solar and the lunar cult is the subject of this paper. However, when the mantras of the Vedas were analyzed, such a divide seemed blurred. While again, in the later period including the medieval age, such a polarity of different cults became crystal clear from the socio-economic as well as cultural point of view. It is interesting that the polarity started to become evident in Vedic literature itself. In academic terms, the dichotomy between cult and culture takes us to another level where the supreme development of life during the Vedic age has been explained here in terms of a tussle between two 'cultures' namely solar and lunar cultures rather than a 'cult'-based tussle. On one side were the agro-pastoralists or the 'food producers', who worshipped the solar deities such as Surya, Varuna, Aditya, and Vishnu, and the other side comprised of the 'food gatherers' whose sole belief was in power and worship of the lunar deity called Soma and Indra. Till today, a lot has been focused on the tension between Surya-Varuna and Indra but the attempt to see it from the perspective of a solar-lunar cult has remained unexplored.

This discussion is an attempt to explore the same in a series, the present **Vedic Era** being the first part of it.

প্রকৃতির সঙ্গে মানব-সভ্যতার সংগ্রামমুখর যাত্রা পথের ধারা বেয়েই তার ধর্মভাবনা, তার পূজা-পদ্ধতির সূত্রপাত হয়েছে। তার জীবন ধারণের অন্যতম পাথেয় ছিল কায়িক শ্রম,

এই শ্রমের বিচিত্রতা, প্রকৃতির সঙ্গে প্রতিনিয়ত তার-সামঞ্জস্য বিধানের প্রয়াস থেকে আত্মার সংস্কার-সাধনই হচ্ছে তার সংস্কৃতি। এই সংস্কৃতিকে আমরা মুখ্যত দুটি মেরুতে বিভাজিত



করে আখ্যায়িত করতে পারি— সৌর সংস্কৃতি এবং চান্দ্র সংস্কৃতি। যদিও হরেক্ষুণ্ড মুখোপাধ্যায় হিন্দু সম্প্রদায়ের উপাস্য ছয় দেবতা—গণেশ, সূর্য, অগ্নি, বিষ্ণু, শিব ও শক্তির নামানুসারে হিন্দু সংস্কৃতিকে ছয় ভাগে বিভাজিত করে সৌর সংস্কৃতি সম্পর্কে মন্তব্য করেছেন, “এক হইতে দশম পর্যন্ত সংখ্যা-লিখন পদ্ধতি, যজ্ঞকার্যের ও মানবের শুভাশুভ গণনার জন্য দিন, পক্ষ, মাস, বৎসর, গ্রহ, নক্ষত্র, তিথি প্রভৃতির আলোচনা মূলক গণিত ও ফলিত জ্যোতিষ এই সংস্কৃতি হইতে উদ্ভূত।”<sup>১</sup> এখানে তিনি যা বলতে চেয়েছেন তা এই সংস্কৃতির বিচিত্র বৈশিষ্ট্যের একটি বিশেষ দিক মাত্র। এছাড়া তিনি সৌর সংস্কৃতির উৎস সম্পর্কেও কোনো আলোকপাত করেননি। আমাদের মনে হয়, সৌর এবং চান্দ্র এই মেরুকরণ প্রাথমিক স্তরে ‘সংস্কৃতি’ শব্দের দ্বারা চিহ্নিত না করে ইংরেজি সমাজতাত্ত্বিক পরিভাষা ‘Cult’ শব্দের দ্বারা নির্দেশ করতে পারি— সৌরকাল্ট (Solar cult) এবং চান্দ্র কাল্ট (Lunar Cult)। ‘Cult’ শব্দের নৃতাত্ত্বিক তাৎপর্য সম্পর্কে বলা হয়েছে, “..... a cult is a set of practices and beliefs of a group in relation to a local god”<sup>২</sup>

এই আঞ্চলিক ঈশ্বর ভাবনার মূলে ছিল আদিম জনগোষ্ঠীর পরিপার্শ্ব শক্তিশালী প্রকৃতির এক অধিভূত রূপ। মানুষের আদিম ধর্ম ভাবনার পটভূমিতে এই প্রকৃতির ভূমিকা ছিল প্রধান। “Writers on religion speaks of primitive men deifying the grand natural objects by which they are surrounded.”<sup>৩</sup> এভাবেই চন্দ্র এবং সূর্য আদিম মানবের ধর্ম ভাবনায় ঈশ্বর রূপে বন্দিত হয়েছিলেন।

আসলে কোন বিশেষ গোষ্ঠীর দৈনন্দিন আচার এবং বিশ্বাসকে কেন্দ্র করে তার যে ইষ্ট-ভাবনা তা একান্তই আঞ্চলিক পরিধির মধ্যে আবদ্ধ থাকলেও জীবনযাত্রার সাদৃশ্যে অন্যত্রও সেই একই মানসিকতার সাক্ষাৎ পাওয়া গিয়েছিল। ফলত জীবিকার সাদৃশ্য হেতু তাদের ধর্মসাধনারও আনুসঙ্গিক দুর্লক্ষ্য ছিল না। এজন্যই সূর্য এবং চন্দ্রকে কেন্দ্র করে যে দুটি পৃথক কাল্টের উদ্ভব হয়েছিল তা পৃথিবীর বিভিন্ন গোষ্ঠীর মধ্যেই লক্ষ করা গিয়েছিল।

আমরা মানবেতিহাসের সূচনা লগ্ন থেকেই দুধরনের জনগোষ্ঠীর সাক্ষাৎ পেয়ে এসেছি। একদল শস্যের উৎপাদক (food producers), এঁরা কায়িক শ্রমের বিনিময়ে জীবিকা নির্বাহ করেন। পশুপালন, কৃষিকাজ ইত্যাদি ছিল তাঁদের জীবন ধারণের অন্যতম অবলম্বন। রবীন্দ্রনাথ তাঁর রক্তকরবী’ নাটকের পটভূমি প্রসঙ্গে এঁদের বলেছেন কর্ষণজীবী<sup>৪</sup> অন্য আর এক-গোষ্ঠী আছে যাঁরা কায়িক শ্রমের পরিবর্তে বাহুবলকেই পাথের করে খাদ্য সংগ্রহ করে থাকেন। এঁরা শস্যের সংগ্রাহক (food

gatherer)। রবীন্দ্রনাথের ভাষায় এঁরা আকর্ষণজীবী, এঁরা “শক্তিবাহুল্যের যোগেই গ্রহণ করেন, গ্রাস করেন, .....।”<sup>৫</sup> ফলে এঁরা হয়ে উঠেছেন ক্ষমতার পূজারী এবং যথার্থ অর্থে শোষণজীবী বা শক্তিজীবী সম্প্রদায়। কবির ভাষায়, “শোষণজীবী সভ্যতার ক্ষুধাতৃষ্ণ দেবহিংসা বিলাসবিভ্রম সুশিক্ষিত রক্ষসেরই মতো।”<sup>৬</sup> এভাবে মানব সভ্যতার প্রায় সর্বত্রই গড়ে উঠেছে দুটি সম্প্রদায়। এক দল শ্রমজীবী, নিরীহ, গণতন্ত্রে বিশ্বাসী; অপর দল বাহুবলের উপাসক, গণতন্ত্র বিরোধী, এঁরা নাঙল স্পর্শ করেন না, তলোয়ারের বাটে তাঁদের হাত। দুই মেরুতে তাঁদের অবস্থান, “কর্ষণজীবী এবং আকর্ষণজীবী এই দুই জাতীয় সভ্যতার মধ্যে একটা বিষম দ্বন্দ্ব আছে.....” বলেছেন রবীন্দ্রনাথ।<sup>৭</sup> প্রখ্যাত মনীষী রুডলফ রকার (Rudolf Rucker)-এর সংস্কৃতি এবং জাতিবাদের প্রসঙ্গে কৃত একটি মন্তব্যের সার সংক্ষেপ এখানে উদ্ধৃত করতে পারি। তাঁর মতে মানুষের ইতিহাসে সূচনা লগ্ন থেকেই দুটি বিরোধী প্রবণতার সংগ্রাম দেখা যায়, “সম্পদের উৎপাদন বনাম ক্ষমতার পূজা, মুক্তির স্পৃহা বনাম শক্তির লালসা, সমবায়ী চেতনা বনাম যুধবৃত্তি, সংস্কৃতি বনাম রাজনীতি ও ধর্ম।”<sup>৮</sup> একচ্ছত্র অধিকার প্রতিষ্ঠার প্রবণতাই হচ্ছে ক্ষমতার ধর্ম। এই প্রবণতা থেকেই পুরোহিত সম্প্রদায় ও রাষ্ট্রশক্তির উদ্ভব। উল্লেখ্য, এঁরা হচ্ছেন শিকারজীবী বা দমনজীবী সম্প্রদায়ের প্রতিভূ।

যাঁরা পশুপালক বা কৃষিজীবী সম্প্রদায় তাঁরা পশুপালন এবং কৃষিকর্মের সুবিধার জন্যই অনিবার্য ভাবে সূর্যের ওপর নির্ভরশীল ছিলেন। কেননা সূর্য ছিলেন জলবায়ুর নিয়ন্তা। অতিবৃষ্টি এবং অনাবৃষ্টি দুইই ছিল ফসল উৎপাদনের পক্ষে প্রধান প্রতিবন্ধক। ঋতু-পরিবর্তনের ক্ষেত্রেও প্রধান ভূমিকা সূর্যেরই। উপযুক্ত গোচারণভূমির ক্ষেত্রেও সূর্যের ভূমিকাই ছিল অন্যতম। তাই কৃষিপ্রধান অঞ্চলের ধর্মভাবনা সূর্যের দ্বারা প্রভাবিত হয়েছিল প্রবল ভাবে। অপরদিকে যে সব অঞ্চল কৃষিকার্যের পক্ষে ছিল অনুপযোগী অথবা যে জনগোষ্ঠী ছিল কৃষিকার্যবিমুখ অথবা পশুপালনের বিপরীতে পশুশিকারে অভ্যস্ত, সেই শস্য-সংগ্রাহক শিকারজীবীদের কাল্ট মূলত মূর্ত হয়ে উঠেছিল চন্দ্রকে কেন্দ্র করেই।

সূর্য এবং চন্দ্রকে কেন্দ্র করে প্রাচীন জনগোষ্ঠীর যে ধর্মভাবনা ক্রমে অবয়বত্ব লাভ করেছিল তা-ই সভ্যতার বিবর্তনের সঙ্গে সঙ্গে উৎকর্ষ লাভ করে তার দৈনন্দিন আচার-আচরণ, স্বভাব প্রকৃতি, আত্মভাব, শিল্পভাবনার সূচক হয়ে সাংস্কৃতিক রূপ লাভ করেছিল। তার ছাপ পড়েছিল তার শিল্প সাহিত্যে। এভাবেই সৌর সংস্কৃতি এবং চান্দ্র সংস্কৃতির সূত্রপাত হয়েছিল। এক্ষেত্রে বৈদিক ভাবনার কথা অবশ্যই উল্লেখ করতে



হয়। বৈদিক যুগের আর্ঘ্যচেতনায় চন্দ্র-সূর্য কেবল প্রকৃতির প্রতীক রূপেই পরিগণিত হননি। “The Vedic religion is the result of the attempt of the Rishis to interpret the true nature of their direct experience of inner ‘powers’ in terms of the objective nature known to ordinary men. .... The worship of the gods by the Vedic Aryans therefore, did not spring, as is usually supposed, from the fear of natural phenomena like thunder and storw, or from wander at seeing the morning dawn and clear starry nights.”<sup>৯</sup> ফলে বৈদিক ভাবনায় চন্দ্র-সূর্য কেবল ‘cult’ হয়ে থাকেনি, তার সাংস্কৃতিক উৎকর্ষের মাধ্যম হয়ে পড়েছিল।

সূর্য এবং চন্দ্রকে কেন্দ্র করে সংস্কৃতির যে দুটি সমান্তরাল ধারা গড়ে উঠেছিল তার প্রভাব পড়েছিল সেই বিশেষ সংস্কৃতিকেন্দ্রিক জনগোষ্ঠীর কালগণনার পদ্ধতির মধ্যেও। সূর্যের গতি দ্বারা পরিময়ে কাল অনুযায়ী ৩৬৫<sup>১</sup>/<sub>৪</sub> দিনে, ১২ মাসে এক বৎসর গণনা করা হয়। ষড় ঋতুভেদে সৌর বর্ষের একটি অন্যতম বৈশিষ্ট্য। অপরদিকে এক অমাবস্যার পর থেকে পরবর্তী অমাবস্যায় পর্যন্ত গণিত মাস অনুযায়ী নির্ধারিত বর্ষকে বলা হয়েছে চান্দ্রবর্ষ। ‘সূর্যসিদ্ধান্ত’ গ্রন্থে বলা হয়েছে, “ত্রিংশতা তিথিভিন্মাসশচান্দ্রঃ”, অর্থাৎ ত্রিশ তিথিতে গণিত মাস;<sup>১০</sup> এতে ২৯.৫৩০৫৪৯ দিনে একমাস হয়ে থাকে। ফলত ৩৫৪.৩৬৬৫৮৮ দিনে এক বৎসর গণনা করা হয়। চান্দ্র বর্ষের সঙ্গে সৌর বর্ষের ১১ থেকে ১২ দিনের তফাৎ লক্ষ করা যায়। ঋতু-পরিবর্তনের সঙ্গে চান্দ্র বর্ষের কোনো সম্পর্ক নেই। ভারতবর্ষে প্রথম বর্ষ গণনার নিয়ম তৈরি হয়েছে বৈদিক যুগে ‘বেদাঙ্গ জ্যোতিষ’-কে অবলম্বন করে। সেটিও ছিল সৌরবর্ষ। পরবর্তীকালে তৃতীয় শতকে ‘সূর্য-সিদ্ধান্ত’ অনুযায়ী এই বর্ষগণনাকে একটি পরিমার্জিত রূপ প্রদান করা হয়। তবে উল্লেখ্য, চান্দ্র বর্ষ সম্পর্কেও বেদের ঋষিরা জ্ঞাত ছিলেন, শুধু তাই নয়, বর্ষ গণনার উভয় পদ্ধতির মধ্যে এক-বিধান-প্রক্রিয়া সম্পর্কেও গুঁরা সচেতন ছিলেন। ঋগ্বেদে উক্ত হয়েছে, “বেদা মাসো ধৃত ব্রতো দ্বাদশ প্রজাবতঃ। বেদা য উপজায়তে।।”<sup>১১</sup> (১।২৫।৮) “যিনি ধৃতব্রত হয়ে স্ব স্ব ফলোৎপাদী দ্বাদশ মাস জানেন এবং যে ত্রয়োদশ মাস উৎপন্ন হয় তাও জানেন।। সৌর বর্ষের তুলনায় চান্দ্রবর্ষ অনুযায়ী অর্থাৎ দ্বাদশ অমাবস্যায় গণনা করে যে বৎসর ধরা হয় তাতে কয়েকদিন কম পড়ে; তাই সৌরবর্ষ ও চান্দ্রবর্ষের মধ্যে একবিধান করার জন্য চান্দ্র বৎসরের প্রতি তৃতীয় বৎসরে একটি মাস অধিক (মলিঙ্গত বা মলমাস) ধরতে হয়।<sup>১২</sup> এই তথ্যই উল্লিখিত ঋকে বর্ণিত হয়েছে। বর্তমানে ভারতবর্ষে যে বর্ষগণনা পদ্ধতি প্রচলিত তাকে

সচন্দ্রসৌর (Luni-solar) পদ্ধতি বলা চলে।

সূর্য এবং চন্দ্রকে কেন্দ্র করে কাল গণনার এই দুই পদ্ধতি যারা অনুসরণ করেছিলেন তাঁদের মধ্যেও সংঘাত সভ্যতার গোড়া থেকেই লক্ষ করা গিয়েছিল। বাট্রাও রাসেলের প্রবন্ধ থেকে ঐতিহাসিক এই তথ্যকে আমরা এখানে উপস্থাপিত করতে পারি: “There has been a curious conflict ..... between lunar and solar priesthoods and lunar and solar calendars. The calender has at all times played an important part in religion... the very inaccurate lunar calendars were everywhere advocated by priests devoted to the worship of the moon, and the victory of the solar calendar was slow and partial. In Egypt this conflict was at one time a source of civil war.”<sup>১৩</sup>

আমরা আগেই উল্লেখ করেছি, যাঁরা শ্রমবিমুখ, অন্যের শ্রমের ওপর নির্ভরশীল, সেই পরান্নজীবী সম্প্রদায়ের মধ্য থেকেই পুরোহিত সম্প্রদায়ের আবির্ভাব এবং রাষ্ট্রশক্তির উদ্ভব হয়েছিল। এই শোষণজীবীরাই চন্দ্রকে কেন্দ্র করে গঠিত ভ্রাম্যাক কালগণনার পদ্ধতির (বাট্রাও রাসেলের ভাষায় ‘very inaccurate lunar calendar’) সমর্থক ছিলেন। এই তথ্য রাসেলের আলোচনায় প্রতিফলিত হয়েছে। অপরদিকে যাঁরা ফসলের উৎপাদক, কৃষিজীবী সম্প্রদায় তাঁদের দ্বারা কালগণনার সৌরপদ্ধতিই গৃহীত হয়েছিল। বাট্রাও রাসেলও বিশ্ব ইতিহাসের পটভূমিতে স্বীকার করেছেন, “..... the victory of the sun worshippers, wherever it occurred, was due to the patent fact that the sun has more influence than the moon over the crops.”<sup>১৪</sup>

এই সংঘাত সৌর বনাম চান্দ্র কাল্টের, কৃষিজীবীদের সঙ্গে শোষণজীবীদের। শস্য-উৎপাদকদের সঙ্গে শস্য-সংগ্রাহকদের এই সংঘাত ভারতবর্ষে আর্ঘ্যসভ্যতার সূচনা লগ্ন থেকে কীভাবে স্পষ্ট হয়ে উঠেছিল তা বৈদিক সাহিত্য অবলম্বনে দেখাবার চেষ্টা করা যেতে পারে।

ভারতীয় সংস্কৃতির তথা ঐতিহ্যের উৎস-সম্বন্ধে অবশ্যই বৈদিক সাহিত্যে বিধৃত বিষয়বস্তু পর্যালোচনার অপেক্ষা রাখে। যদিও একদিকে বৈদিক সভ্যতা, অপরদিকে বেদবাহ্য তৈরিক সভ্যতার সংমিশ্রণে যে সংস্কৃতি একদিন রূপ নিয়েছিল তার সঙ্গে পরবর্তী কালে বহিরাগত জীবন-সাধনার সমন্বয়ে আজকের ভারত-সংস্কৃতির উদ্ভব; তবু একথা অনস্বীকার্য যে এই সংস্কৃতির আদি তথা মূল শেকড়টি ছিল বেদ-ভাবনার মধ্যেই নিহিত। “..... বেদ ছিল সত্যের আবিষ্কারক বাক, প্রতিক্রমণ ও প্রতিকের আবরণের মধ্য দিয়া জীবনের নিগূঢ় মর্মার্থের বিবৃতি। আবার



সে আবিষ্কার ছিল দিব্য আবিষ্কার, তাহাতে বাক্যের মধ্যে নিগূঢ়ভাবে নিহিত শক্তির ও তাহার সৃষ্টিশীল সামর্থ্যের আবরণ উন্মোচন এবং গূঢ় রহস্যময় প্রকাশ ঘটে, তাহা তর্কবিচার ও রসভাবিত বুদ্ধির বাক্য নয়, তাহাতে আছে অনুপ্রেরণা জাত বোধিচেতনার ছন্দোময় বাকশক্তি যাহাকে মন্ত্র বলে।<sup>১৭</sup> এ কথা যুক্তিসংগত যে বেদ তর্কবিচার ও রসভাবিত বুদ্ধির বাক্য নয়, তা 'জ্ঞানের দিব্য প্রেরণালব্ধ গ্রন্থ, শাস্ত্রত অসৌন্দর্যেয় সত্যের মহাবাক্য',<sup>১৮</sup> 'তা মন্ত্র'। জনৈক আলোচক যথার্থই মন্তব্য করেছেন যে, যদি বেদের সেইসব দ্রষ্টা ঋষি মধচ্ছন্দা, বিশ্বামিত্র, মেধাতিথি অগস্ত্য, বসিষ্ঠ, দীর্ঘতমা— এঁদের কাউকে অথবা বেদের যে কোনো ঋষিকে তাঁদের ধর্ম সম্বন্ধে প্রশ্ন করা যেত তাহলে "..... they would have answered..... that their religion was a poet's religion. Whatever they saw with their poetic intuition as true at that moment of unearthly ecstasy found expression in the hymns of the Veda."<sup>১৯</sup> সূত্রান্তর বেদ থেকে প্রাচীন ভারতের কোনো সামাজিক নাইবা সাংস্কৃতিক সংঘাতের তথ্যনিষ্ঠ চিত্র উদ্ধার করা সহজসাধ্য নয়। আমরা যেভাবে এই সাংস্কৃতিক সংঘাতকে সৌর এবং চন্দ্র আখ্যায় মেরুকরণ করতে চাইছি তা বেদের মন্ত্রিত এবং ছন্দোপূত প্রতীকী ভাষায় সেভাবে হয়তো নিখুঁত কোনো রেখার দ্বারা বিভাজিত হয়নি— অনেক ক্ষেত্রেই তা অস্পষ্ট হয়ে রয়েছে। প্রাচীন ভারত নিয়ে যুক্তিগ্রাহ্য আলোচনার ক্ষেত্রে এই সমস্যাই হচ্ছে অন্যতম। "In the case of ancient India the problem is clouded by the lack of precise evidence which can be used to formulate exact and verifiable hypotheses."<sup>২০</sup> তবু একথা অনস্বীকার্য যে, "The theologain moulded his rites, the preacher sought his belief, the philosopher found the clues for his intellectual speculation and the law-makers worked out the social and political life-style in accordance with the archetypal truths of the Samhitas which came to be regarded as the ultimate authority in the ancient Indian tradition. The poetically and mythically conceived Vedic hymns pregnant with idealistic realism stood as the divine snow-clad Himalayas from which sprang the stream that nourished the Indian culture in its entirety."<sup>২১</sup> বেদের এই খোঁয়াশাচ্ছন্ন প্রতীকী ভাষা থেকে আমরা চন্দ্র এবং সৌর এই দুই সংস্কৃতির সংঘাত দেখাতে চেষ্টা করব।

সৌর এবং চন্দ্র তথা কর্ণজীবী ও আকর্ষণজীবীর এই সংঘাত যা পরবর্তীকালে মহাকাব্য ও পৌরাণিক জীবনধারার

মধ্যদিয়ে প্রবাহিত হয়ে সামাজিক ইতিহাসের সরণি বেয়ে আধুনিক যুগ পর্যন্ত চলে এসেছে, তার গোড়াপত্তন হয়েছিল বৈদিক যুগেই। বেদে যে জীবনদর্শনের প্রতিফলন ঘটেছিল তাও কোনো এক বিশেষ কালিক সীমায় ভৌগোলিক পরিবেশে রূপ নিয়েছিল এমনটি ভাবারও অবকাশ নেই, কেননা বৈদিক ভাবনার সঙ্গে জড়িত হয়ে আছে এক দীর্ঘায়িত ঐতিহ্যবাহী জীবনধারার মধ্য দিয়ে মূর্ত মানব জগতের রূপচিত্র। তাই বেদে এমন সব নাম বা শব্দ আছে যার ওপর প্রত্ন-আর্য জীবনের ছাপ স্পষ্ট। বেদে বহুল ব্যবহৃত কিছু শব্দের সঙ্গে প্রত্ন-আর্য যুগের একই ভাষাগোষ্ঠীভুক্ত ভাষার কিছু শব্দের ধ্বনিগত-সামঞ্জস্য এবং অর্থসাম্য লক্ষ্য করার মতো। যেমন, বৈদিক 'মিত্র' = আবেস্তা 'মিত্র' (এক সময়ে রোম থেকে স্কটল্যান্ড পর্যন্ত এই মিত্রকাল্ট ছড়িয়ে পড়েছিল);<sup>২২</sup> বৈ, 'দ্যৌস্' = গ্রিক 'জিউস'; বৈ 'দ্যৌপিতা' = রোম 'জুপিটার' (তালবীভবন); বৈ, 'সোম' যাগ = আবেস্তা 'হওম' (Haoma)। এ প্রসঙ্গে একটি মন্তব্য উদ্ধৃত করতে পারি— "The sacrifice (yajna) is called yasna in the Avesta, the Hotri priest is Zoater; Atharvan is Athravan, Mitra is Mithra."<sup>২৩</sup> আনুমানিক ১৪০০ খ্রি. পূর্বাব্দের পশ্চিম এশিয়ার বোখাজ-কোই থেকে প্রাপ্ত একটি লেখ থেকে চারজন দেবতার নাম পাওয়া গেছে, যাঁরা ঋগ্বেদেও বিশেষ পরিচিত। "এঁরা হলেন : ইন-দা-রা(ইন্দ্র), অ-র-ণ বা উ-রু-ব-ন(বরুণ), না-স-অ-ত-তি-ই-ইয়(নাসত্য), মিথ্-র (মিত্র)।"<sup>২৪</sup>

বৈদিক জীবনধারা পর্যালোচনা করলে দেখা যায় আর্যরা মূলত-ছিলেন পশুপালক এবং কৃষিজীবী সম্প্রদায়।<sup>২৫</sup> এঁরা পশুশিকারি ছিলেন না। প্রাচীন প্রস্তর যুগ ও মধ্য প্রস্তর যুগে মানুষের অন্যতম বৃত্তি ছিল পশুশিকার। নব্য প্রস্তর যুগে মানুষ পশুপালক ও খাদ্যোৎপাদকে রূপান্তরিত হল। হরপ্পা সভ্যতায় যে কৃষির প্রচলন ছিল তার প্রমাণ পাওয়া গেছে হরপ্পা এবং মহেঞ্জদাড়োতে প্রাপ্ত দুটি পুথক শস্যগারের ধ্বংসাবশেষ থেকে।<sup>২৬</sup> তবে তাঁরা লাঙলের ব্যবহার জানতেন কিনা তা নিয়ে বিতর্ক আছে। হরপ্পায় লাঙলের ব্যবহার ছিল না বলেই অনেকেই মত প্রকাশ করেছেন।<sup>২৭</sup> তবে গর্জন হরপ্পায় কাঠের লাঙল ব্যবহৃত হত বলে মনে করেছেন।<sup>২৮</sup> তবে বেদে প্রাপ্ত তথ্য অনুযায়ী সে যুগের অর্থনীতি যে নির্ভর করেছিল পশুপালন এবং কৃষির ওপর সে নিয়ে কোন সন্দেহের অবকাশ নেই। "অথর্ব বেদে গোসম্পদ বৃদ্ধির কামনায় অসংখ্য প্রার্থনার স্তব থাকলেও মানুষের জীবিকা নির্বাহের প্রধান উপায় ছিল কৃষি।"<sup>২৯</sup> এ প্রসঙ্গে 'The Discovery of india' গ্রন্থে জওহরলাল নেহেরু 'আর্য' শব্দটি কৃষিবাচক বলে মন্তব্য করেছেন, "The word 'Arya' comes from a root meaning to till,



and the Aryans as a whole were good agriculturists and agriculture was considered a noble profession."<sup>৩০</sup> একই চরিত্র লক্ষ্য করা গেছে ইন্দো-ইউরোপীয় ভাষাভাষী গ্রিক এবং ইতালীয়দের মধ্যেও, ".... free peasants such as had formed the backbone of the classical Greece and early Itali,"<sup>৩১</sup> এমনকি ইন্দো-ইউরোপীয় ভাষাগোষ্ঠীর আদি উৎস ছিল এই কৃষিজীবী সমাজই। এ প্রসঙ্গে বলা হয়েছে, "Indo-European languages evolving among the earliest agriculturalists."<sup>৩২</sup> ভারতীয় আর্য ভাষাতেও এর ব্যতিক্রম লক্ষ্য করা যায় না। পরবর্তীকালে ভারতের স্থান নামেও কৃষির প্রভাব পড়েছে, উদাহরণ হিসেবে দুটি শব্দের উল্লেখ করা যেতে পারে, যেমন, হরিয়ানা < হরিৎধান্য; লুধিয়ানা < লোপ্রধান্য।<sup>৩৩</sup> খ্রি.পূঃ ৫ম-৬ষ্ঠ শতকের কাছাকাছি সময়ে লোহার ব্যবহার শুরু হওয়ার পর ঘন অরণ্য কেটে কৃষি-উপযোগী ক্ষেত্র তৈরি করার সঙ্গে সঙ্গে যে জনবসতি গড়ে উঠেছিল তার নামকরণেও কৃষি-সভ্যতার প্রভাব বর্তমান। যেমন, আরা-অরণ্য; সারন-নৈমিসারণ্য; চম্পারন-চম্পারণ্য ইত্যাদি।<sup>৩৪</sup>

ঋগ্বেদে কৃষির প্রসঙ্গ একুশবার এসেছে বলে রামশরণ শর্মা উল্লেখ করেছেন। তাঁর মতে কৃষি বিষয়ক বর্ণনা সর্বাধিক পরিমাণে পাওয়া যায় ঋগ্বেদের প্রথম ও দশম মণ্ডলেই; তাই তিনি কৃষির প্রসঙ্গকে ঋগ্বেদে পরবর্তীকালের প্রক্ষেপণ বলে মনে করেছেন। তবে তাঁর মন্তব্যকে নির্দিষ্টায় গ্রহণ করা যায় না, কারণ, ঋগ্বেদের শুধু প্রথম ও দশম মণ্ডলেই নয়, কৃষির প্রসঙ্গ এসেছে ব্যাপকভাবে চতুর্থ মণ্ডলে। চতুর্থ মণ্ডলের ৫৭ সংখ্যক সূক্তে কৃষির বর্ণনা এসেছে বিস্তৃত ভাবে :

"শুনং বাহাঃ শুনং নরঃ শুনং কৃষতু লাঙ্গলম্।  
শুনং বরত্রা বধ্যস্তাং শুন মন্ত্রমুদিঙ্গয়।।  
শুনাসীরাবিমাং বাচং জুযেথাং যদিবি চক্রথঃ পয়ঃ।  
তেনেমা মুপ সিঞ্চতম।।"

(ঋ. ৪।৫৭।৪-৫)

'বলীবর্দসমুহ সুখে বহন করুক, মনুষ্যাগণ সুখে কার্য করুক, লাঙ্গল সুখে কর্ণ করুক। প্রগ্রহসমুহ সুখে বদ্ধ হোক এবং প্রতোদ (কশা বা চাবুক) সুখে প্রেরণ করো। হে শুন, হে সীরহু তোমরা আমাদের এ স্তুতি সেবন করো, তোমরা দু্যলোকে যে যে জল প্রাপ্ত হয়েছে, তা দিয়ে এই পৃথিবীকে সিক্ত করো।"<sup>৩৫</sup>

কৃষি সংক্রান্ত বিভিন্ন শব্দেরও ব্যবহার পাওয়া গেছে এই সূক্তে। যেমন, 'ক্ষেত্রপতি' (কৃষিকার্যের অধিষ্ঠাতা দেব/ ৪।৫৭।১); 'লাঙ্গলম্' (৪।৫৭।৪); 'কর্ণণ করুক' অর্থে 'কৃষতু'

(ঐ); লাঙ্গল ও লাঙ্গলের ফলা অর্থে 'শুনাসীর' (৪।৫৭।৫); 'বুক'; অর্থে লাঙ্গল বোঝানো হয়েছে (৮।২২।৬) ; লাঙ্গলের দ্বারা চিহ্নিত ভূমিতে রেখা বোঝাতে ব্যবহৃত শব্দ 'সীতা' (৪।৫৭।৭) ; 'রামায়ণ রচনাকালে যখন সীতা সে মহাকাব্যে নায়িকা হলেন তখনও তাঁর জন্মকথায় তাঁর নামের আদি অর্থ নিহিত ছিল।"<sup>৩৬</sup> রামায়ণকে বলা হয়েছে বেদেরই মর্মপটঃ "বেদৈশ্চ সন্মিতম্"<sup>৩৭</sup>— এজন্যই 'সীতা' শব্দের বৈদিক তাৎপর্যই রামায়ণের সীতা নামে ও সংক্রমিত হয়েছে। রাজর্ষি জনক তাঁর এই দুহিতা সম্পর্কে বলেছেন—

'অথ মে কৃষতঃ ক্ষেত্রং লাঙ্গলাদুখিতা ততঃ।  
ক্ষেত্রং শোধয়তা লঙ্কা নামা সীতেতি বিশ্ৰুতা।  
ভূতলাদুখিতা সা তু ব্যবদ্রুত মমাত্মজা।"<sup>৩৮</sup>

প্রসঙ্গত উল্লেখ্য, সীতার পালক পিতা জনকের একটি নাম হচ্ছে সীরদ্বজ।

লাঙ্গলের মুখলগ্ন ভূমিভেদক ফালের ব্যবহারও প্রথম ঋগ্বেদেই পাওয়া যায়— "শুনং নর ফালা বি কৃষন্তু ভূমিং..." অর্থাৎ, 'ফাল সকল সুখে ভূমি কর্ণণ করুক' (৪।৫৭।৮)। এছাড়াও ঋগ্বেদের দ্বিতীয় মণ্ডলে 'যব'-এর উল্লেখ (২।১৪।১১) এবং পঞ্চম মণ্ডলে ধান্যবীজের (ধান্যং বীজং ৫।৫০।১৩) উল্লেখ পাওয়া যায়। অনুরূপভাবে শস্যক্ষেত্রে জল সেচনের প্রসঙ্গ এসেছে দশম মণ্ডলের ৯৪ এবং ৯৯ সংখ্যক সূক্তের যথাক্রমে ১৩ এবং ৪ সংখ্যক ঋকে। কাস্তের প্রসঙ্গ কীভাবে এসেছে ঋগ্বেদের একটি ঋক্ উদ্ধৃত করে দেখানো যেতে পারে—

'সুনক্ত সীরা বি যুগা তনুধ্বনং কৃতে যেনৌ বপতেহ বীজম্।  
গিরা চ শ্রাষ্টিঃ সভরা অসনৌ নৈদীয় ইৎস্যাৎ পক্ষমেয়াৎ।।  
(ঋ. ১০।১০১।৩)

'লাঙ্গল গুলি যোজনা করো, যুগগুলি বিস্তারিত করো, এ স্থানে যে ক্ষেত্র প্রস্তুত করা হয়েছে, তাতে বীজ বপন করো, আমাদের স্তবের সাথে আমাদের অন্ন পরিপূর্ণ হোক। সৃণিগুলি (কাস্তে) নিকটবর্তী পক্ষস্যে পতিত হোক।"<sup>৩৯</sup>

কৃষিকেন্দ্রিক সভ্যতা গড়ে উঠেছিল বলেই নদীর সঙ্গে আর্য সভ্যতার সম্পর্ক এক গভীর যুগনদ্ধতায় অধিত হয়েছিল। তাই ঋগ্বেদে সিঙ্কনদ ও তার পঞ্চশাখার (বিতস্তা, অসিন্ধী, পরুষ্ণি, আজিকিয়া ও শতদ্রু) বর্ণনা এসেছে বারবার। পঞ্জাব প্রদেশের নদীসমূহকে সপ্তনদী বলে উল্লেখ করা হয়েছে। একস্থানে সপ্তনদীর মধ্যে সিঙ্কনদ ও পরস্বতীকে সপ্তমস্থানীয়া বলে বর্ণনা করা হয়েছে। অবশ্যই এর মধ্যে সিঙ্কনদকে শ্রেষ্ঠ স্থান দেওয়া হয়েছে। "হে সিঙ্কনদীতু যখন তুমি অন্নশালী অর্থাৎ শস্যশালী প্রদেশ লক্ষ্য করে ধাবিত হলে তখন বরুণদেব তোমার যাবার নানা পথ কেটে দিলেন। তুমি ভূমির ওপর উন্নত পথ দিয়ে





গমন করো। তুমি সকল গমনশীল নদীর ওপর বিরাজ করো।<sup>১৩৩</sup> ঋগ্বেদের এই সূক্তে অন্যান্য নদীর সঙ্গে গঙ্গা-যমুনার নামও উল্লিখিত হয়েছে।

‘কৃষিকর্মের জন্যই আর্ষদের স্বাভাবিক ভাবে সূর্যনির্ভর হয়ে উঠতে হয়েছিল। “The early Aryans possessed some knowledge of seasons, which promoted agriculture; the Rigveda mentions five seasons.”<sup>১৩৪</sup> এই ঋতুপরিবর্তনের জ্ঞান আহরণের জন্যই তাঁরা সূর্যের ওপর নির্ভর করেছিলেন। সূর্যের উত্তরায়ণ এবং দক্ষিণায়নের ফলে যে ঋতুপরিবর্তন সম্ভব তা আর্ষরা যথার্থ অনুধাবন করতে পেরেছিলেন। ঋগ্বেদের একটি ঋকে সূর্যের উত্তরায়ণ ও দক্ষিণায়নসহ ঋতু, দিন, মাস পক্ষ, প্রহর-গণনার সাক্ষ্য রেখেছেন বৈদিক ঋষি দীর্ঘতম—

‘পঞ্চপাদং পিতরং দ্বাদশাকৃতিং  
দিব আত্মঃ পরে অর্ধে পুরীষিণম্।  
অথমে অন্য উপরে বিচক্ষণং  
সপ্তচক্রে বলর আত্মপিতম্।’

(ঋ- ১।১৬৪।১২)

‘পঞ্চপাদ ও দ্বাদশ আকৃতি বিশিষ্ট আদিত্য যখন দু্যলোকের উৎকৃষ্ট অর্ধে থাকেন, কেউ কেউ তাঁকে পুরীষী বলে, অপর কেউ কেউ ছয় অরবিশিষ্ট সপ্ত চক্রবিশিষ্ট রথে দ্যোতমান আদিত্যকে অপিত বলে, যখন তিনি দু্যলোকের অপর অর্ধে অবস্থিত।’ সাধারণের মত অনুযায়ী যদিও ছয় ঋতু, তবু হেমন্ত ও শিশির এক বলে এখানে পঞ্চঋতু ধরা হয়েছে এবং দ্বাদশ মাসকে দ্বাদশ রূপ বলা হয়েছে। পুরীষ অর্থে জল এবং পুরীষী অর্থে বৃষ্টিকর্তা সূর্য বলে সাধারণ মনে করেছেন। এই ঋকে উক্ত সপ্তরশ্মিই সপ্তচক্র এবং ছয় ঋতুই ছয় অর। এই ঋকের শেষাংশে সূর্যের উত্তরায়ণ ও দক্ষিণায়ন গমনের কথা উল্লিখিত হয়েছে।<sup>১৩৫</sup> ঋগ্বেদের ১ম মণ্ডলের ১৫৫ সূক্তের ৬ষ্ঠ ঋকে উক্ত, ‘চতুর্ভিঃ সাকং নবতিং চ নামা ভিশ্চক্রং ন বৃন্তং ব্যতীরবীবিপং’ অংশের অনুবাদে বলা হয়েছে, ‘বিষ্ণু গতিবিশেষ দ্বারা বৎসরের চতুর্ভিঃ দিবস চক্রের ন্যায় বৃত্তাকারে চালিত করেছেন।’ সাধারণ ৯৪(চতুর্ভিঃ) কালাবয়ব বলতে বুঝিয়েছেন, সম্বৎসর(১), অশ্বীদ্বয়(২), পঞ্চঋতু(৫), দ্বাদশমাস(১২), চতুর্বিংশতি পক্ষ(২৪) ত্রিংশৎ অহোরাত্র(৩০), অষ্টপ্রহর(৮), দ্বাদশ রাত্রি(১২)।<sup>১৩৬</sup> অতএব একথা স্পষ্ট যে, কৃষিজীবীদের কাছে কালগণনার সৌরপদ্ধতি তথা ঋতু-বিভাজন অতীত প্রয়োজনীয় ছিল। ফলে স্বভাবতই আর্ষদের মধ্যে সৌর সংস্কৃতি প্রাধান্যলাভ করেছিল। বস্তুত আর্ষরা ছিলেন জ্যোতির সন্তান, আলোকের

অগ্রদূত— ‘জ্যোতিরগ্রাঃ’(ঋ-৭।১৩।৭)। তাঁরা আলোকের পথে সত্যের চিরপথিক—‘জ্যোতিশ্চক্রথুরায়াঃ।<sup>১৩৭</sup> সূর্য তাই আর্ষ-চেতনার প্রতীক হয়ে দেখা দিয়েছে। ঋক সংহিতার সর্বানুক্রমণীকার কাত্যায়ন বলেছেন, বৈদিকদের একজনই দেবতা তিনি সূর্য। “কাত্যায়নের মতে বেদের সকল দেবতাই সূর্যের বিভিন্ন রূপ মাত্র। তাঁর উক্তি, ‘এক এব মহানাঋা বেদে স্ত্রয়তে স সূর্য ইতি ব্যাচক্ষতে’।<sup>১৩৮</sup> বেদে সূর্যই এই বিশ্ব চরাচরের আত্মরূপে পরিগণিত হয়েছিলেন “আপ্রা দ্যাভাপৃথিবী অন্তরীক্ষং সূর্য আত্মা জগতস্তস্যুয়শ্চ”(ঋ-১।১১৫।১),—‘দ্যাভা পৃথিবী ও অন্তরীক্ষ স্বীয় কিরণে পরিপূর্ণ করছেন, সূর্য জন্ম ও স্থাবর সকলের আত্মস্বরূপ।’<sup>১৩৯</sup> বৈদিক ঋষি আততচক্ষু হয়েই সূর্যকে আবিষ্কার করেছেন সর্বত্র—

‘সবিতা পশ্চাতাৎ সবিতা পুরস্তাৎ  
সবিতোত্তরাতাৎ সবিতাথরাভাতাৎ।  
সবিতা নঃ সুবতু সর্বতাতিং  
সবিতা নো রাসতাং দীর্ঘমায়াঃ।।

(ঋ-১০।৩৬।১৪)

‘কি পশ্চিমদিকে, কি পূর্বদিকে, কি উত্তরদিকে, কি দক্ষিণদিকে, সূর্যদেব আমাদের সর্বপ্রকার-শ্রীবৃদ্ধি বিধান করুন। আমাদের দীর্ঘ পরমায়ু প্রদান করুন।’<sup>১৪০</sup>

কৃষ্ণ যজুর্বেদেও উক্ত হয়েছে যে ‘আদিত্যই বিশ্বের প্রাণস্বরূপ, আদিত্য থেকেই প্রাণের সৃষ্টি—‘অসৌই বা আদিত্যঃ প্রাণঃ প্রাণমেবৈনানুং সৃজতি।’<sup>১৪১</sup> শতপথ ব্রাহ্মণে বলা হয়েছে, ‘আদিত্যো বা এতদ্বাগ্র আসীৎ’<sup>১৪২</sup> অর্থাৎ, সূর্যই প্রথম জাত হয়েছেন। ঋগ্বেদে এই দেবতারই বরণীয় মহৎ তেজকে ধ্যানের কথা বলা হয়েছে। শ্রীঅরবিন্দ সূর্য সম্পর্কে লিখেছেন: “Surya is the Lord of the Supreme Sight, the vast Light, *brihat jyoti*, or as it is sometimes called, the true Light, *ritam jyotih*.”<sup>১৪৩</sup>

সূর্য ঋগ্বেদে এবং পরবর্তীকালে পুরাণসমূহে ভিন্ন ভিন্ন নামে স্তুত হয়েছেন। সবিতা, বিষ্ণু, মিত্র, পৃষা, বরুণ, আদিত্য, পর্জন্য— এঁরা সবাই সূর্যেরই এক একটি নাম, এঁদের মধ্যে অনেকেই কৃষির সঙ্গে জড়িত। নীল নদের দান মিশর কৃষিপ্রধান হওয়ার দরুনই সূর্যের স্থান সেখানে ছিল শীর্ষে। “The Sun, most important of the Egyptian deities, had many names, and the interpretation given to his functions were extremely varied.”<sup>১৪৪</sup> ভারতবর্ষেও সূর্যের ভিন্ন ভিন্ন রূপ কৃষির সঙ্গে জড়িত। যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি দেখিয়েছেন, মিত্র “গ্রীষ্ম ঋতুর আদিত্য এবং বরুণ



গ্রীষ্মের পর বর্ষা ঋতুর আদিত্য।” তাঁর মতে, “মিত্র কৃষকের মিত্র।”<sup>১৪৫</sup> কূর্ম-বরাহ-স্কন্দ ইত্যাদি পুরাণ গ্রন্থে সূর্য বা আদিত্য যে দ্বাদশ মাসের অধিপতি তার বর্ণনা রয়েছে। একই সূর্য ভিন্ন ভিন্ন নামে দ্বাদশ মাসের অধিপতি হিসেবে কল্পিত হয়েছেন এবং পরবর্তীকালে ভিন্ন ভিন্ন দেবতায় পরিণত হয়েছেন, “In after times, the number was increased to twelve, representing the Sun in the twelve months of the year.”<sup>১৪৬</sup>

বর্ষচক্রে সূর্যের এই চক্রগমন-এর ফলে যে ঋতু-পর্যায়-সম্ভব হয়, তা থেকে অনেক ধর্মীয় অনুষ্ঠানের সূচনা হয়েছিল। সূর্যের এই উত্তরায়ণ এবং দক্ষিণায়নে গমনাগমনকে অবলম্বন করেই জগন্নাথদেবের রথযাত্রা, দোলযাত্রার উদ্ভব। সূর্যরূপী বিষ্ণুর দোলন অর্থাৎ একবার দক্ষিণাভিমুখ, আবার উত্তরাভিমুখ হওয়াকে কেন্দ্র করেই এই ধর্মানুষ্ঠানগুলো রূপ নিয়েছিল।<sup>১৪৭</sup>

কিন্তু ভারতবর্ষে আর্ষভাষী সমাজের মধ্যেই সৃষ্টিজীবী তথা কৃষিজীবী সম্প্রদায়ের বিপরীতে একদল nomadic সম্প্রদায় ক্রমে ক্রমে প্রধান হয়ে উঠেছিল। শক্তিজীবী বা শোষণজীবী এই জনগোষ্ঠীর নেতৃত্ব দিয়েছিলেন ইন্দ্র। ইন্দ্র সম্পর্কে বলা হয়েছে, “Indra is a symbol of a later wave of Aryan invaders and immigrants who came into India, on one hand, and reached the middle East, on the other. It is these Aryans who put an end to the culture maturing in the Punjab.”<sup>১৪৮</sup> ইন্দ্র ছিলেন মূলত যুদ্ধজীবী নর্ডিক আর্ষ গোষ্ঠীর নেতা, “Nordic Aryans who invaded India between 1500-1200 B.C. were a nomadic war like people.”<sup>১৪৯</sup>

বস্তুত ইন্দ্র আসার আগেই ভারতীয় আর্ষ সভ্যতার ভিত্তি রচিত হয়েছিল, যে সভ্যতার কেন্দ্রে ছিল পশুপালক এবং কৃষিজীবী সম্প্রদায়। “The advent of the Vedic Aryans through the Northeast Frontiers of India is also dated to about 3500 to 2500 B.C.”<sup>১৫০</sup> যুদ্ধপ্রিয় শক্তিজীবী ইন্দ্র এসেছিলেন পরবর্তীকালে। “According to Indian tradition, Indra belongs to a later and younger generation of gods. In the *Taittiriya Samhita* (11-3-4-2) Indra is described as *devanamaujm*.... These traditions refer to the later development of the cult and concept of Indra. It is held that the pristine Iranian religion centered round the conception of Asura Varuna, the protector of the system of the cosmos. The followers of this religion were the first to come

and settled in India. Later, on a second wave of immigrants swept in, carrying the Indra-cult on its crest and wiping out the adherents of Asura Varuna.”<sup>১৫১</sup> আসলে মিত্র বরণ আকাশের দেবতা, দ্যুস্থানীয় দেবতা, কৃষিজীবী সম্প্রদায়েরই ইষ্ট এবং সূর্যেরই সমগোত্রীয়। ঋগ্বেদে বরণের উদ্দেশে নিবেদিত প্রার্থনার ভাষায় তার প্রমাণ মেলে, “হে মেধাবী বরণে তুমি দু্যলোকে, ভুলোকে ও সমস্ত জগতে দীপ্যমান রয়েছে—”(ঋ-১।১২৫।১০); “আমি প্রসিদ্ধ অসুর বরণের এ সুমহতী প্রজ্ঞা ঘোষণা করছি যে, তিনি মানদণ্ডের ন্যায় সূর্যের দ্বারা অন্তরীক্ষের পরিমাণ করেছেন,”(ঋ-৫।৮৫।৫); “বরণ সূর্যের জন্য পথ প্রদান করেছেন, নদী সকলকে অন্তরীক্ষভব জল প্রদান করেছেন”(ঋ-৭।৮৭।১); “হে বরণে তোমার বায়ু জগতের আত্মা, সে জলকে চারিদিকে প্রেরণ করে—”(ঋ-৭।৮৭।১২); “স্তুতিযোগ্য রাজা বরণ অন্তরীক্ষে হিরন্ময় দোলার ন্যায়”<sup>১৫২</sup> সূর্যকে দীপ্তির জন্য নির্মাণ করেছেন”(ঋ-৭।৮৭।৫); “জগতের ধারক অদিতির পুত্র বরণ প্রকৃষ্ট রূপে জল সৃষ্টি করেছেন। বরণের মহিমায় নদী সকল প্রবাহিত হয়, এরা বিশ্রাম করে না, নিবৃত্ত হয় না। এরা পাণ্ডীদের ন্যায় বেগে ভূমিতে গমন করে”<sup>১৫৩</sup>(ঋ-২।১২৮।৪)।

এই উদ্ধৃতিগুলো থেকে স্পষ্টতই প্রমাণিত হয়—বরণ সূর্যস্থানীয় দেবতা এবং মূলত কৃষিজীবীর সহায়ক। যুদ্ধজীবী গোষ্ঠীর দলপতি ইন্দ্র পরবর্তীকালে প্রবেশ করে আকাশের দেবতা আধ্যাত্মিক বরণের জায়গা দখল করেছিলেন। কিন্তু বরণের আধ্যাত্মিক মহিমা লাভে ইন্দ্র অসমর্থ হয়েছিলেন। “ভারতবর্ষে নতুন বলবান বর্ষণকারী ইন্দ্রদেবতা বরণের সর্বোচ্চ স্থান অধিকার করিলেও, প্রাচীন সময়ে বরণের যে পবিত্রতা ও আধ্যাত্মিকতা ছিল, তাহা হইতে বঞ্চিত হন। ঋগ্বেদের পবিত্রতম মন্ত্রের দেবতা বরণ, ইন্দ্র নহেন।”<sup>১৫৪</sup>

‘ইন্দ্র’ শব্দের ব্যুৎপত্তিও লক্ষ করার মত - “‘ইন’ ও ‘দ্র’ এই দুই শব্দের সংযোগে ‘ইন্দ্র’ শব্দ নিষ্পন্ন হইয়াছে। ‘ইন’ মানে যোদ্ধা। উদাহরণ স্বরূপ, ‘সহ ইনা বর্ততে ইতি সেনা’ অর্থাৎ যোদ্ধার সহিত যে থাকে, তাহাকে সেনা বলে। ব্যাবিলনীয় ভাষায় শিখর অথবা মুখ্য অর্থে ‘দ্র’ শব্দের ব্যবহার দেখা যায়। সুতরাং ইন্দ্র মানে সেনার আধিপতি অথবা সেনাপতি। দেখিতে দেখিতে, এই শব্দটি রাজার বাচক হইয়া গেল।”<sup>১৫৫</sup>

ঋগ্বেদে ব্যক্তিগত মালিকানার কোনো উল্লেখ পাই না। “The Rigveda mentions several words for fields, and the practice of measuring land, but it nowhere refers to the sale, transfer, mortgage or gift of land by an individual. Obviously the concept of private



property in land had not struck roots.<sup>১১</sup> “ফলে ঐ আমলে রাজতন্ত্রের মাধ্যমে সংগঠিত রাষ্ট্রশক্তির উদ্ভব ও বিকাশের উপযুক্ত ক্ষেত্র তখনও প্রস্তুত ছিল না।”<sup>১২</sup> বস্তুত পরবর্তী কালে আগত ইন্দ্রই প্রথম যুদ্ধজীবী তথা শক্তিজীবী রাজার ভূমিকায় উন্নীত হলেন। ঋগ্বেদে রাজস্তুতিমূলক যে সূক্তটি পাওয়া গেছে তার কেন্দ্রে রয়েছে ইন্দ্রই। “হে রাজন তোমাকে রাজপদে অধিরোপিত করলাম। তুমি এ জনপদের মধ্যে প্রভু হও, অটল অবিচলিত এবং স্থির হয়ে থাক। সকল প্রজাগণ তোমাকে বাঞ্ছা করুক। তোমার রাজত্ব যেন নষ্ট না হয়”(ঋ-১০।১৭৩।১); এই সূক্তে বরুণের নাম একবার থাকলেও ইন্দ্রের নাম এসেছে তিনবার — ‘ইন্দ্রের ন্যায় নিশ্চল হয়ে এখানে থাক, রাজ্যচ্যুত হয়ো না’ (১০।১৭৩।২); ‘ইন্দ্র ও অগ্নি অবিচলিত রূপে ধারণ করুন’ (১০।১৭৩।৫); ‘ইন্দ্র তোমার প্রজাদের একায়ত্ত ও কর-প্রদানোন্মুখ করেছেন’ (১০।১৭৩।৬)।<sup>১৩</sup> পরবর্তী সূক্তেও রাজার প্রতি ইন্দ্রের আনুকূল্য প্রকাশ পেয়েছে (১০।১৭৪।১)।

উল্লিখিত ১৭৩ সূক্তে স্পষ্টতই বলা হয়েছে, ইন্দ্র প্রজাদের ‘একায়ত্ত ও করপ্রদানোন্মুখ’ করেছেন। করপ্রদানের রীতি কিন্তু এর আগে বৈদিক সমাজে ছিল না। “প্রথম যুগে বৈদিক রাজারা ছিলেন প্রধানত সামরিক নেতা। যুদ্ধে দক্ষতা ও গোষ্ঠীর রক্ষাকার্যে সাফল্যের ওপরই তাঁর রাজা থাকা না-থাকা নির্ভর করত। তিনি স্বেচ্ছায় দেওয়া উপহার গ্রহণ করতেন। কিন্তু জমির ওপর তাঁর কোনো অধিকার ছিল না এবং নিয়মিত কোনো করও তিনি পেতেন না।”<sup>১৪</sup> অতএব ইন্দ্রকেই প্রথম সংগ্রাহকের ভূমিকায় আমরা লক্ষ্য করলাম। ফলে বেদের যুগে ‘ঋতম্’-এর যে ভূমিকা ছিল তাও লুপ্ত হয়ে গেল। “সত্যম ঋতম্ বৃহৎ”<sup>১৫</sup> ছিল বৈদিক ঋষিদের কাছে বীজমন্ত্র স্বরূপ।<sup>১৬</sup> “ঋ” অর্থ চলা বা গতি। বিশ্বচরাচর যে সত্যের ছন্দে নিয়ত চলমান—মহাসৃষ্টির যে বিলসন ক্রিয়া তাই হল ঋত।<sup>১৭</sup> ঋত হচ্ছে ধর্ম। ঋত আর সত্য হচ্ছে সমার্থক। “সত্যের এই গতিময় সৃষ্টিক্রিয়াকেই বলে ঋতম্।”<sup>১৮</sup> শক্তিজীবী ইন্দ্র শক্তিমানের যথেষ্টাচারিতায় এই ঋতের সত্যের ধারাকেই অস্বীকার করেছিলেন। এ সম্পর্কে যথার্থই বলা হয়েছে যে, ‘বরুণকেন্দ্রিক ঋত-কেন্দ্রিক আর্থধর্মের পথ ভারতে ছিল মূলত কবিদার্শনিক বা ঋষি-কবির পথ।..... অন্য দিকে আর্থধর্মের ঐতিহ্যে নবতর শক্তির প্রতীক হয়ে প্রতিষ্ঠিত ইন্দ্র-কেন্দ্রিক নবোদিত বা অর্বাচীন ব্রাহ্মণ্য ধারা ছিল মূলত কবিদার্শনিক দর্শন-ধর্মী মানসিকতা থেকে অনেক দূরের যাদুধর্মী-শক্তিদর্মী মানসিকতার প্রতিনিধিত্ব মূলক।’<sup>১৯</sup>

অতঃপর ভারতীয় জীবনধারা স্পষ্টত দুভাগে বিভাজিত

হয়ে গেল। একদিকে বরুণ-সূর্য-বিষ্ণুর জনমুখী শস্য-উৎপাদনকারীদের ধারা, অপরদিকে ইন্দ্রের দমনপন্থী শক্তিজীবী আহাির সংগ্রহকারীদের ধারা। এই ধারা ঋতের সত্যের জীবনদর্শনকে ভুলুপ্ত করে নিজের আধিপত্যকে প্রতিষ্ঠিত করেছিল। কৌশিকি উপনিষদে ইন্দ্রের স্বভাবের যে বর্ণনা রয়েছে তা আমাদের মতের অনুকূলে সাক্ষ্য বহন করে। সেখানে ইন্দ্রের বাচনিক দিবোদাসের ছেলে প্রতর্দনের উদ্দেশ্যে উক্ত হয়েছে, “তুষ্টির ছেলে ত্রিশীর্ষকে আমি হত্যা করিয়াছি। অরুর্মগ নামক যতিকে আমি কুকুর দ্বারা ভক্ষণ করাইয়াছি। যুদ্ধের অনেক সন্ধি ভঙ্গ করিয়া আমি দিবালোকে প্রহ্লাদের অনুচরদিগকে, অন্তরীক্ষে পৌলোমদিগকে এবং পৃথিবীতে কালকাস্যদিগকে বধ করিয়াছি। এইসব কাজ করিতে আমার একটি কেশও বাঁকিয়া যায় নাই। যে আমাকে এই ভাবে জানিবে, সে যদি মাতৃবধ, পিতৃবধ, চুরি, জগহত্যা ইত্যাদি মহাপাতকও অতীতে করিয়া থাকে, তবু তাহার মনে কিছুমাত্র অনুশোচনা হইবে না, অথবা বর্তমানেও এইসব পাপ করিবার সময় মনে তাহার কোনো দুঃখ হইবে না, অথবা তাহার মুখের উজ্জ্বলতা কিছুমাত্র কমিয়া যাইবে না।”<sup>২০</sup> ইন্দ্রের সঙ্গে সত্যের ঋতের কোনো সম্পর্কই ছিল না। অপরদিকে ঋতের সঙ্গে সূর্যের সম্পর্ক ছিল ওতপ্রোত। ঋগ্বেদে বলা হয়েছে, ‘ঋতেনাদিত্যাস্তিস্তি’ (৮।৮৫।১); অর্থাৎ ‘ঋত প্রভাবে আদিত্যগণ আকাশে অবস্থিত আছেন।’ একই সূক্তে বলা হয়েছে,

‘সূর্যায় দেবেভ্যো মিত্রায় বরুণায় চ।

যে ভূতস্য প্রচেতস ইদং তেভ্যোহকরং নমঃ ॥

(ঋ-৮।৮৫।১৭)

‘সূর্য ও দেবতাগণ এবং মিত্র ও বরুণ, ঐরা প্রাণিবর্গের শুভচিন্তা করেন, ঐদের নমস্কার করলাম।’<sup>২১</sup> এই ঋত-এর আবিষ্কারই ছিল আর্থ সংস্কৃতির একটি অন্যতম দিক। “Rita is a fundamental concept of Indian culture. Bloomfield in his *Religion of the Veda* says that Rita is unquestionably the best conception that has been elaborated by the Aryans”, p-126।<sup>২২</sup> ইন্দ্র এসেছিলেন এই ধারার বিরুদ্ধে শস্য সংগ্রাহকদের দলপতি হয়ে। তাঁকে বলা হয়েছে তিনি ত্রিলোকের রাজা, দেব ও মানুষের রাজা—‘ইন্দ্রো রাজা জগতশচর্যনিনাম’ (অথর্ববেদ-১৯।১।১)। অথর্ববেদেই তাঁকে আবার রাজার রাজা বলে ঘোষণা করা হয়েছে—‘ইন্দ্রেন্দ্র মনুষ্যঃ পরেহি’ (অথর্ব-১।৬।১২)। ফলে তিনি জনগণের ভীতির কারণ হয়েছেন; কিন্তু ভক্তির পাত্র হয়ে উঠতে পারেননি। এ সম্পর্কে বলা হয়েছে, “তিনি দাস জাতির



শত শত দুর্গ ধ্বংস করে পুরন্দর নামে খ্যাতি লাভ করেছিলেন। ইন্দ্র মহৎ নন, তিনি বীর। বরুণ বীর নন, তিনি নানা মহৎ গুণের আধার। নানা মহৎ কর্মে আত্মনিয়োগ করে তিনি ধৃতরত আখ্যা পেয়েছেন। ইন্দ্রকে আমরা ভয় করব; কিন্তু বরুণকে আমরা ভক্তি করব।”<sup>২৩</sup> ঋগ্বেদের বিভিন্ন সূক্তে তাঁর যে ভূয়সী-প্রশংসা রয়েছে তা যে স্তুতিকারকের ভীতিজাত তা অনুমান করতে অসুবিধে হয় না। তাঁকে সূর্য-বরুণ-মিত্রের সঙ্গে একাকার করে দেওয়া হয়েছে এবং তিনিই যে সূর্য এবং মেঘের অধিপতি তা বারে বারে ঘোষণা করা হয়েছে। অথচ ইন্দ্র যে সূর্য, তার মূলে রয়েছে শক্তিজীবী ইন্দ্রের সদস্ত ঘোষণা, ‘অহং মনুরভবং সূর্যশচং...’ (ঋ-৪।১২।১); — ‘আমি মনু হয়েছিলাম, আমিই সূর্য।’ বাহুবলের প্রভাবে তিনি স্তুতিকারকের দৃষ্টিকে আকর্ষণ করলেও শ্রদ্ধার পাত্র হয়ে উঠতে পারেননি। কেননা তাঁর চরিত্র ছিল শোষণজীবী শাসক প্রভুর।

এবার আমরা চন্দ্রের সঙ্গে ইন্দ্রের সম্পর্ক নিয়ে আলোচনা করব। যদিও ঋগ্বেদে সূর্যই স্তুত হয়েছেন সরাসরি আবার কখনো বা ভিন্ন ভিন্ন নামে, তবু উল্লেখ্য যেখানে চন্দ্র বা সোমও স্থান পেয়েছেন বিশেষ ভাবে। “ঋক্ সংহিতার সূক্তসংখ্যা এক হাজারেরও বেশী, তার মধ্যে সোমের উদ্দেশ্যে ব্যবহৃত সূক্তসংখ্যা ১২০। সূক্তসংখ্যার বিচারে ঋগ্বেদে ইন্দ্র এবং অগ্নিদেবতার পরেই সোমদেবতার স্থান।”<sup>২৪</sup> বেদে সোমের ভৌতিক এবং দৈবিক— এই দুই রূপই লক্ষণীয়। ভৌতিক দৃষ্টিকোণ থেকে সোম হচ্ছে একজাতীয় ওষধি। এই ওষধিজাত নির্ঘাস, যা সোমরস নামে বর্ণিত তা দিয়ে দেবতার উদ্দেশ্যে আর্ঘ্য দেওয়া হত। দেবতার আনন্দের জন্য এই সোমরস পান করতেন। সোমরস পানে ঋষিরাও আনন্দিত হতেন। “এই আনন্দ পাওয়া যেত বলেই সোমকে অনেক স্থলে মধু (মধুমান ঋ-৯।৬।১১, ‘মধুমত্তম’ ঋ-৯।৬।১৬); এবং অমৃত (ঋ-৯।১১।০।৪) শব্দে উল্লিখিত হতে দেখি।”<sup>২৫</sup> ঋগ্বেদে যিনি অন্যতম দেবতা সেই ইন্দ্র হচ্ছেন সর্বোত্তম সোমপায়ী। ‘সোমপাতম’ (ঋ-১।১২।১১) শব্দটি ইন্দ্রের উদ্দেশ্যে প্রযুক্ত। ইন্দ্র সোমপান করেই শক্তিমান হয়ে ওঠেন—“মমত্ত্ব ত্বা দিব্যঃ সোম ইন্দ্রঃ” (ঋ-১০।১।১৬।৩)। অপরদিকে সোমকেও ‘ইন্দ্রপাতম্’ (ঋ-৯।৯।১০) বলা হয়েছে। এই প্রসঙ্গে উল্লেখ্য, অথর্ববেদে কোথাও কোথাও সোম এবং চন্দ্র এক বলে উল্লেখ করা হয়েছে (৭।৯।১।৪)। ঋগ্বেদেও চন্দ্রের সঙ্গে সোমের উল্লেখ রয়েছে (ঋ-৯।৬।১২।৫)। তবে সোম চন্দ্রে আরোপিত হয়েছেন, না চন্দ্র সোমে আরোপিত হয়েছেন— এ-নির্দেশ পণ্ডিতদের মধ্যে মতবৈধতা আছে। তারকেশ্বর ভট্টাচার্য ঋগ্বেদে অবলম্বনে মন্তব্য করেছেন ঋগ্বেদের প্রাচীন অংশে সোম লতা মাত্র এবং অর্বাচীন অংশে সোমই হচ্ছেন চন্দ্রমাস্বরূপ।<sup>২৬</sup> আবার Hillebrandt-

এর মতে সোম শব্দে প্রথম চন্দ্রমাকেই নির্দেশ করত এবং পরে তা সোমলতা বা সোমরসের সঙ্গে একাকার হয়ে গেছে। “In the earliest Mythology of the Vedic poets Soma was primarily the moon and that its identification with Soma the plant, and Soma, the juice of it, offered at a certain sacrifice, must be considered as a secondary phase in the development of Lunar Mythology.”<sup>২৭</sup>

পরবর্তীকালে ব্রাহ্মণ গ্রন্থ সমূহেও সোম এবং চন্দ্রের অভিন্নতাই প্রকাশিত হয়েছে। এ থেকে প্রমাণিত হয়— শক্তিজীবী ইন্দ্রের সম্পর্ক চন্দ্রের সঙ্গে গড়ে উঠেছিল। আসলে চান্দ্র সংস্কৃতির ধর্মই হচ্ছে উৎপাদন বা পালন নয়— সংগ্রহ। সোমের উদ্দেশ্যে উক্ত দু-একটি ঋক্ আলোচনা করলেই বিষয়টি স্পষ্ট হবে। “হে সোমরসহু আমাদের শত শত গোধন এবং সহস্র ঘোটক এবং নানা প্রকার সম্পত্তি এনে দাও”(ঋ।৬।৭।৬)।

“হে সোমহু তুমি সুবর্ণ ও অশ্ব ও ধন, জন বিতরণ করতে করতে ক্ষরিত হও। তুমি গোধন ও খাদ্যদ্রব্য আহরণ কর”(ঋ।৬।৩।১৮)।

“গোধন ও অশ্ব সহস্রসংখ্যক ধন আমাদের বিতরণ কর এবং বলবীর্য ও খাদ্যদ্রব্য বিতরণ কর”(ঋ।৬।৩।১২)।

“হে সোমহু তুমি শোধিত হয়ে ইন্দ্রের সাথে এক রথে আরোহণপূর্বক বিস্তার গাভী আহরণ কর, .....” (ঋ।৮।৭।৯)।

শেযোক্ত ঋক্ সম্পর্কে বলা হয়েছে, — “এই বর্ণনায় যুদ্ধক্ষেত্র থেকে গোসম্পদ লুণ্ঠন করার দৃশ্যটি স্পষ্ট। এই বর্ণনায় সোমের সঙ্গে ইন্দ্রও যুক্ত, কারণ যুদ্ধে তিনিই শ্রেষ্ঠ বীর।”<sup>২৮</sup> ঋগ্বেদে সোমকেও ‘সিংহতুল্য’ বলা হয়েছে (ঋ।৮।৯।৩)। ইনি যে যুদ্ধজীবী গোষ্ঠীর ইন্সট তাও উক্ত হয়েছে একটি ঋক্-এ — “ইনি বীর, ইনি যুদ্ধের সময় অগ্রগামী, ইনি গাভী কোথা এ জিজ্ঞাসা করেন অর্থাৎ গাভী জয় করে আনেন। ঐরই সাহায্যে বৃষ্টি সেচনকারী ইন্দ্র বিশ্বভুবন রক্ষা করেন”(ঋ।৮।৯।৩)।<sup>২৯</sup>

কৃষিজীবী এবং পশুপালক প্রথম ধারার আর্থদের কাছে ‘রয়ি’ বা গোধনই ছিল অন্যতম সম্পদ। “They had no horses at first, but they had cattle.”<sup>৩০</sup> কেননা, “Cattle... this form of wealth is more usually privately owned than land and it can multiply.”<sup>৩১</sup> তাই গোসম্পদই ছিল, আর্থদের অন্যতম অবলম্বন।<sup>৩২</sup> “ঋগ্বেদে ধনী ব্যক্তির সমার্থক শব্দটি ‘গোমৎ’, যার আক্ষরিক অর্থ গোসম্পদের অধিকারী ব্যক্তি। কন্যা সন্তানের প্রতিশব্দ ‘দুহিতু’ কথাটিতেও গোসম্পদের ব্যঞ্জনা লক্ষণীয়, অর্থাৎ যিনি গাভী দোহন করেন। রামশরণ শর্মা দেখিয়েছেন যে সমগ্র ঋগ্বেদে ‘গো’ শব্দটি কম করেও ১৭৬ বার উল্লিখিত।”<sup>৩৩</sup> এই ধারার বিরুদ্ধে এলেন চান্দ্র সংস্কৃতির





ধারক গো সম্পদ লুণ্ঠনকারী যুদ্ধজীবী ইন্দ্র। এই সংঘাতচিত্র আর্থসমাজকে দ্বিধাবিভক্ত করেছিল। একদিকে কৃষিজীবী পশুপালক আর্ষ, অপরদিকে শক্তিজীবী গো লুণ্ঠনকারী ইন্দ্র। এই কৃষি এবং সূর্যকেন্দ্রিক সংস্কৃতির ধারাতেরই পরবর্তীকালে ‘কৃষ’ ধাতুজাত কৃষকে কেন্দ্র করে গো-কেন্দ্রিক মানসিকতার উদ্ভব। একইভাবে ইউরোপের ইতিহাসেও খ্রিস্টের মধ্যে এমনি এক সদর্থক মানসিকতা জন্ম নিয়েছিল। এ প্রসঙ্গে আমরা D.H. Larence-এর একটি মন্তব্য অনুধাবন করতে পারি — “The gentle cow which supports our life. Even the mother of Jesus had with her in the stable the cows of peace and plenty, when Jesus was born.”<sup>৪৪</sup>

বেদের প্রতীকী ভাষায় আমাদের উল্লিখিত সংঘাতচিত্র কিংবা সৌর-চন্দ্র মেরুক্রম স্পষ্ট হয়ে না উঠলেও আমাদের দুখানা মহাকাব্যে এবং বিশেষ করে ভাগবতে দিবালোকের মতোই এই দ্বন্দ্ব স্পষ্টীকৃত হয়। ঋগ্বেদের ৮ম মণ্ডলের ৯৬ সংখ্যক সূক্তের ১৩-১৫ ঋকে কোনো এক কৃষকের সঙ্গে ইন্দ্রের যুদ্ধবর্ণনার চিত্র অঙ্কিত হয়েছে। শ্রীমদ্ভাগবতে বাসুদেব কৃষ্ণের সঙ্গে ইন্দ্রের সংঘাত বিস্তৃতভাবেই বর্ণিত হয়েছে। কৃষির সুবিধার্থে জলের জন্য ইন্দ্রের পূজা করা হয়, নন্দ প্রভৃতি বৃদ্ধদের মুখে এই কথা শুনে শ্রীকৃষ্ণ ইন্দ্র-পূজার বিরোধিতা করে বলেছেন—

‘রজসা চোদিতা মেঘা বর্ষতাস্থনি সর্বতঃ।  
প্রজাস্তৈরেব সিধাস্তি মহেন্দ্রঃ কিং করিয়াতি।’

(ভা. ১০/১৪/২৩)

অর্থাৎ, ‘প্রকৃতির স্বভাবেই মেঘ হয় এবং মেঘ সর্বত্র বারি বর্ষণ করে, তাতেই জীব বাঁচে। এখানে মহেন্দ্রের কিছুই করার নেই।’ ঋতের সহায়ে শক্তিজীবীর আধিপত্য এভাবেই কৃষক খর্ব করেছিলেন।<sup>৪৫</sup>

ঋগ্বেদে অন্যান্য দশ স্থানে কৃষ্ণ নামের উল্লেখ আছে (৮/৯৬; ৮/৮৫; ৮৬; ১০/৪২, ৪৩, ৪৪; ৭/৯০, ১০০) সূক্তে কৃষ্ণ এবং বিষ্ণু নামে তাঁর মহিমা কীর্তিত হয়েছে। কেউ কেউ কৃষ্ণকে গাত্র-বর্ণ অনুসারে অন-আর্ষ গোষ্ঠী সজ্বত বলে মনে করতে পারেন; কিন্তু ইতিহাস তা সমর্থন করে না। “যযাতি-পুত্র যদুর বংশোদ্ভব ব্যক্তির যাদব নামে অভিহিত। ঋগ্বেদে যে সব আর্ষগোষ্ঠীর নামোল্লেখ আছে যদু তাদের একজন।”<sup>৪৬</sup> কৃষ্ণ সম্পর্কে আরও বলা হয়েছে, “শ্রীকৃষ্ণের আরো একটি পরিচয় তিনি বৃষিবংশসজ্বত। শুধু তাই নয়, বিষ্ণুর অংশে বাসুদেবের জন্ম। বাসুদেবের গুণে তিনি জন্মগ্রহণ করেন। অতএব শ্রীকৃষ্ণ যদুবংশীয়; বৃষিবংশোদ্ভব এবং বাসুদেব-নন্দন। মনে হয় যদু নামক প্রাচীনতম জাতির শাখা বিষ্ণু-বংশ।”<sup>৪৭</sup>

কৃষ্ণের সঙ্গে চন্দ্র-সংস্কৃতির ধারক ইন্দ্রের সংঘাতের ইঙ্গিত

আমরা দিয়েছি। এই ইন্দ্রের ধারাতেরই কৃষিবিরোধী অনার্য দেবতা চন্দ্রশেখর শিবের আবির্ভাব ঘটে। সৌরদেবতা সূর্যের অপর নাম দক্ষের সঙ্গে শিবের সংঘাত চন্দ্র এবং সৌর-সংস্কৃতির সংঘাতকেই ভারতবর্ষের ইতিহাসে বহাল রাখে। দর্শনিকের দক্ষ বলেছেন যে, “... he does not honour Siva, because although he knows eleven Rudras, he does not know Maheswara (Siva). (Mahabharata 12 No 28, 40-45). This is the actual historical basis of the mythological conflict. Although the eleven Rudras (or Maruts) are Vedic storm gods who serve Indra, the invdividul Rudra who eventually subsumes and commands them all is non-Vedic in almost all essentials, a combination of the Indus Valley Pasupati, a tribal god of destruction, a vratyas ascetic...”<sup>৪৮</sup>

পুরাণ কাহিনি অনুযায়ী দক্ষযজ্ঞ ধ্বংসকালে শিব কর্তৃক দক্ষের নিগ্রহ এবং শিবের ভয়ংকর-দর্শন অনুচর, বীরভদ্রের দ্বারা যজ্ঞস্থলে উপস্থিত পুষ্পের দস্তোয়পাটন-ঘটনা, সৌর এবং চন্দ্র সংস্কৃতির সংঘাতকেই ব্যঞ্জিত করে। কেননা, এই পুষ্প হচ্ছেন সূর্যই।<sup>৪৯</sup> যাক্ষ একথা স্বীকার করেছেন — ‘সর্বেষাং ভূতানাং গোপয়িতা আদিতাঃ’— ‘সকল প্রাণীর রক্ষাকর্তা আদিত্যই পূষা।’<sup>৫০</sup> এই সংঘর্ষ প্রসঙ্গে আর একটি মন্তব্য উদ্ধৃত করার লোভ সংবরণ করা গেল না— “In view of the sactarian conflict between the Vaisnava Daksha and the Saiva group (Nandin,... Sati & Siva himself) Visnu’s intervention in these variants is significant.”<sup>৫১</sup> উল্লেখ্য, বিষ্ণু হচ্ছেন সৌরদেবতা। “যদিষিতো ভবতি তদ্বিষ্ণুর্ভবতি”— ‘পুষ্যাবস্থা অতিক্রম করিয়া আদিত্য বিষ্ণু হন।’<sup>৫২</sup>

চন্দ্র সংস্কৃতির ধারাতেরই ইন্দ্রের পথ ধরে ভারতবর্ষে ব্রাহ্মণ্যতন্ত্রের সূত্রপাত ঘটে। পুরোহিত তন্ত্রের সঙ্গেই বিভিন্ন শক্তি দেবদেবীর তথা তান্ত্রিক সাধনারও যাত্রা শুরু হয়। ‘বেদে সমস্ত যজ্ঞকর্ম যেখানে দিবাভাগে সম্পন্ন হত, সেখানে সোমযজ্ঞ রাত্রি পর্যন্ত বিস্তৃত ছিল। রাত্রিকালীন ‘অতিরাত্র’ নামক অনুষ্ঠান সম্বন্ধে বলা হয় সোমযজ্ঞের অনুষ্ঠানের সাধারণ পদ্ধতি ছাড়াও যে একটি গুহ্য ক্রম ছিল তারই ইঙ্গিতবহু হচ্ছে এই ‘অতিরাত্র অনুষ্ঠান।’<sup>৫৩</sup> গোপীনাথ কবিরাজ মন্তব্য করেছেন যে, যোগীর সাধনা বা তান্ত্রিকদের শক্তি উপাসনার কথা আলোচনা করলে সোমরহস্য বোঝা যায়। যোগীর সাধনার লক্ষ্য যে পরমানন্দ এবং তান্ত্রিকদের যে মহাশক্তি তাই এই সোম।<sup>৫৪</sup> এই গুহ্য তান্ত্রিক সাধনার অন্যতম ধারক ছিলেন ভারতবর্ষের নবোদ্ভূত পুরোহিত



সম্প্রদায়, যাঁরা ছিলেন চন্দ্র সংস্কৃতির অন্যতম ধারক।

বেদে যে সংঘাতের সূচনা হয়েছিল তারই বিবর্তিত রূপ আমরা লক্ষ্য করলাম পরবর্তীকালে কৃষি এবং সূর্যকেন্দ্রিক বিষ্ণু-কৃষ্ণ বনাম যাদুমুখী কৃষিবিরোধী চন্দ্রকেন্দ্রিক ইন্দ্র-শিব-শক্তির মধ্যে। একদিকে গণতন্ত্রে বিশ্বাসী কৃষিজীবী শূদ্র-বৈশ্য-ক্ষত্রিয়, অন্যদিকে সামন্তপ্রভু এবং পুরোহিত ব্রাহ্মণের দল; চন্দ্রশেখর শিব এবং শক্তিই ছিল তাঁদের একমাত্র আরাধ্য। “The real underlying struggle is known to have been between the great feudal landlords who worshipped Siva and his consort goddess as against the smaller but more enterprising entrepreneurs who opted for Krishna or Vishnu-Narayana.”<sup>৫৫</sup> এ সম্পর্কে আরও বলা হয়েছে, “Siva had then become the god of the great barons, whereas the cowherd boy Krishna remained associated with small producers.”<sup>৫৬</sup> একনায়কত্ববাদী বৈদিক ইন্দ্রের যথার্থ উত্তরাধিকারী সামন্ত প্রভু এবং কৃষিবিরোধী যাদুমুখী ব্রাহ্মণ্যবাদীরা তাঁদের আদর্শের মিল খুঁজে পেয়েছিলেন ভীতিপ্রদ শিব তথা শক্তিদেবীদের মধ্যে। কেননা, “...Siva has a rather ferocious and dangerous side of his character. Vishnu is generally thought of as wholly benevolent. The god works continuously for the welfare of the world.”<sup>৫৭</sup>

সৌর এবং চন্দ্র সংস্কৃতির এই সংঘাত আজও ভারতবর্ষে ভিন্নভিন্ন শিরোনামে প্রবহমান।

\* চন্দ্র এবং সৌর সংস্কৃতির এই সংঘাত-চিত্র অঙ্কনে আমি যাঁর চিন্তা এবং লেখনীর দ্বারা গভীরভাবে প্রভাবিত হয়েছি তিনি হচ্ছেন গৌহাটী বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের প্রাক্তন অধ্যাপক শ্রদ্ধেয় ভবেন বরুয়া মহাশয়।

#### সূত্র-নির্দেশ :

১। শ্রীহরেকৃষ্ণ মুখোপাধ্যায় : গৌড়বঙ্গ সংস্কৃতি, ১ম সং ১৯৭২, পৃ. ৭।

২। Gordon Marshall (ed) : A Dictionary of Sociology, 4th Impression, 2007, Oxford University press, p. 133

‘cult’ এর সংজ্ঞা নির্দেশ করতে গিয়ে অন্যত্র বলা হয়েছে : “... a particular system of religious worship, esp. with reference to its rites and ceremonies.”

‘Webster’s Encyclopedic Unabridged

Dictionary of the English Language’, New revised edn.1994, Gramercy Books, Newyork, p. 353

৩। Origin and growth of Religion, p. 258, ড. বিশ্বনাথ মুখোপাধ্যায় কর্তৃক তাঁর বৈদিক ভাবনায় সোম গ্রন্থে উদ্ধৃত, বর্ধমান বিশ্ববিদ্যালয়, ১৯৭৯, পৃ. ৩২।

৪। রবীন্দ্রনাথ ঠাকুর : রবীন্দ্র-রচনাবলী, ১৫শ খণ্ড, বিশ্বভারতী, ১৯৭৬, পৃ. ৫৪৮।

৫। তদেব, পৃ. ৫৪৭।

৬। তদেব, পৃ. ৫৪৮।

৭। তদেব, পৃ. ৫৪৮।

৮। শিবনারায়ণ রায় : জাতিবাদ মনুষ্যত্ব ও সংস্কৃতি, ‘গণতন্ত্র ও সংস্কৃতি ও অবক্ষয়’, ১৯৮১, পৃ. ৯৭।

৯। G. Kunhan Raja : Vedic Culture, composed in The Cultural Heritage of India, vol. 1, Reprinted 1982, p.205 cf, “... the Aryans had not reached any significant level of material civilization and had not yet learnt to build cities. But their religious consciousness was of a higher order than that of other ancient peoples.” S.Abid Husain : The National Culture of India, Reprinted 1982, National Book Trust, India, p. 30.

এ প্রসঙ্গে আরও দু-একটি মন্তব্য উদ্ধৃত করতে পারি :

ক। “ব্যাধি-বিপত্তিভয়ে দুর্ভাগা জাতিদের, ধর্মের উৎপত্তি। কিন্তু জ্যোতির্ময় দ্যৌঃ, লজ্জাবতী উষা, উদীয়মান সূর্য, জাজ্জ্বল্যমান অগ্নি, প্রকৃতির উজ্জ্বল ও চিন্তামুগ্ধকর পদার্থপুঞ্জ নয়নগোচর করিয়া, আর্ষদের সরল হৃদয়ে গভীর ভাবের উদয় হইয়াছিল। তাঁহাদের কৃতজ্ঞতা- ব্যঞ্জক স্তুতি ও সাধুবাদ-পূর্ণ গাথাসকল আপনি যেন তাঁহাদের মুখ হইতে উচ্চারিত হইয়াছিল। সেই হৃদয়-নিঃসৃত গাথাই ঋগ্বেদ-সংহিতা।”

রমেশচন্দ্র দত্ত : প্রাচীন ভাবতবর্ষের সভ্যতার ইতিহাস, ৩য় সং ২০০৭, দীপায়ন, পৃ. ৫৫।

খ। “..... কোনো বিশেষ ধর্মপ্রণালী ঋগ্বেদের ধর্ম নহে। প্রাকৃতিক জড় বস্তুর উপাসনা হইতে ঐ জড় বস্তুসমূহের অনাদি অনন্ত অদ্বিতীয় পরমেশ্বরের উপাসনার বিকাশ ঋগ্বেদের ধর্ম। রক্তিমাত উষার শিশুসুলভ প্রশংসাবাদ হইতে সৃষ্টি ও স্রষ্টার গভীরতত্ত্ব আলোচনা পর্যন্ত ঋগ্বেদের





- ধর্ম।” তদেব, পৃ. ১০৫।
- ১০। হরিচরণ বন্দ্যোপাধ্যায় : *বঙ্গীয় শব্দকোষ*, ১ম খণ্ড, পুনর্মুদ্রণ ১৯৭৮, সাহিত্য অকাদেমি, পৃ. ৮৭১।
- ১১। রমেশচন্দ্র দত্ত (অনু.) : *ঋগ্বেদ-সংহিতা*, ১ম খণ্ড, ২য় প্রকাশ ১৯৮৭, হরফ প্রকাশনী, পৃ. ১০৯।
- ১২। Bertrand Russell : *Marriage and Morals*, Ist Indian Reprint, 2010, London. p. 21-22
- ১৩। Ibid, p.22
- ১৪। শ্রীঅরবিন্দ : *ভারতীয় সংস্কৃতির ভিত্তি*, (বাংলা অনু. শ্রীসুরেন্দ্রনাথ বসু), ১৯৬৯, পণ্ডিচেরি, পৃ. ৩১৫।
- ১৫। তদেব, পৃ. ৩১৬।
- ১৬। Usha Choudhury : *Vedic Mythopoeia (An Approach to Religion Myth and poetry)*, 1983, Nag publishers, Delhi, p.1  
রবীন্দ্রনাথও তাই বলেছিলেন তাঁর *Religion of Man* গ্রন্থে, “It is evident that my religion is a poet’s religion and nither that of an orthodox man of piety, nor that of the theologian.” Quoted by Usha Choudhury, Ibid, p.1.
- ১৭। Romila Thapar : *Ancient Indian Social History Some Interpretations*, Reprinted 2012, Orient Black Swan, p. 109
- ১৮। Usha Choudhury : *Vedic Mythopoeia*, p. 2
- ১৯। বিশ্বনাথ শাস্ত্রী : *পুরোবাক* ; দ্রষ্টব্য। ড. নির্মলপ্রভা বরদলৈ : *সূর্য*, ২য় প্রকাশ, ২০০৮, সাহিত্য প্রকাশ গুরাহাটী, পৃ. ০২০।
- ২০। Sir Charles Eliot : *Hinduism and Buddhism*, Vol-1, 1921, 2/4/5 p. 63  
এ প্রসঙ্গে আর-একটি মন্তব্য উল্লেখনীয়, “The same god Indra, Varuna, Mitra, etc., were worshipped by Persians till Zoroaster swept them away in the late sixth century B.C. Only the Indo-Aryan god of fire(Agni) remained in common worship for both.”  
D.D. Kosambi : *The Culture and Civilisation of Ancient India in Historical Outline* Reprinted 2005-2010, Vikas Publishing House Pvt. Ltd. p.77

- ২১। রণবীর চক্রবর্তী : *প্রাচীন ভারতের অর্থনৈতিক ইতিহাসের সন্ধান*, ২য় সং, ৫ম মুদ্রণ, ২০১০, আনন্দ, পৃ. ৪১।
- ২২। “In the hymns desire is frequently expressed for increase in cattle, which still constituted the principal form of movable property. Agriculture, however, tended to become the chief means of livelihood in the period....”  
D.N. Jha : *Ancient India In Historical Outline*, Revised edn. 2014, Manohar, p.54
- ২৩। ক। রণবীর চক্রবর্তী : *প্রাচীন ভারতের অর্থনৈতিক ইতিহাসের সন্ধান*, পৃ. ৩০।  
খ। রামশরণ শর্মা : *প্রাচীন ভারতের সামাজিক ও অর্থনৈতিক ইতিহাস*, (বাংলা অনু. অঞ্জন গোস্বামী), ১৯৯৬, ওরিয়েন্ট ব্লাকসোয়ান, পৃ. ১২৫।
- ২৪। D.D. Kosambi : *The Culture and Civilisation of Ancient India in Historical Outline*, p. 62
- ২৫। D.H. Gordon : *The Pre-historic Background of Indian Culture*, Bombay, 1958, p.71.
- ২৬। রামশরণ শর্মা : *প্রাচীন ভারতের সামাজিক ও অর্থনৈতিক ইতিহাস*, পৃ. ১৩২।  
প্রসঙ্গত উল্লেখ্য, অথর্ববেদে পৃথু-বৈন্যের কাহিনি প্রসঙ্গে বলা হয়েছে, “আর্যরা কৃষিজীবী, ‘ব্রাত্য’ জনরা(অর্থাৎ সামাজিক দিক থেকে পতিত গোষ্ঠী) বৈদিক ধর্মের বিরোধী ও কৃষিকর্মে যুক্ত থাকে না। ‘আর্য’ কথাটি এখানে ভদ্র বাক্তি অর্থে ব্যবহৃত। ভদ্রজনের পক্ষে শ্রেয় জীবিকা যে কৃষিকর্ম এমন একটি দৃষ্টিভঙ্গিই এখানে প্রকট।”  
রণবীর চক্রবর্তী : *প্রাচীন ভারতের অর্থনৈতিক ইতিহাসের সন্ধান*, পৃ. ৫৭।
- ২৭। Jawaharlal Nehru : *The Discovery of India*, 2004, Penguin Books, p.85  
অনুরূপ মন্তব্য অনেকেই করেছেন।  
ক। “The *Rigveda* attached great importance to agriculture (*krishiti*) —”  
Radhakumud Mukherjee : *Hindu Civilization*, part-1, p.75  
খ। “The word ‘Aryan’ implies one acquainted with the processes of agriculture, an earer of the ground, to

use an Elizabethan word—accustomed, therefore, to a fixed and industrialized mode of living, evidently in contrast to others who were not”.  
Sister Nivedita : *The Web of Indian Life*, 1904, William Hainemann, p. 140

গ। “যে আর্যশব্দে হিন্দুদের পূর্ব-পুরুষেরা আপনাদিগকে দাস ও আদিম নিবাসী হইতে শ্রেয়ান্ বলিয়া পরিচয় দিতেন, সেই শব্দ কর্ষণবোধক ধাতু হইতে উৎপন্ন। আরাণ বা পারস্য হইতে ইরিগ্ বা আয়র্লগ্ পর্যন্ত সমস্ত আর্যভূমে এই শব্দের পরিচয় পাওয়া যায়।”  
রমেশচন্দ্র দত্ত : *প্রাচীন ভারতবর্ষের সভ্যতার ইতিহাস*, পৃ. ৫৮।

অবশ্য অনেকে ‘ঋ’ ধাতুজাত আর্য শব্দটির অর্থ করেছেন ‘যাযাবর’। কেননা বিভিন্ন গণে যে ‘ঋ’ ধাতু দেখা যায় তার অধিকাংশের অর্থই হচ্ছে গতি।

ধর্মানন্দ কোসম্বী : *ভগবান বুদ্ধ*, (বাংলা অনু. শ্রীচন্দ্রোদয় ভট্টাচার্য) ২য় মুদ্রণ, ১৯৮৬, পৃ. ৪।

২৮। Gordon Child : *What Happend in History*, 1954, P. 274

২৯। “Indo-European languages evolving among the earliest agriculturalists.”  
Stuart Piggott: *Prehistorical India*, 1961, p. 248

৩০। প্রভাতরঞ্জন সরকার : *শব্দচয়নিকা*।

৩১। D.N. Jha : *Ancient India In Historical Outline*, p. 63

৩২। বাংলা অনু. রমেশচন্দ্র দত্ত : *ঋগ্বেদ-সংহিতা*, ১ম খণ্ড, পৃ. ৫৩২।

৩৩। তদেব, পৃ. ৫৩২।

৩৪। অমলেন্দু ভট্টাচার্য : *বেদমন্ত্র-মঞ্জরী*, ১৯৯২, *আর্যভারতী*, পৃ. ২৬০।

৩৫। রামায়ণ আদিকাণ্ড, ১। ৯৮; ধ্যানেশ নারায়ণ চক্রবর্তী (অনু. সম্পা.) : *রামায়ণম*, প্রথম খণ্ড, প্রথম সংস্করণ, ১৯৯৬, নিউলাইট, পৃ. ৮।

৩৬। রামায়ণ, আদিকাণ্ড, ৬৬। ১৩, ১৪; তদেব, পৃ. ১৪২।

৩৭। বাংলা অনু. রমেশচন্দ্র দত্ত : *ঋগ্বেদ-সংহিতা*, ২য় খণ্ড, ১৯৭৬, হরফ, পৃ. ৬০৭।

৩৮। ঋ- ১০। ১৭। ১২, তদেব, পৃ. ৫৬০।



- ৩৯। D.N.Jha : *Ancient India In Historical outline*, p.47.
- ৪০। রমেশচন্দ্র দত্ত (বাংলা অনু.) : *ঋগ্বেদ-সংহিতা*, ১ম খণ্ড, পৃ. ৩০৩।
- ৪১। তদেব, পৃ. ২৮৬।
- ৪২। অমলেন্দু ভট্টাচার্য : *বেদমন্ত্র-মঞ্জরী*, পৃ. ১১।
- ৪৩। ড. যোগীরাজ বসু : *বেদের পরিচয়*, ১৯৭৫, পৃ. ২৬১।
- ৪৪। বাংলা অনু. রমেশচন্দ্র দত্ত : *ঋগ্বেদ-সংহিতা*, ১ম খণ্ড, পৃ. ২৩০।
- ৪৫। বাংলা অনু. রমেশচন্দ্র দত্ত : *ঋগ্বেদ-সংহিতা*, ২য় খণ্ড, পৃ. ৫০৬।
- ৪৬। কৃষ্ণয়জুর্বেদ — ৫। ৫। ১২। ৫; হংসনারায়ণ ভট্টাচার্য কর্তৃক তাঁর *হিন্দুদের দেব দেবী উদ্ভব ও ক্রমবিকাশ*, পুনর্মুদ্রণ, ২০০৪ গ্রন্থে উদ্ধৃত, পৃ. ৯৮।
- ৪৭। শতপথ ব্রাহ্মণ—১। ৭। ১৪; তদেব, পৃ. ৯৯।
- ৪৮। Sri Aurobindo : *On the Veda*, 1956, p.109
- ৪৯। V. Jons : *Egyptian Mythology*, p.24
- ৫০। যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি : *বেদের দেবতা ও কৃষ্টিকাল*, বঙ্গীয় সাহিত্য পরিষদ, ১৩৬১ বাংলা, পৃ. ৯৩
- ৫০। তদেব, পৃ. ৯৩
- ৫১। John Dowson : *Classical Dictionary of Hindu Mythology, Religion, Geography, History and literature*, p.4
- ৫২। যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি : *পূজাপার্বণ*, বিশ্বভারতী, পুনর্মুদ্রণ ২০১৩, পৃ. ২
- ৫৩। Buddha Prakash : *Political and Social Movements in Ancient Punjab*, 1964, M. Banarsidass, p. 32
- ৫৪। S. Abid Hussain : *The National Culture of India*, p.16
- ৫৫। Dr. Jyotiprasad Jain : *Jainism : The Oldest Living Religion*, p.43
- ৫৬। Buddha Prakash : *Political and Social Movements in Ancient Punjab*, p.32
- ৫৭। ‘সূর্য কেবল দুদিক স্পর্শ করে, এজন্য সূর্য দোলার ন্যায়,’ (সায়ণ) দ্রষ্টব্য : *রমেশচন্দ্র দত্ত(বাংলা অনু.) : ঋগ্বেদ-সংহিতা*, ২য় খণ্ড, পৃ. ১৮৫।
- ৫৮। রমেশচন্দ্র দত্ত : *ঋগ্বেদ-সংহিতা*, (বাংলা অনু.) ১ম খণ্ড



- ও ২য় খণ্ড।
- ৫৯। রমেশচন্দ্র দত্ত : *প্রাচীন ভারতবর্ষের সভ্যতার ইতিহাস*, পৃ. ৯১
- ৬০। ধর্মানন্দ কোসম্বী : *ভগবান বুদ্ধ* (বাংলা অনু। শ্রীচন্দ্রোদয় ভট্টাচার্য), ২য় মুদ্রণ, ১৯৮৬, পৃ. ৭।
- ৬১। D.N. Jha : *Ancient India in Historical Outline*, p.47.
- ৬২। রণবীর চক্রবর্তী : *প্রাচীন ভারতের অর্থনৈতিক ইতিহাসের সন্ধান*, পৃ. ৬৯।
- ৬৩। বাংলা অনু. রমেশচন্দ্র দত্ত : *ঋগ্বেদ-সংহিতা*, ২য় খণ্ড, পৃ. ৬৭০।
- ৬৪। রোমিলা থাপার : *ভারতবর্ষের ইতিহাস*, (বাংলা অনু. কৃষ্ণ গুপ্ত), ১৯৮০, ওরিয়েন্ট লংম্যান লিমিটেড, পৃ. ২০।  
রোমিলা থাপার অন্যত্র বলেছেন, “There needs to be a sharper definition of concepts such as chiefships and kingships as applied to the history of these times. The activities of the *raja* in *Rigveda*, for instance, agree more closely with those of a chief of the clan rather than a king.”  
Romila Thapar : *The Historiography of the concept of 'Aryan'*, composed in *India Historical Beginnings and the Concept of the Aryan*, edited by Romila Thapar and others, 2006, National Book Trust, India, p. 31
- ৬৫। অথর্ববেদ - ১২। ১। ১২
- ৬৬। নলিনীকান্ত গুপ্ত : *নলিনীকান্ত রচনাবলী*, ৫ম খণ্ড, ১৯৭৯, শৃঙ্খল, পৃ. ১১৫।
- ৬৭। অমলেশ ভট্টাচার্য : *বেদমন্ত্র-মঞ্জরী*, পৃ. ৪৯।
- ৬৮। তদেব, পৃ. ১১।
- ৬৯। ভবেন বরুয়া : ‘প্রথম বাণীকান্ত কাকতি স্মারক বক্তৃতা, আর্থভাষাভাষী গোষ্ঠীবোম্বের পথত দর্শন, ধর্ম আর সংস্কৃতির ঐতিহ্য, ২০০২, পৃ. ২৪
- ৭০। ধর্মানন্দ কোসম্বী : *ভগবান বুদ্ধ*, পৃ. ৬।
- ৭১। রমেশচন্দ্র দত্ত : *ঋগ্বেদ-সংহিতা*, (বাংলা অনু.) ২য় খণ্ড, পৃ. ৫৭৩।
- ৭২। N.A. Nikam : *Some Concepts of Indian*

*Culture*, 1967, Amazan Co,U.K., p.5

খাত সম্পর্কে আরও বলা হয়েছে, ‘Rta is natural order and moral order, both rooted in divine order. Rta is a conception which unifies science, philosophy and religion.’ Ibid, p.5.

এ প্রসঙ্গে আর একটি মন্তব্য উল্লেখযোগ্য, “Varuna was the guardian of Rta, the cosmic order, a concept which was perhaps the highest flight of Rg vedic thought.” A.L. Basam : *The Wonder That was India*, p. 238.  
খাত-এর সম্পর্ক যে বরুণের সঙ্গে, ইন্দ্রের সঙ্গে নয় তা অন্যরাও স্বীকার করেছেন, “Varuna was third in importance to both Indra and Agni, though he was the upholder of the cosmic order (Rta).” D.N. Jha : *Ancient India in Historical outline*, p. 51-52.

- ৭৩। রমেশচন্দ্র দত্ত : *ঋগ্বেদ সংহিতা*, ১ম খণ্ড, পৃ. ৬১।
- ৭৪। ড. বিশ্বনাথ মুখোপাধ্যায় : *বৈদিক ভাবনায় সোম*, ১৯৭৯, বর্ধমান বিশ্ববিদ্যালয়, পৃ. ১০।
- ৭৫। তদেব, পৃ. ১১।
- ৭৬। তারকেশ্বর ভট্টাচার্য : *ঋগ্বেদে সোম*, দ্রষ্টব্য : *ঋগ্বেদ ১ম অধ্যায়*, (দুর্গাদাস লাহিড়ী সম্পাদিত), পৃ. ১২৯-৩০, ড. বিশ্বনাথ মুখোপাধ্যায় কর্তৃক তাঁর *বৈদিক ভাবনায় সোম* গ্রন্থে উদ্ধৃত, পৃ. ২৫।
- ৭৭। Maxmuller : *Chips form a German Workshop*, Vol. IV, p. 346. ড. বিশ্বনাথ মুখোপাধ্যায় কর্তৃক তাঁর *বৈদিক ভাবনায় সোম* গ্রন্থে উদ্ধৃত, পৃ. ২৫।
- ৭৮। রণবীর চক্রবর্তী : *প্রাচীন ভারতের অর্থনৈতিক ইতিহাসের সন্ধান*, পৃ. ৪৫।
- ৭৯। রমেশচন্দ্র দত্ত : *ঋগ্বেদ-সংহিতা*, ২য় খণ্ড দ্রষ্টব্য।
- ৮০। H.G. Wells : *A Short Histroy of the World*, p. 65.
- ৮১। Gordon Childe : *The Prehistory of European Society*, p.134.  
উল্লেখ্য যে, “সারা পৃথিবীর কথা ধরলে পুরাতত্ত্ব অনুযায়ী কৃষির সূচনা হয় খ্রিষ্টপূর্ব আনুমানিক ৭০০০ অব্দ-এ কিন্তু গো-পালনের প্রক্রিয়া শুরু হয় খ্রিষ্টপূর্ব ৬০০০ থেকে ৪০০০ অব্দ-এর মধ্যে।”




- Maurice Godelier : *Perspectives in Marxist Anthropology*, p. 103. রামশরণ শর্মা তাঁর *প্রাচীন ভারতের সামাজিক ও অর্থনৈতিক ইতিহাস* গ্রন্থে উদ্ধৃত করেছেন, পৃ. ১৩০।
- ৮২। “The Aryan had taken to agriculture but cattle-breeding still held an improtant place in their economy and was regarded as an occupation superior to that of tilling the soil.”  
S. Abid Hussain : *The National Culture of India*, p.30.
- ৮৩। রণবীর চক্রবর্তী : *প্রাচীন ভারতের অর্থনৈতিক ইতিহাসের সন্ধান*, পৃ. ৪৪।  
“An interesting hymn in the *Atharva-Veda* shows that non-possession of cows was regarded as a great misfortune; a rite is described there to avert it.”  
A.S. Altekar : *Vedic Society*, Composed in ‘*The Cultural Heritage of India*’, Vol. I, p. 227.
- ৮৪। D.H. Larence : *Movements in European History*, p. 54.
- ৮৫। ক্ষিতিমোহন সেন : *ভারতের সংস্কৃতি*, পৃ. ৪৫।  
উল্লেখ্য, কৃষ্ণ ব্রাহ্মণ্যতন্ত্র-স্বীকৃত যজ্ঞসংস্কৃতির বিরুদ্ধেও দাঁড়িয়েছিলেন। আঙ্গিরস-ঋষির শিক্ষা অনুযায়ী তিনি যজ্ঞের একটি সহজ প্রণালিকে স্বীকৃতি দিয়েছিলেন, যে যজ্ঞের দক্ষিণা হচ্ছে তপস্যা, দান, সরলতা, অহিংসা ও সত্যবাদিতা (অথ যত্তপো দানমার্জবমহিংসা সত্য বচনমিতি তা অস্য দক্ষিণাঃ। ছান্দোগ্য উপনিষদ, ৩/১৭/৪-৬)।
- ৮৬। ড. দীপক চন্দ্র (সম্পাদিত) : *হরিবংশ* (মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাস প্রণীত), সাহিত্য সংস্থা, ২য় সং, ১৯৮৪, পৃ. ১০।
- ৮৭। তদেব, পৃ. ১১।
- ৮৮। Wendy Doniger O’flaherty : *The Origins of Evil in Hindu Mythology*, 1976, Motilal Banarsidass, p. 277.

- ৮৯। ঋগ্বেদের অনুবাদক Wilson-এর মতে, “Pussan is usually a synonym of the Sun.” হংসনারায়ণ ভট্টাচার্য কর্তৃক তাঁর *‘হিন্দুদের দেবদেবী : উদ্ভব ও ক্রমবিকাশ*, গ্রন্থে উদ্ধৃত, পৃ. ১৩৪’।  
আচার্য যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি মহাশয়ও পুষণকে কৃষিজীবী সম্প্রদায়ের দেবতা হিসেবেই দেখিয়েছেন : “পুষ ধাতু- পোষণ হইতে পুষা শব্দ নিষ্পন্ন হইয়াছে। তিনি পক্ষশয্যা দ্বারা মানুষকে পোষণ করেন।” ‘বেদের দেবতা ও কৃষ্টিকাল’, পৃ. ৯৩।  
আবার কেউ কেউ পশুপালকদের দেবতা হিসেবে পুষাকে নির্দেশ করেছেন : “গোরক্ষকগণ সূর্যকে যে প্রকৃতিতে অবলোকন করিত, সেই প্রকৃতির সূর্যই পুষা ... তিনি পথ নির্দেশ করেন, গো সকল উদ্ধার করেন, নষ্ট পশু উদ্ধার করেন, পশুগণকে সংপথে লইয়া যান ইত্যাদি।” ঋগ্বেদের ৬/৫৪/৭ সংখ্যক ঋকের ভাষ্য। রমেশচন্দ্র দত্ত : *ঋগ্বেদ-সংহিতা*, ২য় খণ্ড, পৃ. ৮৫।
- ৯০। নিরঞ্জন ১২/১৬/৭, অমরেশ্বর ঠাকুর (সম্পাদিত) : *নিরঞ্জন*, ৪র্থ খণ্ড, কলকাতা বিশ্ববিদ্যালয়, ২০০৫, পৃ. ১২৯৭।
- ৯১। Wendy Doniger O’flaherty : *The Origins of Evil in Hindu Mythology*, p. 277.
- ৯২। নিরঞ্জন-১২/১৮/৫, অমরেশ্বর ঠাকুর (সম্পাদিত) : *নিরঞ্জন*, ৪র্থ খণ্ড, পৃ. ১৩০১।
- ৯৩। ড. বিশ্বনাথ মুখোপাধ্যায় : *বৈদিক ভাবনায় সোম*, পৃ. ১২।
- ৯৪। গোপীনাথ কবিরাজ : *ভারতীয় সাধনার ধারা*, পৃ. ৭০-১১০।  
দ্রষ্টব্য : ড. বিশ্বনাথ মুখোপাধ্যায় : *বৈদিক ভাবনায় সোম*, পৃ. ১০।
- ৯৫। D. D. Kosambi : *The Culture and Civilization of Ancient India*, p. 205.
- ৯৬। D. D. Kosambi : *An Introduction to the Study of Indian History*, p. 260.
- ৯৭। A.L. Basam : *The Wonder that was India*, p. 303.







## বাংলা সাহিত্যের আদিযুগ : সত্যের অনুসন্ধান

অলিভা দাক্ষী

বাংলা বিভাগ, বিশ্বভারতী, শান্তিনিকেতন-৭৩১২৩৫

### THE EARLY PERIOD OF BENGALI LITERATURE : SEARCH FOR THE TRUTH

Alibha Dakshi

Department of Bengali, Visva-Bharati, Santiniketan-731235

**ABSTRACT :** *The first and foremost literary document in Bengali literature known as 'Srikrishnakirtan', written by Baru Chandidasa, came into existence in the late fourteenth century. To be very precise, the fourteenth century can be considered as a golden era in the field of development of literature and literary distinctiveness in Eastern Magadhian branches of Modern Indo-Aryan language. In the beginning of fourteenth century or even before, for the most part in Northern India covering west to east, the literary development started flourishing and, as such, established as full-fledged distinct language forms in their literary perspective. It is a traditionally accepted fact that the early period of Bengali starts from 10<sup>th</sup> century A.D., which is again strengthened by the views of Dr. Suniti Kumar Chatterji. The language of 'Carya' is being considered as 'old Bengali.' This idea is highly debatable. As a matter of fact, the language of 'Carya is a conglomeration of Proto Bengali-Oria-Assamese and Maithili along with Avahattha which was used as a lingua franca at that time. In Eastern India the first literary works were started pouring in by the beginning of fourteenth century in the form of poetry and text in Maithili language. Thereafter, at the end of the same century the first document found in Bengali is highlighted in the present paper.*

কোনো ভাষা যখন তার ভাষিক সত্তায় আত্মপ্রতিষ্ঠিত হয় অর্থাৎ সামাজিক, রাজনৈতিক, সাহিত্যিক, শিক্ষা ও সাংস্কৃতিক প্রেক্ষাপটে সর্বজন স্বীকৃতি লাভ করে তখনই সে 'স্বতন্ত্র' ভাষারূপে বিবেচ্য হয়। এই প্রসঙ্গে সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের 'ভাষা'-বিষয়ক সংজ্ঞাটি প্রণিধানযোগ্য। "মনের ভাব-প্রকাশের

জন্য, বাগ্‌যন্ত্রের সাহায্যে উচ্চারিত ধ্বনির দ্বারা নিষ্পন্ন, কোনও বিশেষ জন-সমাজে ব্যবহৃত, স্বতন্ত্র-ভাবে অবস্থিত, তথা বাক্যে প্রযুক্ত শব্দ-সমষ্টিকে ভাষা বলে।" বাংলা ভাষাকে প্রথম স্বতন্ত্র সত্তায় আমরা প্রতিষ্ঠিত রূপে দেখেছি চতুর্দশ শতকে সাহিত্যসৃষ্টির মধ্য দিয়ে। বাংলা সাহিত্যের সর্বপ্রথম প্রাচীন

নিদর্শন 'শ্রীকৃষ্ণের বন্দাবনলীলা'-বিষয়ক কাব্য বড়ু চন্ডীদাসের 'শ্রীকৃষ্ণকীর্তন' (অন্তত এখনও পর্যন্ত তাই জনা গেছে)। তার আগে "বাঙলা সাহিত্যের উৎপত্তি আর বিকাশ যে কবে হ'য়েছিল, সে সম্বন্ধে কোনও স্পষ্ট কথা বা কিংবদন্তী আমাদের সাহিত্যে নেই।" — স্বয়ং সুনীতিকুমারের উক্তি। তা প্রমাণিত। অথচ আমরা জানি 'শ্রীকৃষ্ণকীর্তন' বাংলা সাহিত্যের ইতিহাসে মধ্যযুগের রচনা। যুগবিভাগের বিচারে বাংলা সাহিত্যের 'প্রাচীন যুগ' দশম শতক থেকে দ্বাদশ শতক পর্যন্ত ধরা হয়। তার মূলে রয়েছে অষ্টম/নবম শতক থেকে দ্বাদশ শতকে প্রাপ্ত বৌদ্ধ সিদ্ধাচার্যদের রচিত 'চর্যাগীতি'— যে গীতের ভাষাকে 'প্রাচীন বাংলা' ভাষারূপে স্বীকার করা হয়। এই বিষয়টি অত্যন্ত বিতর্কিত। আমার লেখা দুটি গ্রন্থ— 'চর্যাগীতি ভাষা ও শব্দকোষ', সদ্য মুক্তির অপেক্ষায় 'প্রাচ্য আর্ষভাষা' এবং নানা পত্র-পত্রিকায় প্রকাশিত লেখায় উক্ত ধারণাটি বারে বারেই প্রশ্নের সম্মুখীন হয়েছে। উত্তরে চর্যাগীতির ভাষা— 'খাঁটি প্রাচীন বাংলা' এমন ধারণাটি যে সত্য নয়, তা নানাভাবে যুক্তিসহ ব্যাখ্যাতে হয়েছে। চর্যাগীতির ভাষায় আছে কৃত্রিমতার ছাপ। কোনো বিশেষ একটি আঞ্চলিক ভাষার নামে তার নিজস্ব পরিচিতিতে বিভ্রান্ত করা যায় না। সেই যুগে গৌড় বঙ্গ বলতে 'অঙ্গ-বঙ্গ-কলিঙ্গ-সমতট-পুণ্ড্র-কামরূপ' বিস্তীর্ণ অঞ্চলকে বোঝাত। বাংলা ভাষার কোনো স্বতন্ত্র সাহিত্যিক পরিচিতি ছিল না। অষ্টম নবম শতক থেকে দ্বাদশ শতক পর্যন্ত চর্যাগীতি রচনাকালে আমরা যে ভাষার পরিচয় পাই তাতে প্রাচ্য আর্ষভাষার প্রভু অসমিয়া-মৈথিলি-বাংলা-ওড়িয়া এই সকল সমগোত্রীয় লৌকিক ভাষার ভাষিক লক্ষণ এবং পশ্চিমা অবহট্টের মিশ্রণ লক্ষ্য করি।

দ্বাদশ শতকে ভারতের উত্তর-পশ্চিম প্রান্ত থেকে পূর্ব প্রান্ত পর্যন্ত অর্বাচীন শৌরসেনী অপভ্রংশ যা 'অবহট্ট' নামে পরিচিত তার কিছু নিদর্শন মেলে যথা, সরহ ও কাহের 'দোহাকোষ', 'প্রাকৃত-পৈঙ্গলম' ইত্যাদি। প্রাকৃত-পৈঙ্গলমের টীকাকার বংশীধর বা লক্ষ্মীনাথ ভট্ট পিঙ্গলের ভাষাকে 'অবহট্ট' বলে অভিহিত করেন। তিনি জানান— 'যা ভাষায়া অয়ং গ্রহো রচিতঃ সা অবহট্ট ভাষা' একজন টীকাকার রবিকরের টীকার ভূমিকায় উল্লেখ করেন— 'অপভ্রষ্ট চ যা তস্মাৎ সাপি অপভ্রংশ সংজ্ঞিকা'। সরহের 'দোহাকোষপিঙ্গল'র শেষে দোহাকোষের ভাষা সম্বন্ধে অদ্বয়বজ্র (১৩০০খ্রিস্টাব্দ) টীকায় বলেছেন— 'দোহা অপভ্রষ্টবচনস্যেতি'। চতুর্দশ শতকে বিদ্যাপতির 'কীর্তিলতা ও কীর্তিপতাকা' অবহট্টের শেষ নিদর্শন। চতুর্দশ শতকের গোড়ায় কবিশেখরাচার্য জ্যোতিরীশ্বর ঠাকুর প্রণীত 'বর্ণরত্নাকর'-এ 'অবহট্ট' শব্দের ব্যবহার লক্ষ্য করা

যায় যথা, "সংস্কৃত, পরাকৃত, অবহট্ট, পৈশাচী, সৌরসেনী, মাগধী ছহ ভাষাক তত্ত্বজ্ঞ, শকারী, অভিরী চাভালী, সাবলী, দ্রাবিলী, ওৎকলী, বিজাতীয়া সাতহ উপভাষাক কুশলহ..." অতএব অবহট্ট ভাষাকে বাংলা ও অন্যান্য পূর্বাঞ্চলীয় আর্ষভাষার মাতৃভাষারূপে চিহ্নিত করা যায় না।

বাস্তবিক চতুর্দশ-পঞ্চদশ শতকই ছিল সমগ্র উত্তর ভারতের পশ্চিম থেকে পূর্ব পর্যন্ত আধুনিক ভারতীয় আর্ষভাষাগুলির সাহিত্যসৃষ্টির স্বর্ণময় যুগ। পশ্চিম দিকে সাহিত্য-সাধনার সূত্রপাত ঘটে দ্বাদশ শতক থেকেই। তবে দ্বাদশ শতকে রচিত অধিকাংশ রচনাই ছিল অপভ্রংশে। গুজরাতী জৈন কবি হেমচন্দ্র (১০৮৯-১১৭৩ খ্রিস্টাব্দ) রচনা করেন 'সিদ্ধহেমশব্দানুশাসন', 'প্রাকৃত ব্যাকরণ' ও 'দেশীনামমালা'। এই শতকেই লোকধর্মীমূলক সাহিত্যের প্রকাশ ঘটে নানা বীরগাথা (রাসৌ), কথা, ফাগু, বারমাসী ইত্যাদি রচনার মধ্য দিয়ে। ১১৫৮ খ্রিস্টাব্দে অর্ধ-মাগধী প্রাকৃত থেকে নিঃসৃত 'মহাকোশলী' ভাষার উল্লেখযোগ্য নিদর্শন পণ্ডিত দামোদর বিরচিত 'উজ্জ্বল্যজিকরণ'। ত্রয়োদশ শতকে মারাঠী লেখক জ্ঞানেশ্বর রচিত 'ভাবার্থদীপিকা' (১২৯০) গীতার ভাষারূপে 'জ্ঞানেশ্বরী' নামেই পরিচিত। কবি নামদেব (১২৭০-১৩৫০ খ্রিস্টাব্দ) উজ্জ্বল্যজিকরণ গীতি-কবিতা লিখে কৃতিত্ব অর্জন করেন। ত্রয়োদশ শতকে হিন্দুস্থানী খড়ীবোলিতে আত্মপ্রকাশ করে রাসৌ কাব্য অর্থাৎ বীর-গাথা চন্দ বর্দাই রচিত 'পৃথ্বীরাজরাসৌ'। এর ভাষায় প্রভু রাজস্থানী-হিন্দী ও অপভ্রংশের ছাপ বিদ্যমান। তিনি হিন্দু চৌহান রাজা পৃথ্বীরাজের সভাকবি ছিলেন। রাজস্থানের 'ডিঙ্গল' গাথাসাহিত্যে (১১০০-১৪০০ শতক) অপভ্রংশ মিশ্রিত প্রাচীন গুজরাতী ও রাজস্থানী ভাষার রূপ পরিদৃষ্ট হয়। দ্বাদশ শতকেই গুজরাতী, রাজস্থানী ও ভিলী স্বতন্ত্র ভাষারূপে আত্মপ্রকাশ করে। গুজরাত ও পশ্চিম রাজস্থানে 'নাগর' অপভ্রংশ সাহিত্যের মাধ্যমে সৃষ্টি হয় 'পিঙ্গল' সাহিত্য এবং রাজস্থানী ও মারোয়াড়ী ভাষার রচনাগুলি 'ডিঙ্গল' সাহিত্য নামে পরিচিত। সুফি কবি আমীর খুসরৌ-র (১২৫৪-১৩২৫ খ্রিস্টাব্দ) অপভ্রংশে রচিত সাহিত্যিক নিদর্শন আমাদের নজরে আসে। ত্রয়োদশ শতকে প্রথম 'হিন্দী' বা 'হিন্দরী' শব্দের উল্লেখ পাওয়া যায় আলাউদ্দীন খিলজীর রাজত্বকালে (১২৯৫-১৩১৫ খ্রিস্টাব্দ) ফকরুদ্দীন মুবারক গজনবীর শব্দকোষ গ্রন্থে। 'সিন্দু' থেকে 'হিন্দু' শব্দের উৎপত্তি। এই হিন্দু শব্দটি প্রাচীনকালে সমগ্র ভারতের ভাষা ও সভ্যতা অর্থেই ব্যবহৃত হত। পরবর্তীকালে 'হিন্দু' থেকে 'হিন্দী' একটি বিশেষ ভাষার নামে পর্যবসিত হয়। আমীর খুসরৌ উত্তর ও মধ্য ভারতের সব কটি ভাষা যথা ব্রজভাষা, অবধী, খড়ীবোলি, হিন্দীবোলি সব অর্থেই 'হিন্দী' শব্দটি ব্যবহার করেন। ১৩৫৫





খ্রিস্টাব্দে তরুণপ্রভ নামে জনৈক জৈন সাধু লোকধর্মীমূলক গদ্য আখ্যান ‘বালবোধ’ নামক গ্রন্থে সংকলন করেন। চতুর্দশ শতকের শেষে সোমসুন্দর সুরি (১৩৯৯ খ্রিস্টাব্দ) এবং জিনসাগর মণি রচিত প্রাচীন গুজরাতি গদ্যে লেখা জৈনধর্মসংক্রান্ত গাথা অবলম্বনে টীকা উল্লেখযোগ্য।

চতুর্দশ শতকে ভারতের উত্তর-পশ্চিমাঞ্চলের সাহিত্যের ধারাটি পূর্বাঞ্চলের সাহিত্যের ধারাকে উজ্জীবিত করে। ফলে চতুর্দশ-পঞ্চদশ শতকে সমগ্র ভারতে পশ্চিম প্রান্ত থেকে পূর্ব প্রান্ত পর্যন্ত সাহিত্য-জগতে এসেছিল সমৃদ্ধির জোয়ার। ইতিহাসের সূত্র ধরে চতুর্দশ শতকের দুশো বছর পিছনে হাঁটলে সমগ্র পূর্বাঞ্চলের আর্থভাষাগুলিতে আমরা কিছু লৌকিক আর্ষেতর ‘দেশি’ শব্দের সন্ধান পাই। এই শব্দতালিকা ছাড়া বিশেষ কিছু সাহিত্যিক নিদর্শন এখনও পর্যন্ত পাওয়া যায়নি। ১১৫৯ খ্রিস্টাব্দে আর্ভিহরপুত্র বন্দ্যঘটায় সর্বানন্দ লিখিত ‘অমরকোষ’-এর ‘টীকাসর্বস্ব’-এ তিন শতাধিক ‘দেশি’ শব্দের উল্লেখ আছে, যদিও সুনীতিকুমার চট্টোপাধ্যায় তাঁর ‘বাঙ্গালা ভাষা প্রসঙ্গে’ গ্রন্থে ‘বাঙ্গালা ভাষার অভিধান ও চলন্তিকা’ নামক প্রবন্ধে এবং যোগেশচন্দ্র রায় ও বসন্তরঞ্জন রায় তাঁদের দু’খানি প্রবন্ধ যথা— ‘সাড়ে সাতশত বৎসর পূর্বের বাঙ্গালা শব্দ ও দ্বাদশ শতকের বাঙ্গালা শব্দ’-এ (সাহিত্য-পরিষৎ-পত্রিকা, ১৩২৬, ২য় সংখ্যা) পূর্বাঞ্চলীয় ‘দেশি’ শব্দগুলিকে ‘প্রাচীন বাঙ্গালা’ শব্দ নামে অভিহিত করেন। হরপ্রসাদ শাস্ত্রী ‘বন্দ্যঘটীয়’ উপাধি দেখে সর্বানন্দকে বাঙালি বলে অনুমান করেন। সর্বানন্দ বাঙালি ছিলেন কি-না তা তর্কের বিষয়, এ প্রবন্ধে তা গ্রাহ্য নয়। তবে শব্দতালিকা দেখে স্পষ্টতই বোঝা যায় যে, তাঁর টীকায় প্রাপ্ত শব্দগুলি খাঁটি প্রাচ্যদেশীয় আর্ষেতর ‘দেশি’ শব্দ, যে শব্দগুলি বাংলা প্রতিশব্দসহ মৈথিলি, অসমিয়া ও ওড়িয়া প্রতিশব্দ প্রমাণ করে— একাদশ-দ্বাদশ শতকে সমগ্র ‘গৌড়-বঙ্গ’ জুড়ে অর্থাৎ উত্তর-পশ্চিমে মগধ থেকে পূর্বে কামরূপ পর্যন্ত সাধারণ মানুষের মুখে মুখে শব্দগুলি প্রচলিত ছিল এবং আজও কিছু কথিত আছে। শুধু তাই নয়, ‘চর্যাগানে’, ‘বিদ্যাপতির পদাবলী’তে জ্যোতিরীশ্বর ঠাকুরের ‘বর্ণরত্নাকর’-এ এবং ‘শ্রীকৃষ্ণকীর্তন’-এ কিছু কিছু ‘দেশি’ শব্দের ব্যবহার আছে। অতএব ‘দেশি’ শব্দগুলিকে ‘প্রাচীন বাঙ্গালা শব্দ’ বলে বিতর্ক সৃষ্টি করা যুক্তিযুক্ত নয়। জানা যায়, ভারতের মধ্যাঞ্চলে ও পূর্বদিকে বসবাসকারী অনার্য দ্রাবিড়, অস্ট্রিক কোল জাতি এবং উত্তর-পূর্ব বঙ্গের আশেপাশে বসবাসকারী মঙ্গোল ভোট-চিনা জাতিদের মধ্যে খ্রিস্টপূর্ব তৃতীয় শতক থেকেই আর্ষীকরণ শুরু হয়ে গিয়েছিল। বর্তমান ওড়িশায় ‘ওড়্র’ জনজাতিরা খ্রিস্টীয় সপ্তম শতকের পর আর্ষীকৃত হয়েছিল। ফলে অনার্যজাতিদের

মুখে আর্থভাষার ধ্বনি-উচ্চারণে ও শব্দ-ব্যবহারে বেশ অনার্য ভাষার লক্ষণ ধরা পড়ে। স্থান ও কালগতভেদে কিছু কিছু শব্দে শব্দার্থগত পার্থক্যও নজরে পড়ে।

দ্বাদশ শতকের পরে ত্রয়োদশ-চতুর্দশ শতকে প্রাচ্য আর্থ ভাষাগুলি সাহিত্য-সৃষ্টির মাধ্যমে আত্মপ্রতিষ্ঠার আলো দেখতে শুরু করল। মনে রাখতে হবে, প্রাচ্য আর্থভাষাগুলির সাহিত্য-রচনায় প্রথম পদক্ষেপ মোটামুটি ত্রয়োদশ শতকের শেষার্ধ থেকে চতুর্দশ শতকের শেষপাদ। দীর্ঘ একশো বছর সময়কালই হল সাহিত্য-রচনার ইতিহাসে আদিযুগ। আমরা এখন দেখে নেব চারটি ভাষা, যথাক্রমে— অসমিয়া, ওড়িয়া, মৈথিলি, ও বাংলা ভাষার প্রাচীনকালের সাহিত্যিক নিদর্শন।

অসমিয়া ভাষায় ত্রয়োদশ শতকের শেষপাদে পুরাণ, ভাগবত, রামায়ণ ও মহাভারতের চরিত্র অবলম্বনে প্রথম কাব্য সৃষ্টি হয়। কামতাপুরের রাজা দুর্লভনারায়ণের সভাকবি হেম সরস্বতী ‘বামন পুরাণ’ অবলম্বনে একটি ক্ষুদ্র কবিতাগ্রন্থ রচনা করেন, নাম— ‘প্রাদচরিত’। তাঁর দ্বিতীয় গ্রন্থ ‘হরগৌরী-সংবাদ’ ৯০০টি পঙ্ক্তিতে পুরাণ ও লোকগাথাকে অবলম্বন করে রচিত। হরিহর বিপ্র রাজার উৎসাহ ও প্রেরণায় রচনা করেন ‘বজ্রবাহনর যুদ্ধ’ ও ‘লব-কুশর যুদ্ধ’। চতুর্দশ শতকেই রাজা দুর্লভনারায়ণের পুত্র ইন্দ্রনারায়ণের রাজত্বকালে কবিরত্ন সরস্বতী ও রুদ্র কন্দলি যথাক্রমে ‘জয়দ্রথবধ’ ও ‘সাত্যকি-প্রবেশ’ নামে মহাভারতের ‘দ্রোণ-পর্ব’ অবলম্বনে কাব্য রচনা করেন। চতুর্দশ শতকের মাঝামাঝি নওগাঁ জেলার বরাহী রাজা মহামাণিক্যের পৃষ্ঠপোষকতায় প্রাক্ বৈষ্ণব কবি মাধব কন্দলির সর্বশ্রেষ্ঠ রচনা রামায়ণ অনুবাদ— ‘সপ্তকাণ্ড রামায়ণ’। তাঁর আরও একটি কাব্যগ্রন্থ ‘দেবজিৎ’— কৃষ্ণচরিত্র অবলম্বনে রচিত। খ্রিস্টীয় চতুর্দশ শতকে আহোম রাজাদের বংশপরিচয়, সামাজিক, ঐতিহাসিক ও রাজনৈতিক ঘটনা বুরঞ্জিতে গদ্যাকারে লেখা হতে লাগল। অসমিয়া সাহিত্যে বুরঞ্জি রচনারও যথেষ্ট সাহিত্যিক মূল্য আছে। বাণীকান্ত কাকতি তাঁর ‘Assamese: Its Formation and Development’ গ্রন্থে জানান যে, অসমিয়া সাহিত্যের জন্ম হয় চতুর্দশ শতকে। তাঁর মতে আদি অসমিয়া (Early Assamese)—চতুর্দশ শতক থেকে ষোড়শ শতকের শেষ পর্যন্ত। এই যুগকে তিনি দুটি উপপর্বে ভাগ করেন যথা, (ক) প্রাক্-বৈষ্ণবীয় যুগ ও (খ) বৈষ্ণবীয় যুগের উপবিভাগ। বিরিঞ্চিকুমার বরুয়া তাঁর ‘History of Assamese Literature’ গ্রন্থে অসমিয়া সাহিত্যের আদিযুগ বলতে ত্রয়োদশ শতক থেকে পঞ্চদশ শতকের গোড়া পর্যন্ত সময়কালকে বুঝিয়েছেন। কালিরাম মেধি তাঁর ‘Assamese Grammar



and Origin of the Assamese Language...’ গ্রন্থে অসমিয়া সাহিত্যের ইতিহাসে আদিযুগ হিসেবে প্রাক্-বৈষ্ণবীয় যুগ ত্রয়োদশ শতক থেকে পঞ্চদশ শতক পর্যন্ত গণ্য করেন।

একাদশ শতকে (১০৫১ খ্রিস্টাব্দ) অনন্তবর্মা বজ্রহস্তদেবের প্রস্তরলেখ আধুনিক ওড়িয়া ভাষার প্রাচীনতম নিদর্শন বলে অনেকে দাবি করেন। চতুর্দশ শতকে (১৩৯৫ খ্রিস্টাব্দ) নৃসিংহদেবের (চতুর্থ) ভুবনেশ্বর তাম্রলেখ প্রমাণ করে ওড়িয়া ভাষার পূর্ণ বিকাশ। একাদশ-দ্বাদশ শতকে গাঙ্গ রাজত্বের প্রথম রাজার আমল থেকে গদ্যে রচিত হত ‘মাদলাপাঞ্জি’। এই পাঞ্জি রচনায় বংশানুক্রমে রাজাদের রাজত্বের কার্যবালির বিবরণ ধারাবাহিকভাবে নথিভুক্ত থাকত এবং এই রচনা ষোড়শ শতক পর্যন্ত লেখা হয়েছিল। জগন্নাথদেবের নানা ধরনের অনুষ্ঠানসূচি, বিভিন্ন কর্মীদের কার্যবালি পাঞ্জিতে লেখা থাকত। দ্বাদশ-ত্রয়োদশ শতকে কোনো অজানা নাথ সম্প্রদায়ভুক্ত যোগীর রচনা ‘শিশুবেদ’ সর্বপ্রাচীন গদ্যধর্মী রচনা। ত্রয়োদশ শতকে অবধূত নারায়ণ স্বামী রচিত ‘রুদ্রসুধানিধি’ একটি প্রাচীনতম গদ্যধর্মী কাব্যরচনা। রচনাটির বৈশিষ্ট্য হল এটি গদ্য ও পদ্যের মিশ্রণ। পঞ্চদশ শতকে সূর্যবংশের গৌরবান্বিত যুগ কপিলেন্দ্রদেবের রাজত্বকালে কবি সারলাদাস মহাভারত রচনা করে প্রসিদ্ধি লাভ করেন। এটি মহাভারতের পুথানুপুথ অনুবাদ নয়, একটি সৃজনধর্মী মৌলিক রচনা। ওড়িয়া সাহিত্যের তিনি একজন কিংবদন্তী কবি। শিক্ষিত যশস্বী পণ্ডিতদের মধ্যে তিনি একজন অনন্যসাধারণ ব্যক্তিত্ব। ওড়িয়া সাহিত্যের যুগবিভাগে আমরা দেখি শ্রীবন্দাবন আচার্য্য তাঁর ‘ওড়িয়া সাহিত্যের সংক্ষিপ্ত পরিচয়’ গ্রন্থে ওড়িয়া সাহিত্যের আদিযুগ বা প্রারম্ভিক যুগ বলতে নবম শতক থেকে চতুর্দশ শতক বুঝিয়েছেন। সূর্যনারায়ণ দাস তাঁর ‘ওড়িয়া সাহিত্যের ইতিহাস’ গ্রন্থে ওড়িয়া সাহিত্যের আদিযুগ একাদশ শতকের প্রথমার্ধ থেকে ষোড়শ শতকের প্রথমার্ধ পর্যন্ত গণ্য করেন।

ত্রয়োদশ-চতুর্দশ শতক ছিল মৈথিলি ভাষা ও সাহিত্যের স্বর্ণময়যুগ। মিথিলায় ভারতের বিভিন্ন প্রান্ত থেকে এবং প্রতিবেশী অঞ্চল যথা, বঙ্গদেশ (পশ্চিমবঙ্গ ও বাংলাদেশ), ওড়িয়া ও আসাম (কামরূপ) থেকে অনেক বিদ্যোৎসাহী মানুষ আসতে বিদ্যাচর্চার উদ্দেশ্যে। মৈথিলি ভাষা ও সাহিত্যের উন্মেষ-সাধনে ও সংস্কৃতির বিকাশে দুই রূপকারের নাম ইতিহাসে চিরস্মরণীয়। একজন কবিশেখরাচার্য্য জ্যোতিরীশ্বর ঠাকুর (১২৮০-১৩৪০ খ্রিস্টাব্দ) ও অন্যজন বিদ্যাপতি ঠাকুর (১৩৬০-১৪৪৮ খ্রিস্টাব্দ আনুমানিক)। চতুর্দশ শতকের প্রথম পাদে জ্যোতিরীশ্বর ঠাকুরের মৈথিলী ভাষায় প্রথম রচনা ‘বর্ণরত্নাকর’— একটি অনবদ্য ঐতিহ্যময় গদ্য-সংকলন।

তালপত্রে প্রাচীন মৈথিলী ‘তিরহতিয়া’ এবং ‘কাইথী’ লিপিতে রচিত পাণ্ডুলিপিটি ‘রয়্যাল এশিয়াটিক সোসাইটি’র গ্রন্থাগারে রক্ষিত আছে। জানা যায়, ১৫১৭ খ্রিস্টাব্দে এটি কপি করা হয়। জ্যোতিরীশ্বর ঠাকুরের ভ্রাতৃপুত্র চণ্ডেশ্বর ঠাকুর ‘স্মৃতিরত্নাকর’ রচনা করেন। অনুমান করা হয়, ‘বর্ণরত্নাকর’ তার আগেই রচিত হয়েছিল। এটি একটি গদ্যধর্মী রচনা। এর ভাষার সঙ্গে পশ্চিমী অপভ্রংশের লক্ষণ বিদ্যমান। জ্যোতিরীশ্বর ঠাকুরের দুই প্রজন্মের পর কবিবর বিদ্যাপতি ঠাকুরের আবির্ভাব হয় চতুর্দশ শতকের শেষার্ধে। এই সময় পূর্বভারতীয় আর্থভাষাগুলি স্বমহিমায় আত্মপ্রতিষ্ঠালাভে অগ্রসর হতে শুরু করেছিল। বিদ্যাপতি ঠাকুর ছিলেন তারই প্রতিভূস্বরূপ। সংস্কৃত, মৈথিলি ও অবহট্টে তিনি বহু গ্রন্থ রচনা করেছিলেন। তাঁর খ্যাতি মৈথিলিতে রচিত পদাবলি যা পূর্ব ভারতের অন্যান্য আর্থভাষী বাঙালি, ওড়িয়া ও অসমিয়াদের কাছে অত্যন্ত জনপ্রিয় ছিল। পদাবলি সম্ভবত চতুর্দশ শতকের শেষপাদে অথবা পঞ্চদশ শতকের প্রথমপাদের রচনা। ঐতিহাসিক তথ্য প্রমাণ করে যে, সেইযুগে বঙ্গ সন্তানেরা মিথিলায় শাস্ত্র অধ্যয়ন করতে গিয়ে মৈথিলি ভাবধারায় অনুপ্রাণিত হয়ে বিদ্যাপতির গীত বঙ্গদেশে আমদানি করতেন। সুভদ্র ঝা তাঁর ‘Formation of the Maithili Language’ গ্রন্থে মৈথিলি সাহিত্যের কালানুক্রমিক যুগবিভাগে আদি বা প্রাচীন যুগ হিসেবে ১০০০ খ্রিস্টাব্দ থেকে ১৩০০ খ্রিস্টাব্দ পর্যন্ত গণ্য করেন। জয়কান্ত মিশ্র তাঁর ‘History of Maithili Literature’ গ্রন্থে মৈথিলি সাহিত্যের সূচনা পর্বটি দুটি ভাগে ভাগ করেন— (ক) প্রাক্ মৈথিলি যুগ—অষ্টম থেকে দ্বাদশ শতক, যে-যুগে মৈথিলি সাহিত্য আত্মপ্রকাশ প্রকাশ করেনি এবং (খ) মৈথিলি সাহিত্যের প্রাচীন যুগ— ত্রয়োদশ শতক থেকে ষোড়শ শতক পর্যন্ত।

এই প্রবন্ধের গোড়ায় আমরা সুনীতিকুমারের মন্তব্যের কথা উল্লেখ করেছি। তিনি স্বীকার করেছেন বাংলা সাহিত্যের ইতিহাসে চতুর্দশ শতকে রচিত রাখা-কৃষ্ণের বৃন্দাবনলীলা-বিষয়ক কাব্য বড়ু চণ্ডীদাসের ‘শ্রীকৃষ্ণকীর্তন’ সর্বপ্রথম নিদর্শন। শ্রীকৃষ্ণকীর্তনের পুথির আবিষ্কার বসন্তরঞ্জন রায়। তিনি বাঁকুড়া জেলার বন-বিষ্ণুপুরের কাছে কাঁকিল্যা নিবাসী শ্রীনিবাস আচার্যের দৌহিত্র শ্রীদেবেন্দ্র মুখোপাধ্যায়ের গোয়ালঘরের মাঁচা থেকে অযত্নরক্ষিত অবস্থায় এই ‘কৃষ্ণলীলা’-বিষয়ক পুথি উদ্ধার করেন। জানা যায়, ১৬৮২ খ্রিস্টাব্দে বন-বিষ্ণুপুরের গাঁথাগারে এটি রক্ষিত ছিল। পুথিটির প্রথম ও শেষ পৃষ্ঠা এবং মাঝখানের দু-একটি পৃষ্ঠার সন্ধান পাওয়া যায়নি। পুথিখানির আখ্যাপত্র এবং পুস্তিকা নষ্ট হওয়ায় রচনাকাল, পুথির নাম ও রচিতার নাম না পাওয়ায় সবটাই অনুমানশ্রিত হয়ে পড়ে। ১৯১৫



খ্রিস্টাব্দে লিপিবিশারদ রাখালদাস বন্দ্যোপাধ্যায় পুথির লিপিকাল ১৩৮৫ খ্রিস্টাব্দের পূর্বে, অর্থাৎ চতুর্দশ শতকের প্রথমার্ধ বলে মন্তব্য করেন। পুথির অক্ষর ত্রয়োদশ শতকে উৎকীর্ণ বিশ্বরূপ সেনের তাম্রশাসনের বঙ্গাক্ষরের সঙ্গে সঙ্গতিপূর্ণ। সুনীতিকুমার চট্টোপাধ্যায় জানান— ‘বইখানির ভাষা খুঁটিয়ে আলোচনা করে আমার এই ধ্রুব বিশ্বাস দাঁড়িয়েছে যে, এর ভাষা ১৪০০ বা ১৪৫০ খ্রিস্টাব্দের এ-দিকের কিছুতেই হতে পারে না।’<sup>১৯</sup> ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্য আবিষ্কারের মধ্য দিয়ে বাংলা ভাষার প্রাচীন রূপটি আমাদের কাছে একটি দৃষ্টান্তস্বরূপ হয়ে উঠল এবং বাংলা সাহিত্যের আদিপর্বের সঙ্গে এই পুথিটির সংযুক্তিকরণ সুনির্দিষ্ট হল, যদিও অনেকের মতে ‘চর্যাপদ’ বাংলা সাহিত্যের আদিরূপ অতএব চর্যাপদের ভাষাই ‘প্রাচীন বাংলা’। এই মতের পরিবর্তনের প্রয়োজন আছে বলে মনে করি। প্রবন্ধের গোড়াতেই স্পষ্টভাবে জানানো হয়েছে চর্যাপদের ভাষা কোনও বিশেষ একটি আঞ্চলিক ভাষার প্রাচীন রূপ নয়। বাংলা ভাষা পৃথক সত্তারূপে চতুর্দশ শতকে স্বীকৃত হল তার প্রাচীন এবং সর্বপ্রথম সাহিত্যিক নির্দর্শন ‘শ্রীকৃষ্ণকীর্তন’ রচিত হবার পর। এই গ্রন্থটি বাংলা সাহিত্যে যুগ-প্রবর্তক গ্রন্থরূপে বিবেচ্য। প্রসঙ্গক্রমে হরেকৃষ্ণ মুখোপাধ্যায় ও সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মন্তব্য আমরা স্মরণ করি— ‘শ্রীকৃষ্ণকীর্তনের পুথিখানি বাহির হওয়ায়, আমরা ইহাতে যে ভাষা পাই তাহা (মুসলমান পূর্বযুগের বৌদ্ধ চর্যাপদ ব্যতীত) এতাবৎ-প্রাপ্ত সমগ্র প্রাচীন বাঙ্গালা সাহিত্যের ভাষা হইতেও প্রাচীনতর। একটু আলোচনা করিলেই বুঝা যাইবে যে, এই ভাষা নিঃসন্দেহরূপে পঞ্চদশ শতকের, এমন কি ইহা তৎপূর্ব যুগেরও (চতুর্দশ শতকেরও) ভাষা হইতে পারে। ... পুথির লিখন-কাল ধরিলেও শ্রীকৃষ্ণকীর্তন (বৌদ্ধচর্যাপদ বাদে) বাঙ্গালা ভাষার সবচেয়ে প্রাচীন পুথি এবং পুথিতে যে বইখানি মিলিতেছে, সেখানি আরও পূর্বে রচিত হওয়া খুবই সম্ভব। কতকগুলি প্রমাণযোগ্য আমাদের দৃঢ়নিশ্চয়তা দাঁড়াইয়াছে যে, শ্রীকৃষ্ণকীর্তন বইখানির মূল পুথি এখন অপ্রাপ্য, সেখানি আরও প্রাচীন ছিল, এবং তাহার অল্পাধিক পরে এই পুথিখানি অনুলিখিত।’<sup>২০</sup> সুকুমার সেন পুথির কাগজ, কালির গাঢ়তা ও উজ্জলতার দিকে তাকিয়ে মন্তব্য করেন— ‘শ্রীকৃষ্ণকীর্তনের পুথি প্রাচীন নয়, তবে তাই বলিয়া যে সব কিছুই অপ্রাচীন এমন কথাও নয়। ভাষায় প্রাচীনত্বের পরিচয় অগ্রগণ্য।’<sup>২১</sup> তিনি আরও বলেন যে, শ্রীকৃষ্ণকীর্তনে বাংলা ভাষার দক্ষিণ-পশ্চিম প্রত্যন্ত অঞ্চলের ভাষা মোটামুটি অবিকৃতভাবে স্থান পেয়েছে। শ্রীকৃষ্ণকীর্তনের মূল পুথি অপ্রাপ্য। মোটামুটিভাবে আমরা এই সিদ্ধান্তে আসতে পারি যে, মূল পুথি চতুর্দশ শতকের শেষে রচিত। তার কিছুকাল পরেই পঞ্চদশ

শতকেই অনুলিখিত। ‘শ্রীকৃষ্ণকীর্তন-এর পুথিখানি কবির স্বহস্ত লিখিত না হইলেও উহা তাঁহার জীবিতকালে লিপিবদ্ধ হয়, এরূপ বলিবার পক্ষে কোন বাধা নাই এবং এই পুথিখানি বঙ্গাক্ষরে লিখিত প্রাচীনতম বাঙ্গালা গ্রন্থ বলিয়াও গৃহীত হইতে পারে।’<sup>২২</sup> ‘শ্রীকৃষ্ণকীর্তন-এর কবি-পরিচয় নিয়েও যথেষ্ট সংশয় আছে। বসন্তরঞ্জন রায়ের কাছে আমরা যে কথা জানতে পারি তা হল— চণ্ডীদাসের আবির্ভাব কাল ১৩২৫ খ্রিস্টাব্দ। তিনি ‘বঙ্গভূমির রাঢ়দেশে অর্থাৎ বীরভূম জেলার নানুর গ্রামে রাঢ়ীয় ব্রাহ্মণকুলে জন্মগ্রহণ’ করেছিলেন। চণ্ডীদাসের আবির্ভাব নিয়ে মতপার্থক্য আছে। চণ্ডীদাস একজন না দুজন না একাধিক। কারোর মতে চণ্ডীদাস দুজন ছিলেন। একজন শ্রীকৃষ্ণকীর্তন রচয়িতা— বড়ু চণ্ডীদাস, বাসস্থান বাঁকুড়া জেলার ছাতনা গ্রামে, অন্যজন পদাবলী রচয়িতা দীন চণ্ডীদাস, বাসস্থান বীরভূম জেলার নানুর গ্রামে। এইরূপ বিপরীতমুখী মতবাদও প্রচলিত। বসন্তরঞ্জন রায় তাঁর ‘চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্তন’ প্রবন্ধে উল্লেখ করেন— ‘চণ্ডীদাস প্রথম বয়সে ‘শ্রীকৃষ্ণকীর্তন’ রচনা করেন। পদাবলীর তুলনায় আলোচ্য গ্রন্থখানিতে শব্দযোজনার একটু পারিপাট্য ও উপমার কিছু বাহুল্য আছে। কৃষ্ণকীর্তন পাঠে বেশ উপলব্ধি হয় কবি তখনও পাণ্ডিত্যভিমান পরিহার করিতে পারেন নাই। প্রচলিত পদাবলী তাঁহার পরিণত বয়সের রচনা।’<sup>২৩</sup> ভাব, আদর্শ, ভাষা ও অলঙ্কারের ধারার দিক থেকে বিচার করলে শ্রীকৃষ্ণকীর্তনের রচনা অনেক আগে, প্রাচীনপন্থী পদাবলির তুলনায়। হরেকৃষ্ণ মুখোপাধ্যায় ও সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মন্তব্যে আমরা জানতে পারি— ‘শ্রীকৃষ্ণকীর্তনের কবি বড়ু চণ্ডীদাসই যে আদি চণ্ডীদাস, চৈতন্যদেবের পূর্ববর্তী চণ্ডীদাস— যাঁহার পদ সপরিচয় শ্রীচৈতন্যদেব আশ্বাদন করিতেন— ইহা একেবারে স্থিরনিশ্চয়। শ্রীকৃষ্ণকীর্তন হইতেছে বাঙ্গালার আদি কবি চণ্ডীদাসের অবিসংবাদিত ভাবে প্রামাণিক বলিয়া গ্রহণযোগ্য একমাত্র গ্রন্থ।’<sup>২৪</sup> সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতটাই যদি গ্রাহ্য হয় যে, ‘শ্রীকৃষ্ণকীর্তন’ বাংলা ভাষা ও সাহিত্যের আদি নির্দর্শন, তাহলে আমরা সহজেই বাংলা সাহিত্যের আদিযুগরূপে শ্রীকৃষ্ণকীর্তনের ভাষার সমকালকেই ধরতে পারি অর্থাৎ আদিযুগ বা প্রাচীনযুগ দশম শতক নয়, চতুর্দশ শতকেই তার সূচনা। ‘শ্রীকৃষ্ণকীর্তন-এর ভাষার রূপটিতে বাংলা ভাষার প্রাচীনত্বের ছাপ এতই স্পষ্ট যে, এই ভাষার সঙ্গে দশম থেকে দ্বাদশ শতকে প্রাপ্ত চর্যাপদের ভাষার যথেষ্ট মিল খুঁজে পাওয়া যায়। অন্যদিকে মধ্য ও পূর্বী প্রাচ্যদেশীয় আর্ঘভাষাগুলি যথা, মৈথিলি ভাষায় রচিত ‘বিদ্যাপতির পদাবলী’, অসমিয়া ভাষায় মাধব কান্দলির ‘সপ্তকোষ রামায়ণ’, ওড়িয়া ভাষায় রচিত পঞ্চদশ শতকের ‘সারলাদাস মহাভারত’-এর ভাষা ও কাব্যগুণের



সঙ্গে ‘শ্রীকৃষ্ণকীর্তন’-এর যোগ সর্বাধিক থেকে পরস্পর সঙ্গতিপূর্ণ। সুনীতিকুমার চট্টোপাধ্যায় তাঁর ‘The Origin and Development of the Bengali Language’ গ্রন্থে বাংলা ভাষা ও সাহিত্যের ঐতিহাসিক যুগবিভাগটি তিনটি পর্বে বিভক্ত করেন:

1. The Formative or Old Bengali period: 10th-13th centuries (c. 950-1200 A.C.)
2. Middle Bengali period: 1200-1800. This is better subdivided into 3 stages:
  - a. Transitional Middle Bengali: 1200-1300 A.C.
  - b. Early Middle Bengali period: 1300-1500 A.C.
  - c. Late Middle Bengali: 1500-1800
3. Modern or New Bengali from 1800.<sup>২৫</sup>

বাংলা ভাষা ও সাহিত্যের ইতিহাসে তার যুগ-বিভাগকে সাহিত্য ও ভাষাতাত্ত্বিক দৃষ্টিতে এবং পুথির অক্ষরের দিক থেকে মিলিয়ে যদি দেখা হয় তাহলে বাংলা ভাষা ও সাহিত্যের যুগবিভাগটি সহজতর ও একটু অন্যরকম দাঁড়ায়। দশম থেকে দ্বাদশ শতকে রচিত ‘চর্যাপদ’কে সকলে বাংলা ভাষা ও সাহিত্যের ‘প্রাচীন যুগ’ বলে মেনে নিয়েছেন যা আদৌ যুক্তিযুক্ত নয়। সে-যুগের যোগাযোগরক্ষাকারী (link language) ভাষা ছিল অবহট্ট। চর্যাপদে অবহট্ট সহ অন্যান্য মধ্য ও পূর্বী প্রাচ্য আর্ঘভাষা যথাক্রমে মৈথিলি, বাংলা, ওড়িয়া ও অসমিয়া ভাষার প্রভুরূপের পরিচয় পাই। উক্ত ভাষাগুলি তখন ছিল মানুষের মুখে মুখে প্রচলিত আঞ্চলিক ভাষা (দ্রষ্টব্য: মং প্রণীত ‘চর্যাপদ’ ভাষা ও শব্দকোষ’, সংস্কৃত পুস্তক ভান্ডার, ২০১১)। অতএব, বাংলা ভাষা স্বতন্ত্ররূপে তার অস্তিত্বের স্বীকৃতিলাভের এবং তার সাহিত্যিক নির্দর্শন প্রকাশের আগেই দশম শতক থেকে দ্বাদশ শতক সময়সীমাকে ‘প্রাচীন বাংলার যুগ’ হিসেবে বিবেচ্য হয় কেমন করে? দ্বাদশ শতকে ১১৫৯ খ্রিস্টাব্দে আমরা যে বন্দ্যঘটায় সর্বানন্দের ‘অমরকোষ’-এর ‘টীকাসর্বস্ব’ পাই তাতে তিনশোর বেশি প্রাচ্যদেশীয় ‘দেশি’ শব্দের তালিকা আছে, সেগুলিও শুধু প্রাচীন বাঙ্গালা শব্দ নয়, অন্যান্য প্রাচ্যভাষা যথা, ওড়িয়া, মৈথিলি ও অসমিয়া ভাষাতেও পাওয়া যায় (দ্রষ্টব্য: সদ্য মুক্তির অপেক্ষায় ‘প্রাচ্য আর্ঘভাষা’)। সুতরাং চতুর্দশ শতকে প্রাপ্ত ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যগ্রন্থ রচনার আগে বাংলার নিজস্ব সাহিত্যিক নির্দর্শন এখনও পর্যন্ত আমাদের জানা নেই। কাজেই দ্বাদশ থেকে ত্রয়োদশ শতকের মধ্যে প্রাপ্ত সামান্য কিছু নির্দর্শন বাংলা ভাষার

সাহিত্যে প্রাক্ আদি যুগের রচনা, চর্যাপদ অবশ্যই নয়। জয়কান্ত মিশ্র তাঁর ‘History of Maithili Literature’ গ্রন্থে মৈথিলি সাহিত্যের যুগবিভাগে ‘প্রাচীন যুগ’ হিসেবে ১৩০০ খ্রিস্টাব্দ থেকে ১৬০০ খ্রিস্টাব্দ, সূর্যনারায়ণ দাস ‘ওড়িয়া সাহিত্যের ইতিহাস’ গ্রন্থে ওড়িয়া সাহিত্যের কবি, কাল ও সাহিত্যের প্রাধান্য অনুসারে ‘আদিযুগ’ হিসেবে একাদশ শতক থেকে ষোড়শ শতকের প্রথমার্ধ পর্যন্ত এবং বাণীকান্ত কাকতি প্রণীত ‘Assamese : Its Formation and Development’ গ্রন্থে অসমিয়া সাহিত্যের যুগবিভাগের ক্রম অনুসারে প্রাচীন যুগ চতুর্দশ শতক থেকে ষোড়শ শতক পর্যন্ত সময়কাল নির্দেশ করেছেন। উক্ত সব কয়টি প্রাচ্য আর্ঘভাষার সাহিত্যের নির্দেশিত কালসীমার নিরিখে বাংলা সাহিত্যের যুগবিভাগ চারটি পর্বে বিভক্ত করা যেতে পারে। যথা—

- (১) প্রাক্ আদিযুগ : দ্বাদশ শতক থেকে ত্রয়োদশ শতকের শেষ
- (২) আদি যুগ : চতুর্দশ শতক থেকে পঞ্চদশ শতকের শুরু
- (৩) মধ্যযুগ : পঞ্চদশ-ষোড়শ শতক থেকে অষ্টাদশ শতক
  - ক. প্রাক্ চৈতন্য ও চৈতন্যযুগ : পঞ্চদশ শতক থেকে ষোড়শ শতকের শেষ
  - খ. চৈতন্যোত্তর যুগ : সপ্তদশ শতক থেকে অষ্টাদশ শতকের শেষ
- (৪) আধুনিক যুগ : ঊনবিংশ শতক থেকে আজ পর্যন্ত। (ইউরোপীয় মিশনারিদের যুগ/নবজাগরণের যুগ— আজ পর্যন্ত)।

বাংলা ভাষা ও সাহিত্যের প্রাক্ আদি যুগে শশিভূষণ দাশগুপ্ত কর্তৃক আবিষ্কৃত নবচর্যাপদের ৯৮টি পদ পাওয়া যায়। এগুলি এখনও নেপালে ‘চচা’ গানরূপে প্রচলিত। পদগুলিতে তৎসম শব্দের আধিক্য। দ্বাদশ শতকে প্রাপ্ত বন্দ্যঘটায় সর্বানন্দ কর্তৃক তিনশোর বেশি প্রাচ্যদেশীয় ‘দেশি’ শব্দের তালিকা আমাদের নজরে আসে। এই যুগেই প্রাপ্ত ‘মানসোল্লাস’ কোষগ্রন্থের ‘গীতবিনোদ’ অংশে ‘বিষ্ণুর দশাবতার স্তোত্র’, ‘রাধা-কৃষ্ণ বিষয়ক গীতের অংশ’-এ ‘বরাহ অবতার’, ‘পরশুরাম অবতার স্তোত্র’-এ বাংলা সহ ওড়িয়া, অসমিয়া ও মৈথিলি ভাষার প্রাচীন রূপ ধরা পড়ে। খ্রিস্টীয় চতুর্দশ শতকের শেষপাদে রচিত বড়ু চণ্ডীদাসের ‘শ্রীকৃষ্ণকীর্তন’ বাংলা সাহিত্যের সর্বপ্রথম সাহিত্যিক নির্দর্শন হিসেবে গণ্য হওয়ায় বাংলা ভাষা ও সাহিত্যের ‘আদিযুগ’ চতুর্দশ শতক থেকে পঞ্চদশ শতকের শুরু পর্যন্ত





বিবেচিত হওয়াই বাঞ্ছনীয়।

তথ্যসূচি :

- ১। সুনীতিকুমার চট্টোপাধ্যায় : *ভাষাপ্রকাশ বাঙ্গালা ব্যাকরণ*, প্রথম প্রকাশ, ১৯৩৯, প্রথম রূপা সংস্করণ, কলকাতা ১৯৮৮, পুনর্মুদ্রণ ১৯৮৯, পৃ. ২।
- ২। সুনীতিকুমার চট্টোপাধ্যায় : *বাঙ্গালা ভাষাতত্ত্বের ভূমিকা*, প্রথম প্রকাশ ১৯২৯, কলকাতা বিশ্ববিদ্যালয়, প্রথম রূপা সংস্করণ ১৯৯১, পৃ. ১৩।
- ৩। Suniti Kumar Chatterji and Babua Misra, *Varṇa-ratnākara of Jyotirīśvara-Kaviśekharācārya*, The Royal Asiatic Society of Bengal, Calcutta, 1940 p.44.
- ৪। সুনীতিকুমার চট্টোপাধ্যায় : *বাঙ্গালা ভাষাতত্ত্বের ভূমিকা*, প্রথম রূপা সংস্করণ, ১৯৯১, কলকাতা, পৃ. ১৫।
- ৫। হরেকৃষ্ণ মুখোপাধ্যায় ও সুনীতিকুমার চট্টোপাধ্যায় :

‘শ্রীকৃষ্ণকীর্তনের পদের নবাবিষ্কৃত পুথি’ প্রবন্ধ সম্বন্ধে মন্তব্য, সাহিত্য-পরিষৎ-পত্রিকা, ১৩৩৯, তৃতীয় সংখ্যা, পৃ. ১৯৮।

- ৬। সুকুমার সেন : *বাঙ্গালা সাহিত্যের ইতিহাস*, প্রথম খণ্ড, প্রথম আনন্দ সংস্করণ, কলকাতা, ১৯৯১, পৃ. ১২২।
- ৭। বসন্তরঞ্জন রায় ও রাখালদাস বন্দ্যোপাধ্যায় : ‘শ্রীকৃষ্ণকীর্তনের লিপিকাল নির্ণয়’, সাহিত্য-পরিষৎ-পত্রিকা, ১৩২২, তৃতীয় সংখ্যা, পৃ. ১৬৬।
- ৮। বসন্তরঞ্জন রায় : ‘চণ্ডীদাসের শ্রীকৃষ্ণকীর্তন’, সাহিত্য-পরিষৎ-পত্রিকা, ১৯১৮, দ্বিতীয় সংখ্যা, পৃ. ১২৪।
- ৯। হরেকৃষ্ণ মুখোপাধ্যায় ও সুনীতিকুমার চট্টোপাধ্যায় : ‘শ্রীকৃষ্ণকীর্তনের পদের নবাবিষ্কৃত পুথি’ প্রবন্ধ সম্বন্ধে মন্তব্য, সাহিত্য-পরিষৎ-পত্রিকা ১৩৩৯, তৃতীয় সংখ্যা, পৃ. ১৯৯।
- ১০। Suniti Kumar Chatterji : *The Origin and Development of the Bengali Language, Vol. I, Rupa & Co. Calcutta, 1985, pp. 129-134.*



## উনিশ শতকের অসমে অবাঙালিদের বাংলাচর্চা : প্রথম পর্ব

প্রসূন বর্মন

বাংলা বিভাগ, কটন মহাবিদ্যালয়, গুয়াহাটি-৭৮১০০১, অসম

### CULTIVATION OF BENGALI IN NINETEENTH CENTURY ASSAM BY THE NON-BENGALEES — PART-I

Prasun Barman

Deptt. of Bengali, Cotton College, Guwahati-781 001, Assam

**ABSTRACT :** *The Bengali literature has a millennium old history. This vast and expanded repertory of literature is not only developed by Bengali litterateur. It is needless to say that, numerous non-Bengali distinguished personalities had enriched the literature. In the history of this literature names of many foreigners and Europeans are written in golden letters. Gerasim Stepanovich Lebedev (1749-1817), William Carey (1761-1834), Anthony Firingee (1786-1836), John Clark Marshman (1794-1877) to name a few. But there is no special deliberation about persuasion of Bengali literature by non-Bengali litterateur of northeast India, particularly from Assam. In fact, we have not seen any systematically attempted work on this topic. But the contribution of Haliram Dhekial Phookan (1802-1832), Anandaram Dhekial Phookan (1819-1859), Moonshi Kifayut Ullah (?-1868), Haraprasad Nath, Rev. M Ramkhe, Manicharan Barman, Lakshminath Bezbarua (1864-1938) and others to Bengali literature is not less important. It is also a part of socio-cultural history of Assamese and Bengali community which is highlighted in this issue.*

১৯১১ সাল অবধি কলকাতা ছিল ব্রিটিশ ভারতের প্রাণকেন্দ্র। রাজধানী শহর কলকাতায় সেকালে নানা প্রদেশের বিভিন্ন ভাষা-ভাষীর মানুষের আগমন ঘটতে দেখা যায়। এই

আগমনের হেতু নানাবিধ— কেউ কাজের তাগিদায়, কেউ-বা উচ্চশিক্ষার উদ্দেশ্যে কলকাতায় আসতেন। অবাঙালি এই মানুষেরা নিজেদের প্রয়োজনেই সে-সময় বাংলা ভাষা শিখতে





শুরু করেছিলেন। ক্রমশ মাতৃভাষার পাশাপাশি তাঁদের মধ্যে বাংলার ব্যবহারও ঘটতে দেখা যায়। ওড়িয়া ও অসমিয়াভাষীদের মধ্যে এই ব্যবহার অন্যান্যদের তুলনায় কিছুটা যেন বেশিই ছিল। এই দুই ভাষাগোষ্ঠীর অনেকেই সেসময় বাংলায় সাহিত্যচর্চা ও লেখালিখি করেছিলেন। অসমিয়াভাষীদের মধ্যে উল্লেখযোগ্য কয়েকজন হলেন— জাদুরাম ডেকা বরুয়া (১৮০১-১৮৬৯), হলিরাম ঢেকিয়াল ফুকন (১৮০২-১৮৩২), যজ্ঞরাম খারঘরীয়া ফুকন (১৮০৫-১৮৩৮), মণিরাম দেওয়ান (১৮০৬-১৮৫৮), আনন্দরাম ঢেকিয়াল ফুকন (১৮২৯-১৮৫৯), মুনসি কেফায়ৎউল্লাহ (?-১৮৬৮), লক্ষ্মীনাথ বেজবরুয়া (১৮৬৪-১৯৩৮) প্রমুখ। শুধু তাই নয়, উত্তর-পূর্ব ভারতের ডিমাসা, গারো এবং ত্রিপুরার মাণিক্য রাজবংশের সদস্যদের মধ্যেও বাংলাচর্চা তথা লেখালিখির যথেষ্ট নিদর্শন পাওয়া যায়। অথচ দুর্ভাগ্য, উনিশ শতকের বাংলা সাহিত্যের ইতিহাসে এই অবাঙালি বিদ্বৎসমাজের রচনারাজি প্রায় অনালোচিতই থেকে গেছে।

উনিশ শতকের পূর্ব থেকেই অসমে বাংলা লেখালিখি বা চর্চার নিদর্শন পাওয়া যায়। প্রাক-ঔপনিবেশিক যুগে বিভিন্ন রাজবংশের মধ্যে পারস্পরিক যোগাযোগ, বিশেষ করে কূটনৈতিক বিষয়ে বাংলা গদ্যের ব্যবহার এখানে প্রচলিত ছিল। মূলত ত্রিপুরা-কাছাড়-কামতা-আহোম— এই রাজবংশগুলির মধ্যে রাস্ত্রনৈতিক যোগাযোগের অন্যতম মাধ্যম ছিল বাংলা। তবে এই গদ্যের ছাঁচ ছিল প্রাক-ঔপনিবেশিক পর্বের।

ব্রিটিশ ঔপনিবেশিক শক্তির বিস্তারের ফলে ব্রহ্মদেশ, চীন ও তিব্বতের সঙ্গে এই অঞ্চলের বাণিজ্যের দ্বার উন্মুক্ত হয়েছিল। আবার পাশাপাশি চা ও খনিজ সম্পদের আবিষ্কার হওয়ায় এ-অঞ্চলের প্রতি ইংরেজদের আকর্ষণ স্বভাবতই বৃদ্ধি পাচ্ছিল। উনবিংশ শতাব্দীর এই প্রেক্ষাপটেই অসমে বাংলাচর্চার সূচনা ও বিস্তারের সন্ধান করা উচিত। এর তিনটি মূল কারণ চিহ্নিত করা যেতে পারে,

- উনবিংশ শতাব্দীর প্রথমার্ধে শিক্ষিত ও মধ্যবিত্ত অসমিয়া সমাজে বাংলাভাষার প্রতি আকর্ষণ,
  - ব্রিটিশ প্রশাসনের অঙ্গ হিসাবে আগত বিভিন্ন পেশার বাঙালি এবং
  - সরকারিস্তরে অসমে বিদ্যালয় ও আদালতের ভাষা হিসাবে বাংলাকে স্বীকৃতি প্রদান।
- ঔপনিবেশিক অসমে বাংলাচর্চার এই পরিবেশ ও প্রেক্ষাপট আলোচনার পূর্বে সংক্ষেপে আমরা আলোকপাত করব উনবিংশ

শতাব্দীর পূর্ববর্তী বৃহত্তর এ-অঞ্চলের বাংলাচর্চার নিদর্শন ও পরিবেশ বিষয়ে।

### উনবিংশ শতাব্দীর পূর্ববর্তী সময় : রাস্ত্রনৈতিক ও কূটনৈতিক যোগাযোগের ভাষা

উনবিংশ শতাব্দীর পূর্ব থেকেই বৃহত্তর এ অঞ্চলে বাংলাচর্চার পরিবেশ গড়ে উঠতে দেখা যায়। মূলত মধ্যযুগ থেকে রাজপরিবারের উৎসাহ ও সৌজন্যে এখানে বাংলাচর্চার এক বিশেষ ধারা বিকশিত হয়েছিল। এক্ষেত্রে স্মরণযোগ্য আহোম রাজাকে লেখা কোচবিহার রাজার পত্রের প্রসঙ্গটি। পত্রটির লিপিকাল “শক ১৪৭৭ মাস আষাঢ়” অর্থাৎ ১৫৫৫ খ্রিস্টাব্দ। শিরোনামায় রয়েছে সংস্কৃত সম্ভাষণ। তারপর মহারাজ নরনারায়ণের (?-১৫৮৪) লিখিত এই ঐতিহাসিক পত্রটি, *লেখকং কার্যধঃ। এথা আমার কুশল। তোমার কুশল নিরন্তর বাঞ্ছা করি। অখন তোমার আমার সন্তোষ সম্পাদক পত্রাপত্রি গতায়ত হইলে উভয়ানুকুল প্রীতির বীজ অঙ্কুরিত হইতে হয়ে। তোমার আমার কর্তব্যে বান্ধিত্যক পাই পুষ্টিত ফলিত হইবেক। আমরা সেই উদ্যোগত আছি। ইত্যাদি।*<sup>১</sup>

ষোড়শ শতাব্দীতে লেখা এ পত্রের পর থেকেই দেখা যায় এখানকার রাজাদের মধ্যে যোগাযোগের অন্যতম মাধ্যম হয়ে ওঠে বাংলা। এক্ষেত্রে সুকুমার সেনের মন্তব্য প্রণিধানযোগ্য,

*কাজেকর্মে বাঙ্গালা গদ্যের প্রথম এবং ব্যাপক ব্যবহার ষোড়শ শতাব্দী হইতে ত্রিপুরা-কাছাড়-কামতা অঞ্চলেই পাইতেছি।*<sup>২</sup>

এ অঞ্চলে ষোড়শ শতাব্দীর বাংলাচর্চার অন্যতম নিদর্শন হল কাছাড়ের রাজা মেঘনারায়ণের (১৫৭৬-১৫৮৩) একটি শিলালিপি। লিপির সময়কাল ১৫৭৬ খ্রিস্টাব্দ। এর পাঠ নিম্নরূপ,

*শুভমস্ত শ্রীশ্রীযুত মেঘনারায়ণ দেবহা চেষ্টসা বংশজাত রাজহৈ মাইবঙ্গরা জ্যত পাথরে সিংহাদ্বার বঙ্গাইলেন শ কাঙ্গাঃ ১৪৯৮ বিতেরীখ আষাঢ় ২৬।*

উক্ত শিলালিপিটির ভাষাতাত্ত্বিক বিশ্লেষণ করতে গিয়ে বিশিষ্ট গবেষক ভক্তিমধব চট্টোপাধ্যায় মন্তব্য করেছেন যে, *লিপিতে একটি মাত্র বাক্য, কিন্তু তা থেকেই সে যুগের গদ্যরূপের পরিচয়টি মিলবে। কর্তা-কর্ম-*



*absence of any extant Bengali prose writing of that period and even much later, these letters can be regarded as an extremely valuable acquisition to Bengali literature.*<sup>৩</sup>

উল্লেখ্য যে সে-সময় আহোম রাজসভায় অসমিয়া ভাষা প্রচলিত থাকলেও কূটনৈতিক সম্পর্কের যোগাযোগ হত বাংলাভাষায়।<sup>৪</sup> অবশ্য এ-বাংলা নিয়ে এখনও বিস্তারিত আলোচনার অপেক্ষা রাখে। কেননা এই যোগাযোগের ভাষা অনেকটাই আঞ্চলিক বৈশিষ্ট্য ও স্বাতন্ত্র্যে উজ্জ্বল। উনিশ শতকে লেখা মণিরাম দেওয়ানের ‘বুরঞ্জী বিবেকরত্ন’ হয়তো তারই সার্থক নিদর্শন। সংস্কৃত-বাংলা আর অসমিয়া ও নানা উপজাতীয় ভাষার মিশ্রণে যে ভাষা গড়ে উঠেছিল, ‘বুরঞ্জী বিবেকরত্ন’ কি তারই ফলশ্রুতি নয়?

চিঠিপত্রের পাশাপাশি এসময়ে রচিত হয়েছে আইন বিষয়ক রচনাও। কাছাড়ের রাজা তাম্রধ্বজনরায়ণ (১৬৯১-১৭০৮) সমতল কাছাড়ের প্রজাদের জন্য ‘কাছাড়ী আইন’ প্রণয়ন করেছিলেন। এই আইন ছিল নিম্নরূপ,

*গ্রামের নিকট কৃষি করিয়া যদি বেটা না দেয় এহাতে পালকের ইচ্ছা ব্যতিরেকে গবাদি পশু যায় শস্য নষ্ট করে তবে পালকের দোষ হয় নাহি জানিবা। যদি এতেহ ইচ্ছা করিয়া পালকে নাশ করায় তবে তাহার চৌরের প্রায় দণ্ড জানিবা। এবধ গ্রামাদির দূর দূরস্ত কৃষিতে কদাচিত যায় যদি গবাদি পশুয়ে পালকের ইচ্ছা ব্যতিরেকে শস্য নষ্ট করে তবে পালকে রাজাকে ৫ দণ্ড দিয়া কৃষকে যদি... শস্য পুরাইয়া লৈতে চায় তবে পুরিয়া দিতে হয়। ক্ষেত্রিকে যদি শস্য পুরাইয়া লৈতে চায় তবে গবাদি পশুয়ে নাশিত যে শস্য তাকে সর্বত্রই পুরিয়া দিতে হয় জানিবা কিন্তু গোয়ে নাশিত যে শস্য তাকে যদি কৃষকে পালকের পাশত ও কিম্বা স্বামীর পাশত পুরিয়া লয় তবে তাহার অন্নাদিকে দেবতা ও পিতৃলোকে গ্রহণ করেন নাহি জানিবা।। যদি রাত্রিতে সেই পর্যন্ত ভক্ষণ করিলে গবাদি পশু তৃপ্ত হয় তাবৎ ভক্ষণ করে তবে গবাদি পশুর স্বামীয়ে রাজাতে দশ রান্তি সুবর্ণ দণ্ড দিতে হয়।। যদি দিবাভাগতে তাদৃশ ভক্ষণ করে তবে ছয় রান্তি সুবর্ণ দণ্ড দিতে হয়। এবধ রান্তিতে দশ রান্তির অনুসারে সোয়া তিন রান্তি সুবর্ণ দণ্ড যুক্তক্রমে জানিবা।*<sup>৫</sup>

*ক্রিয়া সংস্থাপন এবং কর্তা ও কর্মের সম্প্রসারক পদ বা পদসমষ্টির অবস্থান বাক্যটির গঠনগত পূর্ণতার পরিচয় বহন করছে। মূল বাক্যটি ‘মেঘনারায়ণ সিংহদ্বার বঙ্গাইলেন’, কর্তার সম্প্রসারিত অংশ ‘শ্রীশ্রীযুত \*\*দেব হাচেষ্টসা বংশজাত রাজাহৈ’ এবং কর্মের ‘মাইবঙ্গ-রাজ্যত পাথরে’। ক্রিয়াপদটি সুগঠিত, বর্তমানের সহিত পার্থক্য কালের ব্যবধানে ধ্বনি পরিবর্তনে, গঠনের রূপান্তরে নয়, ‘বঙ্গাইলেন’ বর্তমান রূপ ‘বঁধাইলেন’। সপ্তমীতে ‘ত’ বিভক্তির প্রয়োগ লক্ষণীয়, চর্যাপদের সময় থেকে অষ্টাদশ শতাব্দী পর্যন্ত এর ব্যাপক প্রয়োগ ছিল। কালজ্ঞাপক অংশটিতে আরবি ‘তারিখ’ যথার্থ লিখিত হয়েছে, খ > ক হয়নি। ফারসি বি > বি, আরবি ‘তারিখ’-এর পূর্বে যুক্ত হয়ে এবং বাক্যে ‘বিতারিখ’ > (বিতেরীখ) পদটির সহজ প্রয়োগ প্রমাণ করছে, ষোড়শ শতাব্দীর শেষ যামে বাংলা ভাষায় বিদেশী উপাদানগুলির বঙ্গীকরণ ঘটতে আরম্ভ করেছে। ‘তারিখ’ শব্দটি যে বাংলা শব্দভাণ্ডারে প্রবেশ লাভ করেছে মাইবাঙ শিলালেখের তার প্রাচীনতম ইঙ্গিত পাওয়া গেল।*<sup>৬</sup>

ষোড়শ শতাব্দীর পর সপ্তদশ শতাব্দীতে একাধিক আহোম রাজার লেখা বেশ কিছু চিঠি পাওয়া যায়— যেখানে বাংলা গদ্যের বিকশিত রূপের খোঁজ মেলে।<sup>৭</sup> ষোড়শ-সপ্তদশ শতাব্দীতে কোনো সচেতন সাহিত্যিক উদ্দেশ্য নিয়ে নয়, ব্যবহারিক প্রয়োজনে যোগাযোগের মাধ্যম হিসাবে এ অঞ্চলে বাংলা গদ্যের ব্যবহার অত্যন্ত তাৎপর্যপূর্ণ।

রাজপরিবারের উদ্যোগে অষ্টাদশ শতাব্দীতেও এখানে বাংলা গদ্যের ব্যবহার লক্ষ করা গেছে। গৌরীনাথ সিংহের (১৭৮০-১৭৯৪) সময় থেকে চন্দ্রকান্ত সিংহ (১৮১০-১৮১৮) অবধি আহোম রাজারা প্রতিবেশী কোচ, কাছাড়, মণিপুর এবং ত্রিপুরা রাজপরিবারের সঙ্গে বাংলাভাষায় যোগাযোগ রক্ষা করতেন।<sup>৮</sup> ঐতিহাসিক সূর্যকুমার ভূঞার (১৮৯৪-১৯৬৪) ভাষায়,

*The business portion of the letters is in Bengali, multiluted to a great extent by the influence of Assamese syntax and vocabulary. Anyhow they are good specimens of Bengali as it was used for court purposes outside Bengal; and in the*



অষ্টাদশ শতাব্দীতে আহোম বা কাছাড়ের রাজপরিবারের পৃষ্ঠপোষকতায় চিঠিপত্র বা আইন-বিষয়ক রচনার পাশাপাশি আমরা পাই সৃজনশীল রচনাও। কাছাড়ের রাজা মহারাজ সুরদর্প নারায়ণ (১৭০৮-১৭২০) সংগীতচর্চার প্রতি ছিলেন গভীর অনুরাগী। তিনি নিজেও কিছু শাস্ত্র সংগীত রচনা করেছিলেন। তাঁর লেখা শাস্ত্র সংগীত নিম্নরূপ,

দীনদায়ময়ী নাম তোমার ॥ ধু ॥  
শুনিয়া ভরসা বড় হইয়াছে আমার ॥  
পূজা, জপ, তপ কিছু নাহিক আমার ॥  
তবে যদি কর কৃপা মহিমা তোমার ॥  
আমি ত কুমতি অতি গতি নাই আর ॥  
ভরসা করিয়াছি কেবল শ্রীচরণ তোমার ॥  
প্রণতি করিয়া বলে সুরদর্প রায় ॥  
আজ্ঞা কর মুণ্ড দিয়া ভজি রাঙ্গা পায় ॥<sup>১৭</sup>

সুরদর্প নারায়ণের আমলেই রচিত হয়েছিল ‘বৃহন্নারদীয় পুরাণ’-এর বাংলা পদ্যানুবাদ ‘শ্রীনারদি রসামৃত’। অনুবাদক ছিলেন ভুবনেশ্বর বাচস্পতি। মোট আটত্রিশটি অধ্যায়ে সকলের বোধগম্য করে সামাজিক নীতিবোধের প্রচার ও প্রসারের মহৎ সংকল্প নিয়ে ‘শ্রীনারদি রসামৃত’ রচিত হয়েছিল। এসময়েই রচিত হয়েছিল ‘ব্রহ্মপুরাণ’-এর বাংলা অনুবাদ। অনুবাদকের নাম জানা যায়নি। লিপিকর ছিলেন শ্রীঅনন্তরাম বর্মন।

মহারাজ রামচন্দ্রধ্বজ নারায়ণ (১৭২৮-১৭৩৫) বাংলাভাষায় ভক্তিমূলক মাতৃসংগীত, রাখা-কৃষ্ণ লীলামূলক বৈষ্ণব পদাবলি রচনায় উৎসাহী ছিলেন। এমনকী তিনি নিজেও এ-বিষয়ে নানা পদ রচনা করেছিলেন। রাগ মালসীতে তাঁর রচিত উল্লেখযোগ্য একটি পদ হল,

ত্রাণ কর গো জননীহু বিপদে পড়িয়াছি ॥ ধু ॥  
ভক্তি নাহি জানি মা গোহু শক্তি নাহি স্থির ॥  
কেবল হইয়াছি আমি জগতে বাহির ॥  
সম্মুখে শমনের ভয় জর জর শরীর হয়,  
হৃদয়ে ধরিয়াছি রাঙ্গাপদ শঙ্করীর ॥  
প্রণতি করিয়া বলে রামচন্দ্র নৃপ ॥  
আনন্দে কৈলাসে যাব বলে দুর্গা শিব ॥<sup>১৮</sup>

গৌড়বঙ্গের বাইরে, প্রান্তীয় কামরূপ, কামতা, কাছাড়, ত্রিপুরা— এসব অঞ্চলের ‘আন্তঃপ্রাদেশিক রাজকার্যে, ব্যবসাবাণিজ্যে, যুদ্ধবিগ্রহ ও সন্ধি স্থাপনের ভাষা হিসাবে’<sup>১৯</sup> বাংলার গ্রহণযোগ্যতা ছিল সর্বাপেক্ষে। তাই প্রকৃত হওয়া স্বাভাবিক

যে প্রান্তীয় এসব স্বাধীন রাজাদের মধ্যে যোগাযোগের ভাষা বাংলা কী করে হয়ে উঠল?

কামরূপ, ত্রিপুরা, কাছাড়, কামতা প্রভৃতি প্রান্তীয় অঞ্চল মঙ্গোলয়েড বা কিরাতভূমি নামে সুপরিচিত। এখানকার অধিবাসীরা ‘হিমালয়-প্রান্তিক মঙ্গোলয়েড’ মহাশাখার অন্তর্ভুক্ত। আর এই মহাশাখার অন্যতম হল বৃহৎ বোড়ো ও আহোম জনগোষ্ঠী। উল্লেখ্য যে কাছাড়ি, গারো, মেচ, রাভা, ত্রিপুরি, বোড়ো প্রভৃতি ক্ষুদ্র ক্ষুদ্র জনগোষ্ঠীর সমন্বয়ে গড়ে উঠেছে বৃহত্তর বোড়ো জনগোষ্ঠী। এই জাতি-জনগোষ্ঠীগুলির মধ্যে ক্রমশ হিন্দু-আর্য সভ্যতার প্রভাব পড়তে দেখা যায়। এর ফলে এদের অভিহিত করা হত ইন্দো-মঙ্গোলয়েড বা Indo-Mongloid হিসাবে। সুনীতিকুমার চট্টোপাধ্যায় (১৮৯০-১৯৭৭) জানিয়েছেন,

*Briefly, it was of a piece with evolution of culture and history in other parts of India : it was largely a case of progressive Indianisation or Hinduisation of these Mongoloid peoples, bringing them within the fold of what may be called 'Sanskrit culture'. This was a culture which was brought to the Indo-Mongoloids in Nepal by both the Brahman and Priest and the Buddhist Monk, and in Bengal and Assam by the Brahman Priest mainly.*<sup>২০</sup>

আহোম, কামতা, কাছাড়, ত্রিপুরা প্রভৃতি অঞ্চলে বাঙালি পণ্ডিতদের প্রভাব পড়েছিল— এ কথা সর্বজনবিদিত।<sup>২১</sup> তাই স্বাভাবিকভাবেই ষোড়শ-সপ্তদশ শতাব্দী থেকে এসব অঞ্চলে বাংলা ভাষা ব্যবহারের নিদর্শন পাওয়া যায়। সুকুমার সেনের ভাষায়,

*সেকালে বাঙ্গালাই ছিল আহোম-হেডস্ব (কাছাড়), ত্রিপুরা ও কোচবিহারের রাজকার্যের ভাষা।*<sup>২২</sup>

এ-ভাবেই ক্রমশ ষোড়শ-সপ্তদশ ও অষ্টাদশ শতাব্দী পেরিয়ে এসে বাংলাচর্চা উনিশ শতকে এসে পৌঁছেছে।

### উনিশ শতকের বাংলা সংবাদ-সাময়িকপত্র এবং অসমিয়া বিদ্বৎসমাজ

উনিশ শতক, গড়ে ওঠার সময়। পশ্চিমী চিন্তা-চেতনার আবহাওয়ায় আমাদের ভাবনা লালিত হতে শুরু করেছে এ-

সময়েই। এ-সময়েই দেখা দিয়েছে ভিন্ন মত, ভিন্ন দৃষ্টিকোণের প্রাসঙ্গিকতা। দেখা দিয়েছে মননধ্বজ ভাবনা। উনিশ শতকের পূর্বে আমাদের সমাজ ছিল মুখ্যত সামন্ততান্ত্রিক সমাজব্যবস্থার অন্তর্ভুক্ত। ইংরেজ উপনিবেশিক শাসন সুদূর হওয়ার ফলে আমাদের পুরোনো ঐতিহাসিক সমাজ-কাঠামো ভেঙে পড়তে শুরু করে। এই প্রভাবের ধরন ও প্রতিক্রিয়া ছিল বহুমুখী। মুখ্যত এই পটভূমিতেই শুরু হয় উনিশ শতকে বাঙালির নানামুখী সাহিত্যরচনার জ্যোত।<sup>২৩</sup> বাংলাচর্চার এই প্রেক্ষাপট শুধু বৃহৎ বঙ্গই নয়, দেখা দিয়েছিল প্রান্তীয় ভূবন অসমেও। উনবিংশ শতাব্দীর অসমে বাংলাচর্চার দুটি মূল ধারা লক্ষ করা যায়, ক. অসমিয়াভাষী তথা অবাঙালিদের মধ্যে বাংলাচর্চার অনুশীলন এবং

খ. কাছাড়ি, শ্রীহট্ট ও ব্রহ্মপুত্র উপত্যকায় বাংলাচর্চা।

উনিশ শতকের অসম নানা পরিবর্তনের সাক্ষী। মধ্যযুগীয় ধ্যানধারণা থেকে অসমের সমাজজীবনে আধুনিকতার ছোঁওয়া লেগেছিল এ-সময়েই। শুধু তাই নয়, বঙ্গদেশ বিশেষ করে কলকাতার সঙ্গে অসমের যোগাযোগ ঘনিষ্ঠতর হয়ে ওঠে এ-সময়েই। এই যোগসূত্র মূলত তিনধরনে ঘটেছিল,

ক. উচ্চশিক্ষার জন্য অসমিয়া যুবকদের কলকাতা-যাত্রা,  
খ. পত্রপত্রিকা ও নানা সামাজিক আন্দোলনের মাধ্যমে এবং  
গ. অসমে একাংশ ব্যবসায়ী ও চাকরিজীবীর আবির্ভাবের ফলে। একাংশ অসমিয়াভাষী বিদ্বৎজনের কাছে এই যোগাযোগের মাধ্যম ছিল মূলত ভাষা-সংস্কৃতির আদান-প্রদান এবং তার ফলশ্রুতিতে তাঁদের মধ্যে ক্রমাগতই বাংলাচর্চার সূত্রপাত ঘটতে দেখা যায়।

উনবিংশ শতাব্দীর দ্বিতীয় দশকে ‘সমাচার দর্পণ’ পত্রিকায় অসম-বিষয়ক দু-একটি সংবাদ প্রকাশিত হতে দেখা গেছে। যেমন<sup>২৪</sup>—

ক. ‘গত বৎসরের (১৮২৪) মধ্যে আমাদের জ্ঞাতসারে যে ২ কর্ম হইয়াছে’ শীর্ষক শিরোনামে ছিল— ‘২৮ মার্চ তারিখে ইংলণ্ডীয় সৈন্য কর্তৃক গোয়াহাটি আয়ত্ত হয়’।

খ. ১৮২৫ সালের ঘটনা-বিষয়ে প্রকাশিত হয়েছিল— ‘আসাম অবধি মণিপুর পর্যন্ত নূতন পথ করিতে আরম্ভ হয়’ এবং ‘আসাম দেশের রাজধানী রংপুর ব্রহ্মদেশীয়দের অধিকার করা হয়’ শীর্ষক সংবাদ।

মূলত এসব সংবাদের মধ্যে দিয়েই অসমের পরিচয়



ঘটেছিল বৃহত্তর বঙ্গদেশের পাঠকসমাজের মধ্যে। অন্যদিকে, এই পত্রিকাগুলির মাধ্যমে অসমে গড়ে উঠেছিল একশ্রেণির পাঠক। পরবর্তীকালে এই পাঠকেরাই নানা বিষয়ক সংবাদ, চিঠি, কবিতা ইত্যাদি প্রেরণ করেছেন ‘সমাচার দর্পণ’ (১৮১৮), ‘সমাচার চন্দ্রিকা’ (১৮২২), ‘বঙ্গদূত’ (১৮২৯) প্রভৃতি পত্রিকায়। এর আভাস রয়েছে ‘সমাচার দর্পণ’-এর ‘আসামদেশে জ্ঞানবৃদ্ধি’ শীর্ষক সংবাদে (৩০ জুলাই, ১৮৩১) :

*আসামদেশীয় অতিমান্য লোকেরা বঙ্গদেশের ও বঙ্গদেশ-প্রচলিত তাবদ্বাপারের সঙ্গে এতদেশীয় সম্বাদপত্রের দ্বারা সম্পর্ক রাখেন। এ আসামদেশেহারা যাদৃশ এতদেশীয় সম্বাদপত্র গ্রাহক তাদৃশ প্রায় বঙ্গদেশের কোন জিলায় দৃষ্ট হয় না।*

*অপর বঙ্গদেশের প্রায় অর্ধেক জিলা হইতে কোন প্রেরিত পত্র সম্বাদপত্রে কখন দৃষ্ট হয় না কিন্তু আমারদের কিম্বা অন্য ২ এতদেশীয় সম্বাদপত্র সম্পাদকেরদের নিকটে আসামদেশ হইতে যে সপ্তাহে প্রেরিত পত্র না আইসে এমন সপ্তাহই প্রায় অপ্রসিদ্ধ।*

প্রসঙ্গত উল্লেখযোগ্য যে উনবিংশ শতাব্দীর প্রথমার্ধ, ১৮৪৬ সাল অবধি অসম থেকে কোনো সাময়িকপত্র প্রকাশিত হয়নি। এমনকি ১৮৩৬ সালের পূর্বে এখানে ছাপাখানা বা মুদ্রণযন্ত্রও গড়ে ওঠেনি। এই প্রেক্ষিতেই অসমিয়া শিক্ষিত শ্রেণির মধ্যে বাংলাচর্চার সূত্রপাত ঘটতে শুরু করে।

বাংলা গদ্য সাহিত্যের প্রারম্ভিক পর্বে হলিরাম ঢেকিয়াল ফুকন, যজ্ঞরাম খারঘরীয়া ফুকন, জাদুরাম ডেকা বরুয়া, মণিরাম দেওয়ান প্রমুখ অসমিয়াভাষী বিদ্বৎজন বাংলা গদ্যচর্চায় মনোনিবেশ করেছিলেন। জন ক্লার্ক মার্শম্যানের (১৭৯৪-১৮৭৭) ‘সমাচার দর্পণ’, ভবানীচরণ বন্দ্যোপাধ্যায়ের (১৭৮৭-১৮৪৮) ‘সমাচার চন্দ্রিকা’, নীলরত্ন হালদারের ‘বঙ্গদূত’ প্রভৃতি পত্রিকার তাঁরা নিয়মিত পাঠক ছিলেন।

প্রথমেই উল্লেখ করা জরুরি হলিরাম ঢেকিয়াল ফুকনের নাম। তিনি ‘আসাম বুরঞ্জি’ গ্রন্থ রচনা করেছিলেন। ১৮২৯ সালে কলকাতার সমাচার চন্দ্রিকা প্রেসে এই গ্রন্থটি মুদ্রিত হয়েছিল। ‘আসাম বুরঞ্জি’ ছাড়াও হলিরামের বেশ কিছু চিঠি ও সংবাদ প্রকাশিত হয়েছিল সেসময়কার পত্রপত্রিকায়। আমরা যথাস্থানে এ-বিষয়ে বিস্তারিত আলোচনা করব।

হলিরামের পর নাম করতে হয় যজ্ঞরাম খারঘরীয়া ফুকনের। তিনি ছিলেন ইংরেজি শিক্ষায় শিক্ষিত প্রথম অসমিয়া ব্যক্তি। হলিরামের মতো কোনো বিশেষ গ্রন্থ রচনা করেননি যদিও তাঁর





বাংলা লেখালিখির নির্দর্শন পাওয়া যায় ‘সমাচার দর্পণ’-এর পাতায়। যজ্ঞরামের একটি চিঠি প্রকাশিত হয়েছিল ‘সমাচার দর্পণ’-এর ১৮৩১ সালের ৯ জুলাই সংখ্যায়। এমনকী রক্ষণশীল ব্রাহ্মণদের প্রতি বিদ্রূপ আর রামমোহন রায়ের মনোভাবকে প্রশংসা করতেও তিনি কুণ্ডা বোধ করেননি।

প্রসঙ্গত বলা ভালো যে প্রথমাভ্যায় রামমোহন রায় তাঁদের সঙ্গে ব্রহ্মোপাসনা করতেন, তাঁদের মধ্যে যজ্ঞরাম ছিলেন অন্যতম।<sup>১৭</sup>

এরপর ১৮৩১ সালের ৩০ জুলাই সমাচার দর্পণ-এ প্রকাশিত হয়েছিল যজ্ঞরামের অনূদিত LUCY AND HER BIRD নামক একটি ইংরেজি কবিতার বঙ্গানুবাদ—

*লুসী আর তাহার পক্ষী*

*ভরত দেখিয়া কারাগার দ্বার মুক্ত।*

*বন্দি বন্ধ হইতে মুক্ত হইতে উদ্যুক্ত।।*

*মেজো হইতে মার্জার তাহারে দৃষ্টি করো।*

*ধরণে ছটফট করে হাঁপিয়া সে মরে।। ১।।*

*লুসীর আপন পুসী আপন শকুন।*

*উভয়ে তাহার পোষা প্রিয় চিরদিনে।।*

*কোমল হৃদয়া কন্যা সে তার অন্তরে*

*অতি প্রীতি করে কারে স্থির কইতে নারে।। ২।।*

‘সমাচার দর্পণ’-এর উক্ত সংখ্যায় প্রকাশিত একটি সংবাদে অনুবাদক যজ্ঞরামের প্রসঙ্গ পাওয়া যায় এভাবে—

*আসামদেশে সরকারী কর্মকারক শ্রীযুত যজ্ঞরাম খারঘরীয়া ফুকনকৃত ইংরেজী পদ্যের বাঙ্গলা পদ্যোতে অনুবাদ আমরা অত্যন্তহৃদ্যপূর্বক এসপ্তাহে প্রকাশ করিলাম। ঐ অনুবাদোতে তাহার অত্যন্ত প্রশংসা।*

যজ্ঞরামের আরও একটি চিঠি ১৮৩২ সালের ১৯ মে তারিখে ‘সমাচার দর্পণ’-এ প্রকাশিত হয়েছিল। চিঠিটি তিনি হিন্দুস্থানী ভাষার বহুল প্রচারের জন্য লিখেছিলেন। তাঁর মৃত্যুসংবাদ ‘জ্ঞানস্বষণ’ পত্রিকায় (১৮ আগস্ট, ১৮৩৮। ৩ ভাদ্র, ১২৪৫) প্রকাশিত হয়েছে, এভাবে—

*আমরা অতিশয় খেদপূর্বক প্রকাশ করিতেছি যে ...আসামের সদরেঃ সদুর যে যজ্ঞরাম খরঘরীয়া ফুকনকন তিনিও মরিয়ছেন ইহাঁরা উভয়েই উত্তম বিদ্বান ছিলেন।*

প্রথম অসমিয়া অভিধান প্রণেতা জাদুরাম ডেকা বরুয়া ‘সমাচার দর্পণ’-এর পাতায় (১৫ অক্টোবর, ১৮৩১) একটি সমালোচনামূলক নিবন্ধ লিখেছিলেন। দাঁড়ি-কমাবিহীন

আলোচনাটিতে তিনি হলিরামের ‘আসাম বুরঞ্জি’র পাঠ-প্রতিক্রিয়া এবং কয়েকটি তথ্যগত ত্রুটি স্পষ্ট করে দিয়েছিলেন—

*তাহা সংক্ষেপের মধ্যে অতি উত্তমরূপে গ্রথিত হইয়াছে সন্দেহ নাই কিন্তু কোন ২ স্থানে কথার যে অন্যথা আছে তাহা তাহাতেই অবশ্য স্বীকার করিবেন কেননা তৃতীয় খণ্ডের ৭ পৃষ্ঠায় দৃষ্ট হইল যে আসামের পূর্বসীমা তেজি নামরূপকে নিরূপণ করিয়াছেন আমি তাহা জানি তাহা যথার্থ নহে...*

সময়ের দিক থেকে বাংলা গ্রন্থ-সমালোচনার ইতিহাসে এ রচনাটির গুরুত্ব অপরিসীম।

জাদুরাম বিভিন্ন কুসংস্কার, কুপ্রথার প্রতি সর্বদা বিরুদ্ধ মত পোষণ করতেন। তাঁর এই দৃষ্টিভঙ্গির পরিচয় পাওয়া যায় ভিন্ন একটি রচনায়—

*যাহারা স্ত্রীহত্যা করণে উদ্যোগী, তাহারা ধার্মিক, যাহারা প্রাণ-রক্ষণে যত্নবান তাহারা দোষী— এমত জঘন্য ভাব যাহারা পোষণ করিয়া থাকেন তাহারা আপন কোন অঙ্গকে অগ্নিসঙ্গ করিয়া দেখুন, দেখুন কি সুখ হয়...*

১৮২৯ সালের ৮ আগস্ট প্রকাশিত (অসম থেকে প্রেরিত) একটি চিঠিতে উল্লেখ করা হয়েছে যে অসম এখন ‘ইংল্যান্ডীয়াধীন হইবাতে কলি অত্যন্ত খবিস্ত হইয়াছে’। এই মন্তব্যের সমর্থনে বলা হয়েছে যে—

*সম্প্রতি কামাখ্যার দেবালয়ে ২/৩ জন বিপ্র-বিধবা গর্ভবতী হইয়াছে তাহার বিচার করাতে কএকজনের উপর দোষার্পণ করিয়া পুনঃ উৎকোচ গ্রহণ করিয়া তাহা মিথ্যা করার কল্পনা করিয়াছে, এবমাদি কত অধর্মের সঞ্চারণ হইয়াছে, তাহা লেখা ভার।*

— এর থেকেই স্পষ্ট, একাংশ অসমিয়া ব্যক্তি ব্রিটিশদের আগমনকে কীভাবে গ্রহণ করেছিলেন।

‘কস্যচিৎ কামরূপ নিবাসিনঃ’ অর্থাৎ কামরূপ নিবাসী একজন ব্যক্তি লিখেছিলেন ‘আসামদেশের উমানন্দ পর্বতের অংগহীন’ শীর্ষক সংবাদ। ১৮৩২ সালের ১ ডিসেম্বরে প্রকাশিত উক্ত সংবাদ থেকে জানা যায় যে ‘কখন শুনা যায় নাই যে বাড়ে পর্বত পড়ে, ঐ বাড়ে তাহাও পড়িয়াছে’। পত্রলেখক এ কথাও জানিয়েছিলেন যে উমানন্দ পর্বতের ‘অঙ্গহীন হইলেই অমংগল হয়’। এ-সংবাদ বৃহৎ আকারের ধস নামার ইঙ্গিত বহন করছে। অপরদিকে কাশীনাথ তামুলিফুকন (১৮১০-১৮৭০) আধুনিক

চিকিৎসার সফল নিয়ে লিখেছিলেন ‘সমাচার দর্পণ’ পত্রিকায় (৪ জুন ১৮৩১)।

বঙ্গদেশে উনিশ শতকের গোড়ার দুটি দশকে নানা সামাজিক পট-পরিবর্তনের ডেউ পরিলক্ষিত হয়েছিল। এর প্রভাব অসমেও পড়েছিল। আর তার ফলশ্রুতিতেই আমরা দেখতে পেলাম নানা চিন্তা-উদ্বেককারী অসম-বিষয়ক সংবাদ। এই রচনাগুলি পাঠ করলে স্পষ্ট বোঝা যায় যে অসমিয়া বিদ্বৎসমাজ যুক্তি ও তথ্যপূর্ণ সংবাদ পরিবেশনের মাধ্যমে জনগণের চেতনা জাগ্রত করার চেষ্টা করেছিলেন। এ-ভাবেই অসমিয়া শিক্ষিত মহলে উনবিংশ শতাব্দীর দ্বিতীয় দশক থেকে আধুনিক বাংলা লেখালিখির শুরু হয়।

ইতিমধ্যে ১৮৩৬ সালে অসমে বাংলাভাষার প্রবর্তন করা হয়। তিন দশকেরও বেশি সময় ধরে অসমের শিক্ষা প্রতিষ্ঠান ও আদালতে সরকারিভাবে বাংলাভাষার প্রচলন ছিল (১৮৭৩)। হেমচন্দ্র বরুয়ার (১৮৩৫-১৮৯৬) ‘আত্ম-জীবনচরিত’ থেকে জানা যায়,

*উল্লিখিত সময়ত অসমত বঙ্গালী ভাষার বর কদর আছিল; মাতৃভাষাক সকলোরে ঘিণাইছিল— স্কুলত বঙ্গালী, কাছাৰিত বঙ্গালী, ডেকাবিলাকর আলোচনাত বঙ্গালী আৰু তেওঁলোকৰ চিঠিতো বঙ্গালী ভাষাহে চলিছিল; সকলোৰেই বঙ্গিনী বঙ্গিয়াক সঙ্গিনী কৰি লৈছিল।<sup>১৮</sup>*

আমেরিকান মিশনারিদের উদ্যোগে ইতিমধ্যে প্রকাশিত হতে শুরু করেছে প্রথম অসমিয়া সংবাদ-সাময়িকপত্র ‘অরুণোদয়’ (১৮৪৬)। তাই বলা যায় যে উনবিংশ শতাব্দীর প্রথমার্ধে মূলত প্রাক-অরুণোদয় পর্বে অসমিয়া বিদ্বৎসমাজে বাংলাচর্চার যে স্বতঃস্ফূর্ত ধারা দেখা দিয়েছিল, পরবর্তীকালে বাংলাচর্চার এই ধারা ক্রমশ ক্ষীণায়মান হয়ে পড়ে। এর মূল কারণ দুটি,

ক. অসমিয়া শিক্ষিত মধ্যশ্রেণির মধ্যে নিজেদের ভাষা-সংস্কৃতির প্রতি আগ্রহ ও উৎসাহ এবং

খ. আমেরিকার মিশনারিদের দ্বারা প্রকাশিত অরুণোদয় পত্রিকার প্রভাব।

তবে উনিশ শতকের শেষার্ধে অসমিয়া সুধী-সমাজের মধ্যে বাংলাচর্চার নিদর্শন যে একেবারেই পাওয়া যায় না, তা নয়। বিদ্যালয়ে বাংলা ভাষায় শিক্ষা নেওয়ার ফলে স্বাভাবিকভাবেই বাংলাভাষাচর্চায় অসমিয়া সুধী সমাজের মধ্যে আগ্রহ জন্মেছিল। তাঁদের অনেকেই মৌলিক সাহিত্যচর্চাতেও মনোযোগী হয়ে



উঠেছিলেন। সাহিত্যরথী লক্ষ্মীনাথ বেজবরুয়া (১৮৬৪-১৯৩৮) কিংবা অসম সাহিত্য সভার প্রথম সভাপতি পদ্মনাথ গোহাঞিবরুয়া (১৮৭১-১৯৪৬) একসময় বাংলা কবিতাচর্চায় মনোনিবেশ করেছিলেন।<sup>১৯</sup>

এ ছাড়াও আমরা পেয়েছি বেশ কিছু প্রবন্ধ-নিবন্ধ। মুখ্যত এগুলি লেখা হয়েছে অসমিয়া ভাষা বাংলার উপভাষা নয় কিংবা অসমিয়া-সমাজ বিষয়ে বাঙালির ভুল ধারণা ভাঙানোর উদ্দেশ্যে। এমনই একটি রচনার উল্লেখ করছি। রবীন্দ্রনাথ ঠাকুর (১৮৬১-১৯৪১) ‘ভারতী’তে (১৮৭৭) লিখলেন ‘ভাবাবিচ্ছেদ’ প্রবন্ধ। তখন রবীন্দ্রনাথ ছিলেন ‘ভারতী’ পত্রিকার সম্পাদক— অন্যতম মুখ্য লেখক। সাঁইত্রিশ বছরের রবীন্দ্রনাথ আক্ষেপ করে লিখেছেন,

*উড়িয়া এবং আসামে বাংলা শিক্ষা যেরূপ সববেগে ব্যাপ্ত হইতেছিল, বাধা না পাইলে বাংলায় এই দুই উপবিভাগ ভাষার সামান্য অন্তরালটুকু ভাঙিয়া দিয়া একদিন এক গৃহবতী হইতে পারিত।<sup>২০</sup>*

উনিশ শতকের বঙ্গীয় ভাষিক সম্প্রসারণের ভাবনা যুবক রবীন্দ্রনাথকেও ছুঁয়ে গিয়েছিল, হয়তো-বা সামান্য প্রভাবিতও করেছিল। তারই সূত্র ধরে তিনি বিশ্বাস এবং সিদ্ধান্তে এসেছিলেন যে,

*সেইজন্য বলিতেছিলাম, আসাম ও উড়িয়ায় বাংলা যদি লিখনপঠনের ভাষা হয় তবে তাহা যেমন বাংলা সাহিত্যের পক্ষে শুভজনক হইবে তেমনি সেই দেশের পক্ষেও।<sup>২১</sup>*

এ-প্রবন্ধটি রচনার সময় রবীন্দ্রনাথের মধ্যে ক্রিয়া করেছিল ইংরেজিভাষার বৃহত্তর ভৌগোলিক পরিসর। যোভাবে স্কটিশ, আইরিশ বা ওয়েলসভাষী লোকেরা বৃহত্তর প্রেক্ষিতে ইংরেজিভাষাকে গ্রহণ করেছেন, একইরকমভাবে রবীন্দ্রনাথ ভেবেছিলেন অসমিয়া ও উড়িয়াভাষা বাংলার সঙ্গে মিশে যাবে।

রবীন্দ্রনাথের এ ভাবনা প্রকাশের পর ‘নব্যভারত’র (১৮৮৩) বিতর্ক যেন আবারও উসকে দিল। ইতিপূর্বে লক্ষ্মীনাথ ‘জোনাকী’র (১৮৮৯) পাতায় প্রকাশ করেছেন ‘অসমীয়া ভাষা’ নামক সুদীর্ঘ প্রবন্ধটি। তিনি এবার অসমিয়া জাতি ও ভাষার প্রক্ষেপে বাংলায় লিখতে বাধ্য হলেন। রবীন্দ্রনাথের প্রতিবাদে লক্ষ্মীনাথ লিখলেন ‘আসামী ভাষা’ প্রবন্ধটি। এটি ছাপা হয়েছিল ঠাকুরবাড়ি থেকে প্রকাশিত ‘পুণ্য’ পত্রিকায় (১৮৯৭)। দীর্ঘ এগারো পৃষ্ঠার প্রবন্ধে লক্ষ্মীনাথ কোথাও ‘রবিকাকা’ রবীন্দ্রনাথ





ঠাকুরের নামোচ্চারণ করেননি। ‘ভারতীর লেখক’ কিংবা ‘ভারতীর প্রবন্ধ লেখক’ প্রভৃতি শব্দবন্ধ ব্যবহার করেছেন। এবং যুক্তি ও উপযুক্ত তথ্য-প্রমাণ দিয়ে নিজের মতামত প্রতিষ্ঠিত করেছেন।

লক্ষ্মীনাথ অতি বিনয়ের সঙ্গে রবীন্দ্রনাথের যুক্তিকে খণ্ডন করেছেন। তিনি ইংরেজির আদলে বাংলাভাষার বৃহত্তর ভৌগোলিকরূপের ধারণা ও ভাবনার প্রতিবাদে জানিয়েছেন,

স্কটলণ্ড, আয়ারলণ্ড ও ওয়েলসের লোকেরা নিজ ভাষা পরিত্যাগ করিয়া ইংরাজী গ্রহণ করার কথা যে প্রবন্ধ লেখক উল্লেখ করিয়াছেন তাহা এস্থলে প্রযুক্ত হইতে পারে না। বিজিত প্রজা স্কটলণ্ড, আয়ারলণ্ড ও ওয়েলসের সহিত জেতা প্রবল রাজা ইংলণ্ডের যে সম্পর্ক, আসামের সহিতও লেখক বাঙ্গালার সেই সম্পর্ক দাঁড় করাইতে চাহেন ইহা বড়ই আশ্চর্য্য।<sup>১২</sup>

পাশাপাশি তিনি বাঙালির ভাষা-সম্প্রসারণের ভাবনাকেও আক্রমণ করেছেন। অবশ্য তাঁর এ আক্রমণ কৌতুকমিশ্রিত। ‘রসরাজ’ সহজেই বলেছেন,

বাঙ্গালা ভাষার দেহটা বড়, উদরটা বড়, মুখ ব্যাদানটা বড়, ফুখটা বড় হইতে পারে, হজম করিবার ক্ষমতাও অধিক হইয়াছে বলিয়াই কি বাঙ্গালী লেখক আসামী ভাষাকে উদরস্থ করিতে চাহেন? ইহা অতি ভয়ানক নীতি।<sup>১৩</sup>

‘পুণ্য’ পত্রিকায় প্রকাশিত ‘জামাতা’ লক্ষ্মীনাথের অভিযোগ নিয়ে রবীন্দ্রনাথ আর বিতর্ক বাড়তে দেননি। এমনকী আত্মপক্ষ-সমর্থনে তিনি কোনো মতামত প্রকাশ করেননি। বরং পরবর্তীকালে লক্ষ্মীনাথের মৃত্যুর পর যে শোকবার্তা তিনি প্রেরণ করেছিলেন, তাতে স্পষ্ট ভাষাতেই জানিয়েছেন,

ভারতবর্ষের প্রত্যেক প্রদেশে আপন ভাষার পূর্ণ ঐশ্বর্য উদ্ভাবিত হইলে তবেই পরস্পরের মধ্যে নিজের শ্রেষ্ঠ অর্ঘ্যের দান-প্রতিদান সার্থক হইতে পারিবে এবং সেই উপলক্ষ্যেই শ্রদ্ধা-সমর্পিত একোর সেতু প্রতিষ্ঠিত হইবে।<sup>১৪</sup>

এ-মন্তব্যে লক্ষ্মীনাথ বেজবরুয়ার ‘অতদ্রিত সাধনা’র ছবিই হয়তো তুলে ধরতে চেয়েছেন রবীন্দ্রনাথ।

হলিরাম ঢেকিয়াল ফুকনের ‘আসাম বুরঞ্জি’: অসমের প্রথম ইতিহাস-বিষয়ক মুদ্রিত গ্রন্থ

প্রাক-ঔপনিবেশিক এবং ঔপনিবেশিক— অসমের

বাংলাচর্চাকে প্রাথমিকভাবে এই দুই স্তরে বিভাজিত করা যেতে পারে। প্রাক-ঔপনিবেশিক স্তরে বিভিন্ন রাজবংশের মধ্যে কূটনৈতিক যোগাযোগ এবং কাজের ভাষারূপে বাংলা গদ্যের ব্যবহার বিশেষরূপে উল্লেখযোগ্য। আর ঔপনিবেশিক আমলে উনিশ শতকের গোড়াতেই আমরা ইতিহাস বিষয়ক গ্রন্থ পেলাম। প্রাচীন কুলপঞ্জি, মধ্যযুগের জীবনীসাহিত্য কিংবা অষ্টাদশ শতাব্দীর পুরাণ-সাহিত্যের (গঙ্গারামের ‘মহারাম্ভুপুরাণ’) গণ্ডি থেকে বাঙালির প্রবেশ ঘটল আধুনিক ইতিহাস-ভাবনার দিকে।

বঙ্গদেশের তুলনায় অসমে ইতিহাস রচনার ধারা সুপ্রাচীন। ত্রয়োদশ শতাব্দী থেকেই এখানে আহোম ভাষায় ‘বুরঞ্জি’ রচনার ধারা বিশেষ উল্লেখের দাবি রাখে। ‘বুরঞ্জি’ আহোম ভাষার শব্দ। এর অর্থ— পুরোনো কথার বর্ণনা, পুরাবৃত্ত, ইতিহাস। সুনীতিকুমার চট্টোপাধ্যায়ও বুরঞ্জি শব্দের সমার্থক হিসেবে history শব্দের ব্যবহার করেছেন।<sup>১৫</sup> প্রথম আহোম রাজা স্বর্গদেব চুকাফা ১২২৮ খ্রিস্টাব্দে নামকিউ নদী পার হয়ে পাটকাইয়ের মধ্য দিয়ে সৌমার পীঠে<sup>১৬</sup> উপস্থিত হয়েছিলেন। এবং সেসময়ই তিনি নির্দেশ দিয়েছিলেন— ‘যি মবে, যাক পাওঁ, বাটত যি কথা হয়, পিণ্ডিতে লিখি থক’<sup>১৭</sup> সেদিন থেকে অষ্টাদশ শতাব্দীর প্রথমার্ধ অবধি আহোম প্রথানুযায়ী ধারাবাহিকভাবে বুরঞ্জি লেখার চল ছিল। গদ্যে রচিত এই বুরঞ্জি প্রথমাবস্থায় আহোম ভাষায় এবং পরবর্তীকালে উনবিংশ শতাব্দী পর্যন্ত অসমিয়া ভাষায় রচিত হয়েছে।

১৮০০ সালে বিভিন্ন বুরঞ্জি থেকে উপাদান সংগ্রহ করে ইংরেজি ভাষায় অসমের প্রথম ইতিহাস সংকলিত হয়েছিল ডা. জে. পি. ওয়েডের উদ্যোগে। এই ইতিহাস তৎকালীন ভারতের গভর্নর জেনারেল লর্ড টেইনমার্ড (স্যার জন লোর)—এর হাতে অর্পণ করা হয়েছিল। কিন্তু সে-সময় তা অমুদ্রিত অবস্থাতেই ছিল। এরপরই আমরা পাই হলিরামের গ্রন্থটি। মূলত পুরাণ এবং বিভিন্ন আহোম বুরঞ্জির সাহায্যে হলিরাম ঢেকিয়াল ফুকন বাংলা ভাষায় রচনা করেন— ‘আসাম বুরঞ্জি’। এটিই অসমের প্রথম ইতিহাস-বিষয়ক মুদ্রিত গ্রন্থ।<sup>১৮</sup>

হলিরাম ঢেকিয়াল ফুকনের জন্ম ১৮০২ খ্রিস্টাব্দে। তাঁর পিতা পরশুরাম বরুয়া আর মাতা ছিলেন কামেশ্বরী। বঙ্গদেশ ও অসমের সীমান্তবর্তী হাদিরাচকি<sup>১৯</sup> নামক স্থানে ‘দুঅরিয়া বরুয়া’ বা অসমরাজের সীমান্তরক্ষক কর্মচারী ছিলেন পরশুরাম। মোগল ও ব্রিটিশের সঙ্গে অসমের যোগাযোগের মুখ্য পথ হাদিরাচকি বা বঙ্গালহাট হওয়ায় দুঅরিয়া বরুয়ার পক্ষে বাংলা, হিন্দি, ফারসি প্রভৃতি ভাষায় জ্ঞান থাকা আবশ্যিক ছিল। ক্রমশ দুঅরিয়া বরুয়ার

ক্ষেত্রে ইংরেজি জানাও প্রয়োজনীয় হয়ে ওঠে। এই দুঅরিয়া বরুয়ার প্রধান কাজ ছিল— বঙ্গদেশ থেকে যে দ্রব্যাদি অসমে আসত, তার মাশুল সংগ্রহ করা এবং বিদেশিদের গতিবিধির ওপর লক্ষ রাখা আর কোনো আক্রমণ-সংক্রান্ত সংবাদ আহোম রাজার কাছে প্রেরণ করা।

পরশুরাম তাঁর দুই সন্তান হলিরাম ও যজ্ঞরামকে অতি যত্নে শিক্ষা দান করিয়েছিলেন। হলিরাম সংস্কৃত ভাষায় বিশেষ ব্যুৎপত্তি অর্জন করেছিলেন। আর যজ্ঞরাম সংস্কৃতের পাশাপাশি ‘যাবনিক’ পারসি ভাষাও শিখেছিলেন। জ্যেষ্ঠ সন্তান হওয়ার দরুন হলিরাম পারসি ভাষা শিখতে পারেননি। কেননা সেসময় এমন বিশ্বাস ছিল যে কোনো ‘যাবনিক’ ভাষার শিক্ষাগ্রহণ করলে পিতৃদেবের পিণ্ডতর্পণ করা যাবে না।

এরই মধ্যে ১৮১৬ খ্রিস্টাব্দে পরশুরাম বরুয়ার মৃত্যু হয়। হলিরাম তখন চোদ্দ বছরের কিশোর। এই সময়ই অসমের রাজনৈতিক পরিস্থিতিতে অস্থিরতার সৃষ্টি হয়। ১৮১৬ খ্রিস্টাব্দে বদনচন্দ্র বরফুকন (১-১৮১৭) মান অর্থাৎ ব্রহ্মদেশে গিয়ে মানসেনার সাহায্যে জোরহাট নগরে উপস্থিত হয়। মানের আক্রমণে অতিষ্ঠ হয়ে দেশের নাগরিকেরা নানা স্থানে পালিয়ে যেতে শুরু করেন। আহোম বুঢ়াগোঁহাই অর্থাৎ প্রধানমন্ত্রী পূর্ণানন্দের মৃত্যু হয়। বদনচন্দ্র ফুকন মন্ত্রিত্ব লাভ করেন। দেশের এই অস্থির অবস্থার মধ্যেই হলিরাম হাদিরাচাকির দায়িত্ব লাভ করেন।

উল্লেখ্য যে দ্বিতীয়বার মানের আক্রমণে (১৮১৯) হলিরামকেও পালিয়ে আসতে হয়েছিল। গুয়াহাটি ছেড়ে তিনি গোয়ালপাড়া ও রংপুর অঞ্চলে চলে আসেন। এরই মধ্যে যুবক হলিরাম বিবাহ করেন। মাজুলির আঁহতগুরিয়া কুশদেব অধিকারী গোঁসাইয়ের কন্যা প্রসূতির সঙ্গে তাঁর বিবাহ সম্পন্ন হয়।

ইংরেজ সেনাধ্যক্ষ ক্যাপ্টেন ডেভিড স্কট (১৭৮৬-১৮৩১) আহোম রাজ্যকে মানের অত্যাচার থেকে মুক্ত করেন। এতদিন যাঁরা গৃহ ছেড়ে ছিলেন, তাঁরা সকলেই নিজ রাজ্যে ফিরে আসতে শুরু করেন। স্কট সাহেবের পরামর্শে হলিরামও গুয়াহাটিতে ফিরে এলেন। এ-সময় হলিরাম ছিলেন স্কট সাহেবের সঙ্গী, প্রধান কার্যকারক। পরবর্তীকালে আহোম রাজা চন্দ্রকান্ত সিংহ হলিরামকে ‘ঢেকিয়াল ফুকন’ উপাধিতে বিভূষিত করেন।

১৮২৬ সালের ইয়াডাবু সন্ধির পর উজান ও নিম্ন খণ্ড যখন সিনিয়র ও জুনিয়র খণ্ডে বিভাজিত হল, তখন হলিরাম জুনিয়র অর্থাৎ নিম্ন খণ্ডে গুরুত্বপূর্ণ দায়িত্ব লাভ করেছিলেন। তিনি কালেকটরির সিরাস্তাদার ছিলেন এবং কামরূপ-বিষয়ক



ব্যবস্থাপনার বিশেষ ভারপ্রাপ্ত ছিলেন। ডেভিড স্কট হলিরামের ওপর আস্থাভাজন ছিলেন। প্রায় প্রত্যেকটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্তেই তিনি সহযোগী হলিরামের পরামর্শ গ্রহণ করতেন। স্মর্তব্য যে এ-সময়ই হলিরাম দ্বিতীয় বিবাহ করেন। নগাঁও বন্দোবস্তের সময় দীফলুসত্রের অধিকারী লবচন্দ্র গোঁসাইয়ের কন্যা তিলোত্তমাকে (মতান্তরে কল্যাণী) বিয়ে করেন।

হলিরামের আত্মসম্মানবোধ ছিল প্রখর। ডেভিড স্কটের সঙ্গে হলিরামের সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক থাকলেও হোয়াইট সাহেবের সঙ্গে তাঁর বিশেষ সুসম্পর্ক ছিল না। ফলে তিনি গুয়াহাটির কাজ ছেড়ে কলকাতায় চলে এসেছিলেন। সেখান থেকে শ্রীক্ষেত্রে, আবার কিছুদিন পর ফিরে এসেছিলেন কলকাতায়। এ-সময়পর্বেই হলিরাম মেলামেশা করেছেন কলকাতার বিদ্বৎসমাজের সঙ্গে। এখানেই হলিরাম উপলব্ধি করেছিলেন অসম বা কামরূপ কলকাতাবাসীর কাছে ‘ডাকিনী-যোগিনী’র দেশ হিসেবেই পরিচিত। অসমের প্রকৃত ছবি তুলে ধরতে হলিরাম লিখলেন ‘আসাম বুরঞ্জি’। বলা যায়, তাঁর রচনার মধ্য দিয়েই বঙ্গীয় সমাজ অসমকে দেখতে শুরু করেন। হলিরামের পূর্বে অসম-বিষয়ক যেসব রচনা পাওয়া যায়, সেসব মূলত ব্রিটিশ প্রশাসকদের ও ইংরেজি ভাষায় রচিত রিপোর্ট বা দিনলিপি। এদিক থেকে হলিরামের গ্রন্থটি স্বতন্ত্র।

কিছুদিন কলকাতাবাসের পর হলিরাম গুয়াহাটিতে ফিরে এলেন। এদিকে, চেরাপুঞ্জিতে ডেভিড স্কটের মৃত্যু হল। কেরিলাপট সাহেব<sup>২০</sup> অসমের কমিশনার নিযুক্ত হলেন। ত্রিশ বছরের যুবক হলিরামকে তিনি সম্মানীয় গুয়াহাটির অ্যাসিস্টেন্ট ম্যাজিস্ট্রেটের পদে নিযুক্তি দিয়েছিলেন।<sup>২১</sup> সে-সময় তাঁর মাসিক বেতন ছিল ২৩০ টাকা মাত্র। অবশ্য অ্যাসিস্টেন্ট ম্যাজিস্ট্রেট হওয়ার কিছুদিন পরই উমানন্দ পাহাড়ে তাঁর মৃত্যু হয়। উল্লেখ্য যে শেষজীবনে তিনি উমানন্দ পাহাড়েই প্রথমা পত্নী এবং পুত্র আনন্দরামের সঙ্গে সংসার করেছেন।

হলিরামের সংক্ষিপ্ত জীবনকে দুটি পর্যয়ে ভাগ করা যেতে পারে। তাঁর জীবনের প্রথম পর্যায় কেটেছে আহোম রাজবংশ ও সামন্তপ্রথার ছত্রছায়ায়। আর দ্বিতীয় পর্ব ঔপনিবেশিক পরিবেশে। পুরাতন ও আধুনিক— দুটি অভিমুখেই তাঁর অনায়াস গতি ছিল। যুগসন্ধিক্ষণের প্রকাশ তাঁর জীবনচর্যায় সার্থকরূপেই পড়েছে।

হলিরাম ঢেকিয়াল ফুকন আলোকদীপ্ত উনিশ শতকের বঙ্গদেশে বিশেষ করে কলকাতার বৌদ্ধিক সমাজে যথেষ্ট পরিচিত ছিলেন। স্বল্প-সময়ের কলকাতা-বাসে তিনি যথেষ্ট



গুরুত্ব ও সম্মান লাভ করেছিলেন তৎকালীন বঙ্গীয় সমাজের কাছে। ‘বিজ্ঞ’ বা ‘বিদ্বান’ রূপে তাঁর পরিচয় তুলে ধরা হয়েছে সে-সময়কার পত্র-পত্রিকায়। আবার ‘সমাচার দর্পণ’-এর পাতায় স্পষ্ট করে বলা হয়েছে,

মৃত্যু সময়ে তাঁহার ৩৫ বৎসরের অধিক হয় নাই কিন্তু তিনি ঈদৃশ বয়ঃকনিষ্ঠ হইয়াও জ্ঞান ও বুদ্ধিতে জ্যেষ্ঠ ছিলেন তাঁহার বিদ্যাবিসয়ক স্পৃহার সীমা ছিল না এবং গুণও অসংখ্যক ছিল স্বীয়দেশের বিষয়ে তাঁহার অত্যন্ত অনুরাগ এবং ঐ দেশ বন্দারদের যোগাল হইতে মুক্ত হইয়া যে ইঙ্গলণ্ডীয়দের সাজাজুভুক্ত হইয়াছিল ইহাতে তিনি অত্যন্ত হুঁতরা হইয়া স্বদেশীয়ের মধ্যে যাহাতে সভ্যতা ও আচার ব্যবহারের সৌষ্ঠব হয় তদর্থ কোন বিষয়ে উদ্যোগের ত্রুটি করেন নাই।<sup>১২</sup>

বঙ্গীয় সমাজে উনিশ শতকের গোড়ায় সনাতনপন্থী হিন্দু শাস্ত্র ও উদার মনোভাবাপন্ন ব্যক্তির দ্বন্দ্ব সর্বজনস্বীকৃত। শিবির বিভাজিত হয়েছিল সনাতন ও উদার মনোভাবাপন্ন ব্যক্তির মাধ্যমে। ফলে সে-সময়কার পত্র-পত্রিকা হয়ে উঠেছিল মূলত দু-পক্ষের মুখপত্র। কিন্তু হলিরামকে নিয়ে দু-পক্ষই ছিল নীরব। হলিরামের মৃত্যুতে ‘সমাচার দর্পণ’-সম্পাদক বলেছেন,

কিয়ৎকাল হইল চন্দ্রিকা ও প্রভাকরের বিরুদ্ধে স্ত্রীবিদ্যাবিসয়ে যে অতিচাতুর্য্যরূপে লিখিত যে পত্র কস্যচিৎ হিন্দু দর্পণপাঠকস্য ইতি স্বাক্ষরিত যে পত্রসকল দর্পণে প্রকাশমান হইয়াছিল তাহাও ঐ হলিরাম টেকিয়াল মহাশয়ের লিখন অতএব এইক্ষণে চন্দ্রিকা প্রকাশক মহাশয়কে ইহা কহিতে হইবে যে হলিরাম প্রকৃত হিন্দু ছিলেন না নতুবা তাঁহার ইহা স্বীকার করিতে হইবে যে স্ত্রীবিদ্যা শিক্ষায়ণের বিষয়ে চেষ্টা পাইলেই হিন্দুধর্ম লোপ হয় না ইহা চন্দ্রিকাসম্পাদক মহাশয় কর্তৃক পূর্বে অপহৃত ছিল।<sup>১৩</sup>

এ থেকে স্পষ্ট যে দু’শিবিরেই হলিরামের গ্রহণযোগ্যতা ছিল অসীম। তবে হলিরাম প্রকৃতার্থেই ছিলেন উদার মনোভাবাপন্ন ব্যক্তি। হলিরামের এই উদার মানসিকতার পরিচয় পাওয়া যায় তাঁর জীবনচর্যা ও লেখালিখির মাধ্যমে। আসলে তিনি সময়ের সঙ্গে আধুনিকতাকে বুঝে নিতে পেরেছিলেন। এবং তা নির্দিষ্ট গ্রহণও করেছিলেন। এবং অবশ্যই তাঁর নিজস্ব সত্তা, অস্তিত্ব কিংবা সংস্কার বা ধর্মকে বিসর্জন দিয়ে নয়, তিনি সম্মানে এবং স্বাধীনভাবে নিজের কাজ করতে পেরেছিলেন উনবিংশ শতাব্দীর প্রথমার্ধে।

হলিরামের অন্যতম কৃতিত্ব ‘আসাম বুরঞ্জি’র রচনা ও প্রকাশ। অসমের ইতিহাস লিখতে গিয়ে হলিরাম পুরাণের প্রসঙ্গ এনেছেন। ফলে স্বভাবতই চলে এসেছে কামরূপের কথা, নরক রাজার প্রসঙ্গ। প্রথম খণ্ডে তিনি ‘পূর্বকালীন ও বর্তমান রাজবৃত্তান্ত অর্থাৎ পৃথিবীর পুত্র নরক রাজা অবধি ইংলণ্ডীয়াধিকার পর্য্যন্ত বর্ণনা’ করেছেন। ‘রাজবিবরণ’ অংশের শুরুই হচ্ছে এভাবে,

এই কামরূপে প্রথম ব্রহ্মার পুত্র মহীরঙ্গ দানব রাজা হইয়া ছিলেন। তাঁহার রাজধানী গুয়াহাটীর অগ্নিকোণে দুই ক্রোশ অন্তরে মৈরোক নামে পর্বত আছে, তাহাতে ছিল। পরে তাঁহার পুত্র হাটকাসুর, তৎপুত্র শম্বরাসুর, তদাত্মজ রত্নাসুর— এই চারি জন ক্রমে রাজা হন। এই সকল রাজার এতাবমান স্থূল বিবরণ পাওয়া যায় না। পরে শ্রীবিষ্ণু ঐ রত্নাসুরকে বধ করিয়া নরকাসুরকে রাজা করেন। তাহার স্থূল বিবরণ লিখিতেছি।<sup>১৪</sup>

বলা যায়, ‘রাজবিবরণ’ খণ্ডের বর্ণনায় হলিরাম পুরাণকে ইতিহাসের অন্যতম উপাদান হিসেবে গ্রহণ করেছেন। এর পাশাপাশি তিনি বিভিন্ন আহোম বুরঞ্জি থেকেও ব্যবহার করেছেন নানা তথ্যকণা। আহোম রাজবংশের বর্ণনায় হলিরাম জানাচ্ছেন,

ঐ চ্যাউখুনৌ রাজা চ্যাউন্যাদিনৌ ও চ্যাউফ্রাকঙ্গ এই তিন নামে খ্যাত ছিলেন। ঐ রাজভগিনীর সহিত সন্তোগ হওয়াতে তদগর্ভে লাকিখুৎঙ্গি অর্থাৎ ১১১৭ শকে চ্যাউচুকাফা নামে রাজা জন্মিলেন। তিনি আসাম দেশে যে প্রকার আসিয়া রাজা হইলেন তাহা লিখি।<sup>১৫</sup>

পুরাণ আর আহোম বুরঞ্জি ছাড়াও লেখক ব্যবহার করেছেন সমকালীন কিছু সূত্র। সাময়িকপত্র, সরকারি নানা রেকর্ডস এবং সর্বোপরি নিজস্ব অভিজ্ঞতার ব্যবহার হলিরামের ইতিহাসকে ঋদ্ধ করেছেন।

ইতিহাস লিখতে গিয়ে হলিরাম শুধু রাজবংশধরদের পূর্বাপর বর্ণনা দেননি, তিনি তুলে ধরেছেন সেসময়কার সামাজিক ইতিহাসের নানা প্রসঙ্গও। গ্রন্থের অধ্যায় বিভাজনের দিকে লক্ষ করলে দেখব যে সেখানে অবতারণা করা হয়েছে অসমের সামাজিক, ভৌগোলিক ও অর্থনৈতিক ইতিহাসের নানা সূত্র। যেমন—

২য় খণ্ড : রাজ্যশাসন বিষয়ক, রাজস্ব বিষয়ক, আদালত বিষয়ক, ফৌজদারী বিষয়ক, বিধিনিষেধ, ফুঙ্কন ও ডাক্তারিয়ার নাম, আহোম জাতীয়ের রীতি।



হইতেছে হলিরাম টেকিয়াল ফুকন (১৮০২-৩০) রচিত ‘আসাম বুরঞ্জী’ (১৮২৯)।<sup>১৬</sup>

এরই পাশাপাশি ‘আসাম বুরঞ্জি’র সম্পাদনায় অধ্যাপক যতীন্দ্রমোহন ভট্টাচার্য (১৯০৫-১৯৯০) জানিয়েছেন,

হলিরাম রচিত আসাম বুরঞ্জিকেই বাঙ্গালা ভাষায় মুদ্রিত প্রথম মৌলিক ইতিহাস গ্রন্থ বলিয়া চিহ্নিত করিতে পারি। ইহা লক্ষ্য করিবার বিষয় যে বাঙ্গালীদের প্রতি প্রীতিভাবাপন্ন জনৈক অবাঙ্গালীই বাঙ্গালা ভাষায় প্রথম মৌলিক ইতিহাস গ্রন্থ রচনা করিয়াছিলেন।<sup>১৭</sup>

ভাষার মাধ্যমে লেখক তাঁর ভাব বা বক্তব্য প্রকাশ করে থাকেন। আবার এই ভাব বা বক্তব্য অনেকখানি নির্ভর করে বলবার বিষয়ের ওপর। বিষয়ের অনুরোধেই ভাষা গড়ে ওঠে। বঙ্কিমচন্দ্রের (১৮৩৮-১৮৯৪) ভাষায় বলা যেতে পারে :

অতএব ইহাই সিদ্ধান্ত করিতে হইতেছে যে, বিষয় অনুসারেই রচনার ভাষার উচ্চতা ও সামান্যতা নির্ধারিত হওয়া উচিত।... প্রথমে দেখিবে, তুমি যাহা বলিতে চাও কেন্ ভাষায় তাহা সর্ব্বাপেক্ষা পরিষ্কাররূপে ব্যক্ত হয়।...<sup>১৮</sup>

এখানে বলা জরুরি যে হলিরামের গ্রন্থটি নন-ফিকশনাল ন্যারেটিভ, এবং এর বর্ণিত বিষয় হল ইতিহাস। ইতিহাসের গদ্য স্বভাবতই বর্ণনামূলক হবে— এটাই উনিশ শতকের এ জাতীয় রচনার অন্যতম শর্ত ছিল। কেননা সে-সময় তথ্যের সংগ্রহ ও প্রকাশই মূল উদ্দেশ্য ছিল। হলিরাম যে উদ্দেশ্য নিয়ে ‘আসাম বুরঞ্জি’ লিখেছিলেন, তাতে স্বভাবতই ইতিহাসের পরিচয়দানই মূল বিষয় ছিল। ফলে তিনি গ্রন্থ রচনায় বর্ণনামূলক রীতিই অনুসরণ করেছেন। কিছু নমুনা দেওয়া যেতে পারে,

১. **রাজবিবরণ :** পরে তাঁহার পুত্র ধর্মপাল রাজা হইয়া কামরূপ প্রতিপালন করিতে লাগিলেন এবং কান্যকুব্জাদি দেশ হইতে উত্তম ব্রাহ্মণ আনাইয়া অনেক যজ্ঞ করিলেন, আরো তিনি দীর্ঘ সন্ততি কামনা করিয়া সপ্তশতিকাথ্য স্তোত্র ও দেবীসূক্ত লক্ষাবৃত্তি পাঠ করাইয়াছিলেন। তাঁহার রাজত্ব ১২৫ বৎসর।<sup>১৯</sup>

২. **রাজ্যশাসন-বিষয়ক :** আসাম দেশের রাজ্যশাসনের রীতি অন্য ২ দেশের রীতি হইতে বিভিন্ন। এইক্ষণ যদ্যপিও এইদেশ ইংলণ্ডীয়াধীন হইয়াছে তথাপি পূর্বের রীতি অনেক চলিতা আছে কেবল লঘু অপরাধে গুরুদণ্ড যে ছিল অর্থাৎ নাসিকা ও কর্ণ ছেদন ও চক্ষুরংপাটন এ সকল রহিত হইয়াছে এবং মালগুজারির তহশীল ও আদালত





বিষয়ে পূর্বের যে নিবন্ধ ছিল ইংলণ্ডীয়েরা প্রায় তাহাই স্বীকার করিয়াছেন অতএব তাহার স্থূল তাৎপর্য লিখা আবশ্যিক যেহেতুক যে কোন ব্যক্তি এদেশে কর্ম করণেচ্ছক হইবেন তিনি তদ্বিশেষ জ্ঞাত না হইতে পারিলে তৎকর্ম নৈপুণ্য প্রকাশ করিতে পারিবেন না, অপর ইংলণ্ডীয়েরা পূর্বরীতি অনভিজ্ঞ ব্যক্তিকে কোন কর্মে নিযুক্ত করেন না অতএব যে সকল রীতি লিখিলে এইক্ষণে লোক কর্মোপযুক্ত হইতে পারে তাহা এবং সকল লোকের যাহা জ্ঞাত হওয়া অত্যাবশ্যিক তাহাও লিখিব। এবং ইংলণ্ডীয়েরা যে ২ রীতি পরিবর্ত করিয়া নূতন রীতি স্থাপনা করিয়াছেন তাহারও তাৎপর্য লিখিব।<sup>১২</sup>

৩. তৃতীয় খণ্ড : আসাম দেশ ইংলণ্ডীয়াধিকার হওয়াতে সৌমার কামপীঠেতে পূর্ব রীতানুসারে দুই জন কমিসনর সাহেব নিয়োজিত হইয়া দুই অধিকারে বিভক্ত হইয়াছে তাহার মধ্য সীমা লৌহিত্যের দক্ষিণে ধনসিরি নদী উত্তরে ভৈরব নদী এই দুই নদীদ্বারা দুই কমিসনরির মহকমার এলাকা পৃথক্ করা গিয়াছে।<sup>১৩</sup>

৪. চতুর্থ খণ্ড : আসামে শকট, বলদ, গাড়ি প্রভৃতি কোন উপায় দ্বারা দ্রব্যাদির ভার বহন করা রীতি নাই কেবল মনুষ্যের ক্ষেত্র ও নৌকার দ্বারা দ্রব্য বহন করা যায়। এইক্ষণে ইংলণ্ডীয়াধীন হওয়াতে মহিষ ও গরুর দ্বারা ভার বহনের রীতি প্রকাশার্থে উদ্যোগ করা গিয়াছে কিন্তু তাহা সম্পন্ন হয় নাই অনুমান হয় কিছুকালের পরে ক্রমে এ রীতির প্রকাশ হইতে পারিবেক।<sup>১৪</sup>

তাই বলা যায়, হলিরাম বর্ণনামূলক গদ্যরীতির মাধ্যমে অসমের পরিচিতি তুলে ধরার প্রয়াস করেছেন।

১৮১৮ খ্রিস্টাব্দ থেকে বাংলা ভাষায় নিয়মিত সংবাদ-সাময়িকপত্র প্রকাশিত হতে থাকে, এসময় থেকেই বাংলা গদ্য ক্রমশ সর্বজনব্যবহারযোগ্য রূপে ব্যবহৃত হতে দেখা যায়।<sup>১৫</sup> এই পরিবেশেই হলিরামের বাংলা গদ্য রচনার শুরু। ফলে হলিরামের গদ্যে স্বাভাবিকভাবেই প্রভাব পড়েছে সেসময়কার পত্রপত্রিকাকেন্দ্রিক বাংলা গদ্যভাষার।

ফোর্ট উইলিয়াম কলেজের শিক্ষক রাজীবলোচন মুখোপাধ্যায় হলিরামের পূর্বেই লিখেছিলেন ‘মহারাজ কৃষ্ণচন্দ্র রায়স্য চরিত্রং’। এ-গ্রন্থের কিছু গদ্য নমুনা উল্লেখ করা যেতে পারে,

পরে মহারাজ কৃষ্ণচন্দ্র রায় অঙ্গ বঙ্গ কলিঙ্গ রাত  
গৌড় কাশী দ্রাবিড় উৎকল কাশ্মীর প্রভৃতি দেশস্থ

যাবদীয় পণ্ডিতেরদিগের প্রতি নিমন্ত্রণের লিপি পাঠাইলেন যজ্ঞের কাল উপস্থিত হইলেই সকল দেশীয় ধীরবর্গেরা আসিলেন রাজা অতিশয় ঘটাপূর্বক যজ্ঞ সম্পূর্ণ করিলেন এবং সকল লোককে যথেষ্ট ধন দিয়া পরিতোষ জন্মাইলেন রাজার সুখ্যাতির সীমা নাই যাবদীয় পণ্ডিতেরা রাজার নাম রাখিলেন অগ্নিহোনি বাজপেয়ী শ্রীমন্মহারাজরাজেন্দ্র কৃষ্ণচন্দ্র রায় এই নাম মহারাজ প্রাপ্ত হইয়া আনন্দার্ণবে মগ্ন হইলেন পশ্চাৎ যাবদ্দেশীয় পণ্ডিতেরদিগকে বহুবিধ ধন দিয়া বিদায় করিয়া মনের হর্ষে রাজ্য করেন রাজ্য শাসিত হইলে সর্বত্র সুখ্যাতি পাইলেন প্রজাসকলের যথেষ্ট আহ্লাদ কোনরূপে ব্যামোহ নাই এইরূপে কালক্ষেপণ করেন।<sup>১৬</sup>

‘মহারাজ কৃষ্ণচন্দ্ররায়স্য চরিত্রং’ লেখা হয়েছিল ১৮০৫ খ্রিস্টাব্দে। এরপর বাংলা গদ্যের নানা পরিবর্তন ঘটেছে। রামমোহন রায়ের বিভিন্ন রচনারাজি বাংলা গদ্যকে যুক্তির ভাষায় পরিণত করেছিল। পাশাপাশি সংবাদপত্রের প্রকাশও বাংলা গদ্য রচনাকে অনেকখানি স্পষ্ট এবং সহজ করে তুলেছিল। এই প্রেক্ষিত বা ‘স্কুলেই হলিরাম চেকিয়াল ফুকনের আবির্ভাব। তাই স্বভাবতই ফোর্ট উইলিয়াম কলেজের গদ্যরীতি নয়, তিনি অনুসরণ করেছিলেন সহজ-সরল বাংলা গদ্য। অগ্রজ ডিরোজিয়ান তারারচাঁদ চক্রবর্তীও (১৮০৪-১৮৫৫) এ-কথা স্বীকার করেছেন,

*I must conclude with observing, that all things considered, the work does credit to its author. The zeal he has manifested, the labour he has undergone and the pecuniary interest he has sacrificed in the publication of this book, surely entitle him to much praise.*<sup>১৭</sup>

অচেনা-অজানা বিষয়কে সুস্পষ্টরূপে প্রকাশ করাই ছিল তাঁর মুখ্য উদ্দিষ্ট। তাই তাঁর ভাষা হয়ে উঠেছে স্পষ্ট এবং সরল। দৃষ্টান্ত,

(ক) পরে তাঁহার জ্যেষ্ঠপুত্র ছুচ্ছেংফা রাজা হইলেন। তিনি বিক্রান্ত হইয়া ১৫৩৪ শকে রঘুদেব রাজার কন্যা মঙ্গলদে নাম্নীকে বিবাহ করেন। আরো তিনি রাজ্যশাসনের অনেক সুরীতি করিয়া বড় পাত্রের বংশ কাজলিতে বুঢ়াগোহাখিগর বংশ জাগিতে, এই দুইজন গোহাখিও নিয়োজন করেন।<sup>১৮</sup>

(খ) আসামে মনুষ্যের উপর রাজস্ব পূর্বে লাগিত স্থানবিশেষে

তিনজন স্থান বিশেষে চারিজন মনুষ্য এক গোট পাইক নামে গণিত হইত। আসাম রাজার বেতনগ্রাহী ভূতা ছিল না কেবল ঐ সকল পাইক লোক খাটিত তাহারদের খতিয়া অর্থাৎ গএর-হাজীর হইলে রাজা প্রতিগোট ৩ টাকা করিয়া বার্ষিক ধন গ্রহণ করিতেন কাটখতিয়া অর্থাৎ এতাবতা লোক না খাটাইয়া কেবল ধন লওয়া যাইবেক এমতপ্রকার রাখিয়া ধন লইতেন ফলতঃ যত মনুষ্যের আবশ্যিক হইত ততই খাটাইতেন অবশিষ্ট লোকের স্থানে ধন লইতেন, ই হার অনেক প্রকরণ আছে সে সকল লেখা গ্রন্থাবল্যাজনক।<sup>১৯</sup>

তিনি পাঠকের কাছে দুর্বোধ্য হয়ে থাকতে চাননি। সর্বদা তাঁর মনে ক্রিয়া করেছিল বিষয়কে সুবোধ্য বা সহজরূপে প্রকাশ করার ভাবনা। কিছু কিছু ক্ষেত্রে তিনি ব্যবহার করেছেন আহোম ও অসমিয়া শব্দ বা পরিভাষা। যেমন,

হোলঙ্গর অর্থাৎ প্রধান রাজগৃহ (প্রথম খণ্ড, পৃ. ২৪, পঙ্ক্তি নং ১১),

আইকুএরিদেও অর্থাৎ রাজারাগী (পূর্বোক্ত, পৃ. ২৯, পঙ্ক্তি নং ২৩),

